সশস্ত্র বাহিনী দিবস জার্নাল ২০১২

ARMED FORCES DAY JOURNAL 2012

With the Compliments of

Principal Staff Officer
Armed Forces Division

সশস্ত্র বাহিনী দিবস জার্নাল ২০১২

ARMED FORCES DAY JOURNAL 2012

... আজ লাখো শহীদের রক্তের বিনিময়ে বাংলাদেশ স্বাধীন সার্বভৌম রাষ্ট্র। ... তাদের জন্যই সম্ভব হয়েছে আমাদের নিজেদের মাটিতে সামরিক একাডেমি প্রতিষ্ঠা করা। আমি আশা করি ইন্‌শাআল্লাহ, এমন একদিন আসবে, যখন এই একাডেমি শুধু দক্ষিণ-পূর্ব এশিয়াই নয়, সারা দুনিয়াতে সম্মান অর্জন করবে।...

... এখন তোমাদের উপর আসছে দেশ ও জাতির প্রতি দায়িত্ব, জনগণের প্রতি দায়িত্ব, যে সমস্ত সৈনিকদের তোমরা আদেশ-উপদেশ দেবে, তাদের প্রতি দায়িত্ব এবং তোমাদের নিজেদের প্রতি দায়িত্ব। ... আজ আমি যা দেখলাম, তাতে আমি বিশ্বাস করি, পূর্ণ সুযোগ-সুবিধা পেলে আমাদের ছেলেরা যে কোন দেশের যে কোন সৈনিকের সাথে মোকাবিলা করতে পারবে।...

... বাংলাদেশের সৈনিক, তোমরা হবে আমাদের জনগণের বাহিনী, তোমরা শুধু পেশাদার বাহিনী নও, কেবল সামরিক বাহিনীও নও। দরকার হলে তোমাদের আপন হাতে উৎপাদন করে খেয়ে বাঁচতে হবে।...

... আজ আমি তোমাদের এই প্লাটফর্ম থেকে সামরিক বাহিনী, বেসামরিক বাহিনী, জনগণ সকলের কাছে আবেদন জানাবো, সবাই সংঘবদ্ধ হয়ে অভাব, অত্যাচার অবিচারের বিরুদ্ধে সংগ্রাম করুন।...

জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান

১৯৭৫ সালের ১১ জানুয়ারি কুমিল্লায় অবস্থিত তৎকালীন বাংলাদেশ মিলিটারি একাডেমি (বিএমএ)-তে প্রথম শিক্ষা সমাপনী অনুষ্ঠানে বিদায়ী ক্যাডেটদের উদ্দেশ্যে প্রদত্ত ভাষণ থেকে উদ্ধৃত।



بسم الله الرحمن الرحيم

রাষ্ট্রপতি

রাষ্ট্রপতি
গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ
ঢাকা।

০৭ অগ্রহায়ণ ১৪১৯
২১ নভেম্বর ২০১২

বাণী

'সশস্ত্র বাহিনী দিবস-২০১২' উপলক্ষে আমি সশস্ত্র বাহিনীর সকল সদস্যকে আন্তরিক শুভেচ্ছা ও অভিনন্দন জানাই।

জাতি হিসেবে আমাদের সর্বশ্রেষ্ঠ অর্জন স্বাধীনতা। বাঙালি জাতির অবিসংবাদিত নেতা জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান এই মহান স্বাধীনতার স্থপতি। দীর্ঘ দু'যুগ ধরে নানা আন্দোলন-সংগ্রামের মাধ্যমে বাঙালি জাতিকে স্বাধিকার আদায়ে তিনি উদ্বুদ্ধ করেন। ১৯৭১ সালের ৭ মার্চ ঐতিহাসিক রেসকোর্স ময়দানে তিনি বজ্রকণ্ঠে ঘোষণা করেন "এবারের সংগ্রাম স্বাধীনতার সংগ্রাম, এবারের সংগ্রাম মুক্তির সংগ্রাম"। অবশেষে ২৬ মার্চ ১৯৭১ তিনি স্বাধীনতার ঘোষণা দেন। শুরু হয় স্বাধীনতা যুদ্ধ। সশস্ত্র যুদ্ধ চলাকালে ১৯৭১ সালের ২১ নভেম্বর সেনা, নৌ ও বিমান বাহিনীর সদস্যগণ সম্মিলিতভাবে দখলদার বাহিনীর বিরুদ্ধে সমন্বিত আক্রমণ সূচনা করে। ফলে বিজয় ত্বরান্বিত হয়। ১৬ ডিসেম্বর আমরা চূড়ান্ত বিজয় অর্জন করি। তাই আমাদের জাতীয় জীবনে দিনটির গুরুত্ব অপরিসীম। স্বাধীনতাযুদ্ধে সশস্ত্র বাহিনীর সদস্যদের মহান আত্মত্যাগ ও বীরত্বগাথা জাতি গভীর শ্রদ্ধার সাথে স্মরণ করে।

স্বাধীনতা ও সার্বভৌমত্বের অতন্দ্র প্রহরী সশস্ত্র বাহিনীর সদস্যগণ জাতির গর্বিত সন্তান। নিয়মিত কার্যক্রমের পাশাপাশি তাঁরা প্রাকৃতিক দুর্যোগ মোকাবেলা ও জাতিগঠনমূলক কাজে অংশ নিয়ে দেশবাসীর আস্থা ও অকুণ্ঠ প্রশংসা অর্জনে সমর্থ হয়েছে। দেশের সীমানা পেরিয়ে আন্তর্জাতিক অঙ্গনেও আমাদের সশস্ত্র বাহিনীর ভূমিকা প্রশংসনীয়। জাতিসংঘ শান্তিরক্ষা মিশনে তাঁদের অবদান দেশে-বিদেশে প্রশংসিত হয়েছে এবং বিশ্ব দরবারে বাংলাদেশের ভাবমূর্তি উজ্জ্বলতর করেছে। শান্তিরক্ষা মিশনে দায়িত্ব পালনকালে যাঁরা শাহাদাত বরণ করেছেন আমি তাঁদের আত্মার মাগফিরাত কামনা করি।

একুশে নভেম্বর সশস্ত্র বাহিনীর একটি গৌরবময় দিন। এ দিবসটি সশস্ত্র বাহিনীর প্রতিটি সদস্যকে নিজেদের বীরত্ব ও ঐতিহ্য সমুন্নত রেখে সামনে এগিয়ে চলার অনুপ্রেরণা যোগায়। আমি আশা করি নেতৃত্বের প্রতি পরিপূর্ণ অনুগত ও শ্রদ্ধাশীল থেকে পেশাগত দক্ষতা ও দেশপ্রেমের সমন্বয় ঘটিয়ে সশস্ত্র বাহিনীর প্রতিটি সদস্য নিজ নিজ বাহিনীর অগ্রযাত্রা অব্যাহত রাখতে সদা তৎপর থাকবে। একটি সমৃদ্ধ বাংলাদেশ গড়াই আমাদের অঙ্গীকার। এ লক্ষ্যে বর্তমান সরকার 'ভিশন ২০২১' ঘোষণা করেছে। সশস্ত্র বাহিনীর সদস্যগণ তাঁদের পেশাগত দায়িত্ব পালনের পাশাপাশি এ লক্ষ্য বাস্তবায়নে আরও অবদান রাখবেন বলে আমার বিশ্বাস।

আমি 'সশস্ত্র বাহিনী দিবস'-এ সশস্ত্র বাহিনীর উত্তরোত্তর সমৃদ্ধিসহ তিন বাহিনীর সকল সদস্য ও তাঁদের পরিবারবর্গের সুখ, শান্তি ও কল্যাণ কামনা করি। সর্বশক্তিমান আল্লাহ্ আমাদের সহায় হোন।

খোদা হাফেজ, বাংলাদেশ চিরজীবী হোক।

মোঃ জিল্লুর রহমান
রাষ্ট্রপতি ও সশস্ত্র বাহিনীর সর্বাধিনায়ক



প্রধানমন্ত্রী
গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

০৭ অগ্রহায়ণ ১৪১৯
২১ নভেম্বর ২০১২

বাণী

সশস্ত্র বাহিনী দিবস ২০১২ উপলক্ষে আমি সেনা, নৌ ও বিমান বাহিনীর সকল সদস্যকে জানাই আন্তরিক শুভেচ্ছা ও অভিনন্দন।

গৌরবময় ঐতিহাসিক এই দিনে বাংলাদেশের স্বাধীনতা সংগ্রাম ও মুক্তিযুদ্ধের সকল বীর শহীদের প্রতি গভীর শ্রদ্ধাঞ্জলী নিবেদন করছি। শ্রদ্ধা জানাচ্ছি সশস্ত্র সকল শহীদের প্রতি যাঁরা দেশমাতৃকার জন্য জীবন উৎসর্গ করেছেন।

সর্বকালের সর্বশ্রেষ্ঠ বাঙালি, জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের আহ্বানে সাড়া দিয়ে সমগ্র বাঙালি জাতি ১৯৭১ সালে মুক্তিযুদ্ধে ঝাঁপিয়ে পড়েছিল। আওয়ামী লীগ সরকারের অধীনে পরিচালিত মুক্তিযুদ্ধ চলাকালে ১৯৭১ সালের ২১শে নভেম্বর দেশপ্রেমিক জনতা, মুক্তিবাহিনী, সশস্ত্র বাহিনী ও বিভিন্ন আধাসামরিক বাহিনীর সদস্যগণ সম্মিলিতভাবে দখলদার পাকিস্তানী বাহিনীর বিরুদ্ধে আক্রমণের সূচনা করেন। এর ফলশ্রুতিতে ১৬ই ডিসেম্বর হানাদার পাকিস্তানী বাহিনীকে পরাজিত করে চূড়ান্ত বিজয় অর্জিত হয়। মুক্তিযুদ্ধে বাঙালি জাতির অগ্রযাত্রা ও বিজয়ের স্মারক হিসেবে প্রতি বছর ২১শে নভেম্বর 'সশস্ত্র বাহিনী দিবস' পালন করা হয়।

জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান স্বাধীন বাংলাদেশে একটি আধুনিক সশস্ত্র বাহিনী গড়ে তোলার কাজ শুরু করেন। তাঁর হাতে গড়া সে বাহিনী আজ পেশাদারিত্ব ও দক্ষতার স্বাক্ষর রাখছেন তাঁদের সকল কর্মকাণ্ডে।

বর্তমান সরকার সশস্ত্র বাহিনীর আধুনিকায়নে সর্বাত্মকভাবে কাজ করে যাচ্ছে। পেশাগত দায়িত্ব পালনের পাশাপাশি সশস্ত্র বাহিনী দুর্যোগ মোকাবিলা, অবকাঠামো নির্মাণ, আর্তমানবতার সেবা, বেসরকারি প্রশাসনকে সহায়তা এবং বিভিন্ন জাতিগঠনমূলক কর্মকাণ্ডে অংশগ্রহণ করছে।

জাতিসংঘের শান্তিরক্ষা কার্যক্রমে নিষ্ঠার সঙ্গে দায়িত্ব পালন করে আমাদের সশস্ত্র বাহিনীর সদস্যগণ আন্তর্জাতিক পরিমণ্ডলে দেশের ভাবমূর্তি উজ্জ্বল করছেন।

আমি আশা করি, সশস্ত্র বাহিনীর প্রতিটি সদস্য দেশপ্রেম, পেশাদারিত্ব এবং উন্নত নৈতিকতার আদর্শে স্ব স্ব দায়িত্ব নিষ্ঠার সাথে পালন করে যাবেন।

আমি 'সশস্ত্র বাহিনী দিবস ২০১২' উপলক্ষে গৃহীত সকল কর্মসূচির সর্বাঙ্গীণ সাফল্য কামনা করছি।

জয় বাংলা, জয় বঙ্গবন্ধু
বাংলাদেশ চিরজীবী হোক।

শেখ হাসিনা

জাতীয় স্মৃতিসৌধ

بِسْمِ اللّٰهِ الرَّحْمٰنِ الرَّحِيْمِ

★ ★ ★ ★

সেনাবাহিনী প্রধান

সেনাবাহিনী সদর দপ্তর
ঢাকা সেনানিবাস

বাণী

একুশে নভেম্বর - মহান মুক্তিযুদ্ধের চেতনায় সমুজ্জ্বল বাংলাদেশ সশস্ত্র বাহিনী দিবস। এই দিবসটি সশস্ত্র বাহিনীর প্রত্যেকটি সদস্যের নিকট অত্যন্ত তাৎপর্যপূর্ণ ও স্মরণীয়। ১৯৭১ সালের এই দিনেই আত্মোৎসর্গের মহান ব্রত নিয়ে দেশমাতৃকাকে শত্রুমুক্ত করতে মুক্তিকামী আপামর জনতার কাঁধে কাঁধ মিলিয়ে সেনা, নৌ ও বিমান বাহিনীর অকুতোভয় বীর সেনানীরা পাকিস্তানি হানাদার বাহিনীর বিরুদ্ধে সম্মিলিতভাবে অপ্রতিরোধ্য আক্রমণের সূচনা করেছিল। ফলে ত্বরান্বিত হয়েছিল আমাদের কাঙ্ক্ষিত চূড়ান্ত বিজয় অর্জন। আত্মোৎসর্গের প্রত্যয়ে উজ্জীবিত আজকের এই মহতী দিনে আমি বাংলাদেশ সশস্ত্র বাহিনীর সকল সদস্যকে জানাচ্ছি আমার আন্তরিক অভিনন্দন ও প্রাণঢালা শুভেচ্ছা।

১৯৭১ সালের মহান মুক্তিযুদ্ধই আমাদের জাতীয় জীবনের সবচেয়ে গৌরবোজ্জ্বল অধ্যায়। হাজার বছরের শ্রেষ্ঠ বাঙালি জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের স্বাধীনতার ডাকে সাড়া দিয়ে জীবনের ঝুঁকি নিয়ে সামরিক বাহিনীর সদস্যবৃন্দ ও অসামরিক জনতা যেভাবে যুদ্ধের ময়দানে ঝাঁপিয়ে পড়েছিল বিশ্বের ইতিহাসে তার দৃষ্টান্ত বিরল। দীর্ঘ নয় মাসের রক্তক্ষয়ী সশস্ত্র যুদ্ধ, সীমাহীন ত্যাগ-তিতিক্ষা ও লাখো শহীদের আত্মোৎসর্গের বিনিময়ে অর্জিত হয়েছিল আমাদের স্বাধীনতা। প্রতি বছর সশস্ত্র বাহিনী দিবস আমাদেরকে স্বাধীনতা অর্জনের সেই মহান ত্যাগ-তিতিক্ষা ও আত্মোৎসর্গের কথাই স্মরণ করিয়ে দেয়। আজকের এই দিনে আমি স্বাধীনতার জন্য আত্মদানকারী সকল শহীদের বিদেহী আত্মা এবং তাঁদের পরিবারবর্গের প্রতি জানাচ্ছি গভীর শ্রদ্ধা।

শুধু স্বাধীনতা অর্জনেই নয় দেশপ্রেমে উদ্বুদ্ধ বাংলাদেশ সেনাবাহিনীর প্রত্যেকটি সদস্য আজ দেশগঠনেও সদা প্রস্তুত। প্রিয় মাতৃভূমির স্বাধীনতা ও সার্বভৌমত্ব রক্ষার সাংবিধানিক দায়িত্ব পালনের পাশাপাশি বাংলাদেশ সেনাবাহিনী দেশের বিভিন্ন প্রয়োজনে সাড়া দিয়ে জনগণের সাথে একাত্ম হয়ে নিরলস পরিশ্রমের মাধ্যমে সর্বমহলের ভূয়সী প্রশংসা অর্জন করে চলেছে। দেশের সীমা ছাড়িয়ে বিশ্বশান্তি প্রতিষ্ঠায় আন্তর্জাতিক পরিমন্ডলেও আমাদের সেনাবাহিনী দেশের জন্য প্রভূত সম্মান বয়ে এনেছে। তাঁদের অকৃত্রিম দেশপ্রেম, অদম্য কর্মস্পৃহা, উন্নত পেশাগত দক্ষতা ও সামরিক শৃঙ্খলাবোধের জন্যই এই সম্মান অর্জন সম্ভব হচ্ছে। অতীতের ন্যায় ভবিষ্যতেও বাংলাদেশ সেনাবাহিনী তাঁদের এই অর্জনকে প্রত্যয়দীপ্ত ও অম্লান রেখে দৃপ্ত পদভারে সামনের দিকে এগিয়ে যাবে বলে আমার দৃঢ় বিশ্বাস। সশস্ত্র বাহিনী দিবসের মহান চেতনা সকলের মাঝে জাগরূক থাকুক এই কামনা করি।

সশস্ত্র বাহিনী দিবস উপলক্ষে আমাদের সশস্ত্র বাহিনী বিভাগ একটি জার্নাল প্রকাশ করছে জেনে আমি অত্যন্ত আনন্দিত। আমি এই উদ্যোগকে স্বাগত জানাই এবং এই প্রকাশনার সাথে প্রত্যক্ষ ও পরোক্ষভাবে সংশ্লিষ্ট সকলকে জানাই আমার আন্তরিক শুভেচ্ছা ও অভিনন্দন। আমার বিশ্বাস, আমাদের নতুন প্রজন্মকে সংহতির চেতনায় উজ্জীবিত করতে এই প্রকাশনা বিশেষ ভূমিকা রাখবে। আমি বাংলাদেশ সশস্ত্র বাহিনীর উত্তরোত্তর উন্নতি, সমৃদ্ধি ও সর্বাঙ্গীণ সাফল্য কামনা করছি। সর্বশক্তিমান আল্লাহ্‌তায়ালা আমাদের সহায় হউন। আমিন।

ইকবাল করিম ভূইয়া
জেনারেল
সেনাবাহিনী প্রধান

بِسْمِ اللّٰهِ الرَّحْمٰنِ الرَّحِيْمِ

★ ★ ★
নৌবাহিনী প্রধান

নৌবাহিনী সদর দপ্তর
বনানী, ঢাকা-১২১৩

বাণী

বাংলার গৌরবোজ্জ্বল ইতিহাসে মহান একুশে নভেম্বর একটি তাৎপর্যপূর্ণ ও সামরিক গুরুত্ববহ দিন। ৭১ এর রণাঙ্গনে এ দিন সর্বস্তরের জনতার সাথে সশস্ত্র বাহিনীর প্রতিটি সদস্য একাত্ম হয়ে পরিকল্পিত এবং সম্মিলিত আক্রমণ রচনা করে। ফলে বাঙালির বিক্রমের কাছে পরাভূত হয় হানাদার পাকবাহিনী; লক্ষ কোটি প্রাণের কাঙ্খিত বিজয় চলে আসে হাতের মুঠোয়। মুক্তিযুদ্ধের মহান স্থপতি ও হাজার বছরের শ্রেষ্ঠ বাঙালি জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের সময়োপযোগী দিকনির্দেশনা এবং মুক্তিকামী জনতার সাথে সশস্ত্র বাহিনীর কৌশলী আক্রমণে নিশ্চিত হয় ১৬ই ডিসেম্বরের চূড়ান্ত বিজয়; বিশ্ব মানচিত্রের বুকে রচিত হয় বাঙালি জাতির গৌরবগাথা।

সশস্ত্র বাহিনী দিবসের এই মাহেন্দ্রক্ষণে আমি শ্রদ্ধাভরে স্মরণ করি দেশের জন্য আত্মোৎসর্গকারী সকল বীর শহীদদের, যাঁদের ত্যাগ ও আত্মবিসর্জনের ফলে বিশ্বের দরবারে একটি সম্মানজনক অবস্থানে অধিষ্ঠিত হয়েছে আমাদের প্রিয় বাংলাদেশ এবং যাঁদের আত্মদান প্রতিনিয়ত অনুপ্রাণিত করছে সশস্ত্র বাহিনীর প্রতিটি সদস্যকে। ফলে শান্তিতে ও সংগ্রামে সর্বদাই তাঁরা নিবেদিত প্রাণ দেশের তরে। জাতির ক্রান্তিকাল ও দুর্যোগ মোকাবিলায় এবং বিশ্বশান্তি রক্ষায় সশস্ত্র বাহিনীর ভূমিকা তাই সর্বমহলে স্বীকৃত ও প্রশংসিত। অতীতের সফল ধারাবাহিকতায় বাংলাদেশ সশস্ত্র বাহিনী ভবিষ্যতেও জাতির যে কোন প্রয়োজনে এবং বিশ্বশান্তি রক্ষায় গুরুত্বপূর্ণ ভূমিকা পালন করবে বলে আমি আশাবাদী।

এ মহান দিনে 'সশস্ত্র বাহিনী দিবস জার্নাল ২০১২' প্রকাশিত হচ্ছে জেনে আমি অত্যন্ত আনন্দিত। তথ্যবহুল এবং বিশ্লেষণধর্মী এই জার্নাল প্রকাশের সাথে প্রত্যক্ষ এবং পরোক্ষভাবে সংশ্লিষ্ট সকলের প্রতি রইল আমার আন্তরিক অভিনন্দন। আমাদের এ যৌথ প্রয়াস নিশ্চয়ই দেশ ও সশস্ত্র বাহিনীকে আরও এগিয়ে নিয়ে যাবে। সবশেষে, সশস্ত্র বাহিনীর সকল সদস্য এবং তাদের পরিবারবর্গের জন্য রইল আমার শুভ কামনা এবং সুন্দর ভবিষ্যতের প্রত্যাশা।

জহির উদ্দিন আহমেদ
ভাইস এডমিরাল
নৌবাহিনী প্রধান

بسم الله الرحمن الرحيم

বিমান বাহিনী প্রধান

বিমান বাহিনী সদর দপ্তর
ঢাকা সেনানিবাস

বাণী

আত্মোৎসর্গ ও দেশপ্রেমের কালজয়ী বিজয়গাথায় সমুজ্জ্বল আমাদের মহান মুক্তিযুদ্ধের গৌরবময় ইতিহাসে ২১শে নভেম্বর তথা 'সশস্ত্র বাহিনী দিবস' বিশেষ তাৎপর্যমণ্ডিত ও অবিস্মরণীয় একটি দিন। হাজার বছরের শ্রেষ্ঠ বাঙালি জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের দূরদর্শী ও বলিষ্ঠ আহ্বানে সাড়া দিয়ে একটি স্বাধীন ও সার্বভৌম ভূখণ্ডের জন্য ১৯৭১ সালে মহান স্বাধীনতা যুদ্ধে বাংলার আপামর জনসাধারণ ঝাঁপিয়ে পড়ে। এই দেশের সশস্ত্র বাহিনীর সদস্যরাও এর ব্যতিক্রম ছিলেন না । এই সময়ে চূড়ান্ত বিজয় অর্জনের লক্ষ্যে মুক্তিযুদ্ধের পর্যায়গুলোকে আরও সমন্বিত ও কার্যকরী করে ১৯৭১ সালের ২১শে নভেম্বর আমাদের সেনা, নৌ ও বিমান বাহিনীর অকুতোভয় বীর সেনানীরা মুক্তিযোদ্ধাদের সাথে সমন্বিত প্রতিরোধ গড়ে তোলেন। তাঁরা বিভিন্ন পর্যায়ে সুশৃঙ্খল ও কার্যকর নেতৃত্ব প্রদান করে মুক্তিযুদ্ধকে বেগবান করেন; ফলে ত্বরান্বিত হয় আমাদের লালিত স্বপ্নের বাস্তবায়ন, অর্জিত হয় মহান স্বাধীনতা। বাংলার মাটি থেকে সর্বশেষ পাকিস্তানি সৈন্যটিকে উৎখাত করতে এবং চূড়ান্ত বিজয় অর্জন না হওয়া পর্যন্ত সশস্ত্র বাহিনীর অদম্য সেনানীরা সম্মিলিত এই আক্রমণ অব্যাহত রাখে। বাংলার বীর সেনানীদের আত্মত্যাগে চির অম্লান একুশে নভেম্বর তাই প্রতিটি স্বাধীনতাকামী মানুষের জন্য এক গৌরবময় ও মহিমান্বিত দিন।

আত্মত্যাগ ও আত্মবিকাশের চেতনায় উদ্বুদ্ধ মহান মুক্তিযুদ্ধ আমাদের জাতীয় জীবনে এক অবিস্মরণীয় অধ্যায়। আর ত্যাগের অনির্বাণ শিখায় উদ্ভাসিত আজকের এই মহতী দিনে আমি শ্রদ্ধাবনত চিত্তে স্মরণ করছি তাঁদেরকে, যাঁদের আত্মদানে অর্জিত হয়েছে প্রাণপ্রিয় স্বাধীনতা। মহান স্বাধীনতা সংগ্রামে সশস্ত্র বাহিনীর সদস্যগণ যে প্রত্যয় আর বীরত্বের ইতিহাস রচনা করে গিয়েছেন–তা যুগ যুগ ধরে তাঁদের উত্তরসূরীদের দেশমাতৃকার যে কোন ক্রান্তিলগ্নে নিজেকে বিলিয়ে দিতে অনুপ্রাণিত করবে । আজকের এই সশস্ত্র বাহিনী দিবসে আমি মহান মুক্তিযুদ্ধের শহীদ বীর সেনাদের বিদেহী আত্মার মাগফিরাত কামনা করছি।

প্রতিবারের মত এবারও জাতীয় জীবনের এই গুরুত্বপূর্ণ দিবসটি উদযাপনের প্রাক্কালে সশস্ত্র বাহিনী বিভাগের উদ্যোগে একটি সমৃদ্ধ জার্নাল প্রকাশের সৃজনশীল প্রচেষ্টাকে আমি স্বাগত জানাই এবং প্রকাশনার সাথে সংশ্লিষ্ট সকলকে জানাই আমার আন্তরিক অভিনন্দন। পরিশেষে, স্বাধীনতা ও দেশের সার্বভৌমত্ব রক্ষায় নিজেদের অকাতরে উৎসর্গ করব– আজকের এই মহান দিবসে এই হোক আমাদের দৃপ্ত অঙ্গীকার। মহান আল্লাহ রাব্বুল আলামীন আমাদের সহায় হোন।

মোহাম্মদ ইনামুল বারী
এয়ার মার্শাল
বিমান বাহিনী প্রধান

بسم الله الرحمن الرحيم

সশস্ত্র বাহিনী বিভাগ
ঢাকা সেনানিবাস

মুখবন্ধ

সশস্ত্র বাহিনী দিবসের এই মহতী দিনে জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান সহ মহান স্বাধীনতা যুদ্ধের সকল শহীদ এবং বীর মুক্তিযোদ্ধাদেরকে পরম শ্রদ্ধার সাথে স্মরণ করছি। স্বাধীনতা সংগ্রামে তাঁদের আত্মত্যাগ এবং অবদান বাংলাদেশের অস্তিত্বের সাথে অবিচ্ছেদ্যভাবে সম্পর্কযুক্ত যা কখনো বিস্মৃত হবার নয়। তাঁদের মহান অবদানের জন্যই আজ আমরা বিশ্বের বুকে মাথা উঁচু করে নির্ভীকচিত্তে দাঁড়াতে সক্ষম হয়েছি।

১৯৭১ সালে জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের উদাত্ত আহ্বানে সাড়া দিয়ে বাংলাদেশ সশস্ত্র বাহিনীর সদস্যরা সমন্বিতভাবে দেশের আপামর জনগণের সাথে হানাদার বাহিনীর বিরুদ্ধে মুক্তিযুদ্ধে অংশগ্রহণ করেছিলেন। সেনা, নৌ ও বিমান বাহিনী সহ সর্বস্তরের মুক্তিযোদ্ধাগণ এ দিনে একাত্ম হয়ে দখলদার বাহিনীর বিরুদ্ধে সম্মিলিত আক্রমণ সূচনার মাধ্যমে বেগবান করে বিজয়ের ধারা; ত্বরান্বিত করে আমাদের চূড়ান্ত বিজয়। বস্তুত, মহান স্বাধীনতা যুদ্ধের মাঝেই আত্মপ্রকাশ ঘটেছিল বাংলাদেশ সশস্ত্র বাহিনীর। আর তাই মহান স্বাধীনতা যুদ্ধের চেতনাকে বুকে ধারণ করে সশস্ত্র বাহিনীর নবপ্রজন্মের সকল সদস্যের কাছে এই মহতী দিবসটি দেশরক্ষায় আত্মোৎসর্গের জন্য নতুন করে দৃপ্ত শপথ গ্রহণের দিন।

একবিংশ শতাব্দীর চ্যালেঞ্জ মোকাবেলায় বিশ্বের সাথে তাল মিলিয়ে কার্যকর ও পেশাদার সশস্ত্র বাহিনী প্রতিষ্ঠার জন্য বর্তমান সরকার যুগোপযোগী কার্যক্রম গ্রহণ করে চলেছে। স্বাধীনতা ও সার্বভৌমত্ব রক্ষার মহান দায়িত্ব পালনের পাশাপাশি দেশের উন্নয়নমূলক কর্মকান্ডে বঙ্গবন্ধুর আদর্শে দীক্ষিত সশস্ত্র বাহিনীর সকল সদস্য উল্লেখযোগ্য অবদান রেখে যাচ্ছেন। পৃথিবীর অন্যান্য দেশের সশস্ত্র বাহিনীর সাথে সম্মিলিত অনুশীলনে এবং জাতিসংঘের উদ্যোগে আন্তর্জাতিক শান্তিরক্ষায় পেশাদারিত্বের পরিচয় দিয়ে আমাদের বীর সেনানীরা বিশ্ব পরিমন্ডলে ভূয়সী প্রশংসা অর্জন করেছেন। দুর্যোগ ব্যবস্থাপনা, আর্তমানবতার সেবা এবং দেশের স্বার্থে জরুরী প্রয়োজনে সশস্ত্র বাহিনী আজ সদাপ্রস্তুত।

মহান সশস্ত্র বাহিনী দিবস উপলক্ষে অন্যান্য বছরের ন্যায় এবারও সশস্ত্র বাহিনীর একটি জার্নাল প্রকাশিত হল। জার্নালে মহামান্য রাষ্ট্রপতি, মাননীয় প্রধানমন্ত্রী এবং বাহিনীত্রয়ের প্রধানগণ তাঁদের মূল্যবান বাণী প্রদান করে সশস্ত্র বাহিনীর সদস্যদের অনুপ্রাণিত করেছেন। আমি তাঁদের প্রতি সশ্রদ্ধ কৃতজ্ঞতা জানাই। সশস্ত্র বাহিনীর সদস্যদের লেখাসম্বলিত এ প্রকাশনাটি পাঠক মহলে সমাদৃত হলেই আমাদের পরিশ্রম সার্থক হবে। লেখকগণ সহ সৃজনশীল এ প্রকাশনার সাথে সম্পৃক্ত সকলকে আমার আন্তরিক ধন্যবাদ ও অভিনন্দন জানাচ্ছি।

আবদুল ওয়াদুদ
লেফটেন্যান্ট জেনারেল
প্রিন্সিপাল স্টাফ অফিসার

দেশমাতৃকার অমর সন্তান আমরা তোমাদের ভুলব না

সিপাহী মোস্তফা কামাল
বীরশ্রেষ্ঠ

ক্যাপ্টেন মহিউদ্দীন জাহাঙ্গীর
বীরশ্রেষ্ঠ

সিপাহী হামিদুর রহমান
বীরশ্রেষ্ঠ



মোঃ রুহুল আমিন, ইআরএ-১
বীরশ্রেষ্ঠ

ফ্লাইট লেফটেন্যান্ট মতিউর রহমান
বীরশ্রেষ্ঠ

ল্যান্স নায়েক নূর মোহাম্মদ শেখ
বীরশ্রেষ্ঠ

ল্যান্স নায়েক মুন্সী আব্দুর রউফ
বীরশ্রেষ্ঠ



সশস্ত্র বাহিনী বিভাগ

সম্পাদকবৃন্দ

কমডোর এম খালেদ ইকবাল, (এনডি), পিএসসি, বিএন
প্রধান সম্পাদক

উইং কমান্ডার মাখলুকার রহমান খান, পিএসসি
সম্পাদক

উইং কমান্ডার মুনছুর আহমেদ
সম্পাদক

স্কোঃ লিঃ আতাহারুল কবীর
সম্পাদক

মেজর মোঃ মনিরুজ্জামান খান
সহযোগী সম্পাদক

মেজর দিলীপ কুমার রায়
সহযোগী সম্পাদক

সম্পাদকবৃন্দ

ইঃ লেঃ কমান্ডার আবু হেনা মোহাম্মদ মশিয়ুর রহমান
সহযোগী সম্পাদক

মেজর মোঃ কবির উদ্দিন সিকদার
সহযোগী সম্পাদক

মেজর মোহাম্মদ আসাদুজ্জামান, পিএসসি
সহযোগী সম্পাদক

মেজর ফয়সাল হাসান খান
সহযোগী সম্পাদক

ইঃ লেঃ মাহবুব আহমদ শাহজালাল
সহযোগী সম্পাদক

EDITORIAL

The 21st November, a glorious day of remembrance for the War of Independence of Bangladesh. On this day the members of the Armed Forces pay the highest tribute to the nation and take a renewed pledge for safeguarding the independence and sovereignty of our homeland. The Armed Forces Day specially marks an enduring bond of inter-service solidarity and unity. The spirit of the day gives us a deep sense of pride and honour and is ever imprinted in the mind of every member of our Armed Forces. The day revives the treasured memories of our Liberation War, specially the moments of glory of our predecessors and supreme sacrifice made by the bravest heroes of our motherland.

The Day preserves immense significance in the history of our Liberation War. On this historic day in 1971, the patriotic members of Bangladesh Army, Navy and Air Force along with the freedom fighters from all walks of life launched an all out offensive on the occupation forces. The decisive attacks from all sectors compelled the enemy to unconditional surrender resulting into the glorious victory of Bangladesh. On this day, the nation along with the members of the Armed Forces solemnly pay homage to the martyrs of our Liberation War and express heartfelt gratitude to all the heroic freedom fighters and their family members.

In the series of commemorative events organized by the members of our Armed Forces, a tributary Journal is traditionally published under the supervision of the Armed Forces Division. It is indeed encouraging to note that the contributors of articles could spare valuable time for intellectual pursuit and present some quality papers on the ideals of our great Liberation War and other contemporary issues of military and strategic interests.

I am deeply indebted to the Principal Staff Officer, Armed Forces Division, whose vision, guidance and overall patronage were indispensable for the preparation of this Journal. He consistently encouraged us to review our ideas, refine our thought process and publish it as per plan. I would like to express my sincerest appreciation to all members of the Editorial Committee for their meaningful contribution. We are thankful to Bangladesh Air Force for accomplishing the exhaustive task of publishing the Journal. We hope and believe that the esteemed readers would sympathetically consider our shortcomings if any.

Finally we pray to the Almighty for the salvation of the departed souls of the martyrs of our War of Independence. Let our hearts and minds be always guided by the spirit of our great Liberation War and the sacrifices made by the entire nation to achieve our coveted independence.

May Allah bless us all.

Chief Editor

শিখা অনির্বাণ

সূচি

পৃষ্ঠা

১। **স্বাধীনতা সংগ্রামে চূড়ান্ত বিজয় ঃ একটি সরল বিশ্লেষণ** ০১
মেজর কাজী নাদির হোসেন, পিএসসি, জি+, আর্টিলারি

২। **বাংলাদেশের জলসীমায় শান্তি-শৃংখলা পরিস্থিতি নিয়ন্ত্রণ** ০৫
রিয়ার এডমিরাল কাজী সারোয়ার হোসেন, (ট্যাজ), (সিডি), এনসিসি, পিএসসি, বিএন

৩। **বঙ্গবন্ধু এ্যারোনটিক্যাল সেন্টার ঃ স্বনির্ভরতার পথে বাংলাদেশ বিমান বাহিনী** ১১
গ্রুপ ক্যাপ্টেন এম কামরুল এহ্সান, এনডিসি, পিএসসি

৪। **স্বাধীনতা যুদ্ধের চেতনায় নবপ্রজন্ম** ১৪
ক্যাপ্টেন খান সজিবুল ইসলাম, আর্টিলারি

৫। **ভবিষ্যৎ বিশ্ব ও জাতীয় নিরাপত্তা** ১৯
কমডোর খন্দকার তৌফিকুজ্জামান, (সি), এনডিসি, পিএসসি, বিএন

৬। **সেনাবাহিনীর সমসাময়িক উন্নয়ন ও দেশগঠনে এর ভূমিকা** ২২
মেজর দিলীপ কুমার রায়, এইসি

৭। **বঙ্গোপসাগর ও আমাদের বাংলাদেশ** ২৬
ক্যাপ্টেন এম মাহবুব-উল ইসলাম, (এন), পিএসসি, বিএন

৮। **বিশ্ব শান্তি প্রতিষ্ঠায় আত্মত্যাগ ঃ একটি স্মৃতিময় অভিজ্ঞতা** ৩৫
স্কোয়াড্রন লিডার মোঃ শাহজালাল, জিডি(পি)

Contents

		Page
1.	**HISTORIC MARCH 1971 AND INITIAL RESISTANCE AGAINST OCCUPATION FORCES** *Brigadier General Md Sarwar Hossain, hdmc, psc*	**38**
2.	**THE BLACK SWAN IN MILITARY THEORY** *Air Vice Marshal Mahmud Hussain, ndc, psc*	**48**
3.	**INFLUENCE OF HUMAN NATURE ON INFORMATION WARFARE** *Captain Mohammad Ziauddin Alamgir, (L), psc, BN*	**54**
4.	**GRAND STRATEGY FOR A SMALL COUNTRY** *Group Captain Md Shafiqul Alam, psc*	**61**
5.	**SHAPING JUNIOR LEADERS IN ARMED FORCES: A PRAGMATIC APPROACH** *Lieutenant Colonel A K M Maksudul Haque, psc, Signals*	**66**
6.	**MARITIME DOMAIN : IMPERATIVES AND STRATEGY FOR BANGLADESH** *Captain Mir Ershad Ali, (G), psc, BN*	**73**
7.	**BANGLADESH NATIONAL AIR DEFENCE : AT NEW CROSSROADS** *Group Captain Qazi Mazharul Karim, psc*	**79**
8.	**DESIGN AND DEVELOPMENT OF SUBMARINE : SUITABLE OPTIONS FOR BANGLADESH NAVY** *Commander Khandakar Akhter Hossain, (E), psc, BN*	**86**
9.	**CAPACITY BUILDING ACTIVITIES OF BANGLADESH CONTINGENTS IN LIBERIA** *Major Md Moksed Ali, AEC*	**93**

স্বাধীনতা সংগ্রামে চূড়ান্ত বিজয় - একটি সরল বিশ্লেষণ

মেজর কাজী নাদির হোসেন, পিএসসি, জি+, আর্টিলারি

ভূমিকা

বাঙালির হাজার বছরের ইতিহাসের শ্রেষ্ঠ ঘটনা বা শ্রেষ্ঠ অর্জন ১৯৭১ সালের স্বাধীনতা। বাংলাদেশের ভূখণ্ড সামগ্রিকভাবে রাজা শশাঙ্কের রাজত্বকাল ব্যতিত কখনোই সত্যিকার অর্থে স্বাধীন ছিল না। হাজার বছর ধরে এই জনপদ কখনো ভিনদেশী শাসক দ্বারা নিষ্পেষিত হয়েছে, কখনো বা ভিন্ন জাতিসত্ত্বার শাসক দ্বারা পরিচালিত হয়েছে। এমনকি বাংলার শেষ নবাব, পলাশির প্রান্তরে ইংরেজদের কাছে যার পরাজয়ে বাংলার সূর্য অস্তমিত হয় বলে আমরা বিশ্বাস করি, তিনিও তো সত্যিকার অর্থে বাঙালি ছিলেন না। যদিও, তিনি ও তার পূর্ব পুরুষগণ সুশাসক হিসেবে বাস্তবিক অর্থে এই জনপদের একজন হয়ে গিয়েছিলেন। সে হিসেবে, সত্যিকারভাবে বাঙালি তার স্বাধীনতা অর্জন করে ১৯৭১ সালের মুক্তিযুদ্ধের মাধ্যমে। যে কারণে, অতি সঙ্গতভাবেই আমরা আমাদের মুক্তিযোদ্ধাদের বলি ইতিহাসের সূর্য সন্তান, সর্বকালের শ্রেষ্ঠ বাঙালি।

আমাদের মুক্তিযুদ্ধে দেশের সাড়ে সাত কোটি মানুষের অধিকাংশই হয়তো সরাসরি যোগ দিয়েছেন, কিংবা নেপথ্যে থেকে সাহায্য করেছেন। যারা এর কোনটাই পারেন নাই, তারা মুক্তিযোদ্ধাদের জন্য শুভ কামনা করেছেন এবং পাকিস্তানি হানাদারদের প্রতি পদে পদে পরাজয় চেয়েছেন। সে অর্থে দেশের প্রতিটি মানুষই এক একজন মুক্তিযোদ্ধা। এই মুক্তিযোদ্ধাদের সম্মিলিত প্রচেষ্টার ফসলই আমাদের স্বাধীনতা। বাংলাদেশে ঐ সময়ে একটি ক্ষুদ্র বিশ্বাসঘাতক দেশদ্রোহী দল বা গোষ্ঠী ছিল বটে তবে তাদের সংখ্যা সাকুল্যে দেশের তৎকালিন জনসংখ্যার ০.১ ভাগও হবে না। অর্থাৎ আমাদের মুক্তিযুদ্ধ ছিল অন্যায় ও শোষণের বিরুদ্ধে এক সত্যিকারের গণজাগরণ, গণবিদ্রোহ আর গণমানুষের সংগ্রাম। ইতিহাসে এর তুলনা বিরল। ভাষার জন্য বুকের রক্ত ঝরানোর ঘটনা যেমন এই জাতিকে করেছে ইতিহাসে অদ্বিতীয়, তেমনি মুক্তিযুদ্ধে ৩০ লক্ষ বাঙালির জীবনদান এই জাতিকে করেছে অনন্য সাধারণ। অনেকে বলার চেষ্টা করেন যে, ভারতের প্রত্যক্ষ সহযোগিতা ছাড়া আমরা কখনোই স্বাধীন হতে পারতাম না। এই কথাটি একদমই ঠিক নয়। সুদীর্ঘকাল ধরে চলা বাঙালির স্বাধীনতার সংগ্রাম বাঙালিই করেছে, অন্য কেউ নয়। এটা ঠিক যে, মুক্তিযুদ্ধের সম্পূর্ণ সময় জুড়ে ভারতের পরোক্ষ সহযোগিতা কিংবা যুদ্ধের শেষভাগে তাদের প্রত্যক্ষ ভূমিকা আমাদের বিজয়কে ত্বরান্বিত করেছে। এই লেখায় অত্যন্ত সরল বিশ্লেষণের মাধ্যমে এটাই বলার চেষ্টা করা হয়েছে যে, বাংলার স্বাধীনতা যুদ্ধে চূড়ান্ত বিজয় অর্জন বাঙালির একক প্রচেষ্টাতেই সম্ভবপর হয়েছে।

জনতার যুদ্ধের ঐতিহাসিক প্রেক্ষাপট

১৯৭১ সালের মার্চ মাসেই বাংলাদেশের ছাত্র, জনতা, কৃষক, শ্রমিক সকলেই বুঝে গিয়েছিল যে, পাকিস্তানিরা সহজে বাঙালিদের নিকট ক্ষমতা হস্তান্তর করবে না এবং কোনদিনই বাঙালিদেরকে তাদের প্রাপ্য অধিকার বা সুবিধা বুঝিয়ে দেবে না। বাঙালি তাই একরকম সংগ্রামের মানসিক প্রস্তুতি ১৯৭১ সালের ফেব্রুয়ারি-মার্চেই নিয়ে নিয়েছিল। তাদের অপেক্ষা ছিল শুধুমাত্র একটি আহ্বান, ঘোষণা কিংবা স্ফুলিঙ্গের; আর তা এসেছিল বঙ্গবন্ধুর ৭ই মার্চের ভাষণ এবং ২৬ মার্চের স্বাধীনতার ঘোষণার মধ্য দিয়ে। যার ফলে সম্মিলিত ভাবে গর্জে উঠেছিল সারা জাতি। সমগ্র জনতা যখনই এমনভাবে একাত্ম হয়ে মুক্তি চায় তখনই তাদেরকে কেউ রোধ করতে পারে না, তা সম্ভবও নয়। এর প্রমাণ ইতিহাসে রয়েছে। ফরাসি বিপ্লব, রুশ বিপ্লব, মাও বিপ্লব যেমন শোষকের বিরুদ্ধে শোষিতের বিজয়ের প্রমাণ, তেমনি সাম্রাজ্যবাদের বিরুদ্ধে দুর্বলের জয়ের প্রমাণ বহন করে যুক্তরাষ্ট্রের ভিয়েতনাম যুদ্ধ, রাশিয়া-আফগান মুজাহিদ যুদ্ধ কিংবা হালের ইসরাইল-হিজবুল্লাহ যুদ্ধ। তাই একথা নির্দ্বিধায় বলা যায় যে, বাঙালি জাতির এই গণযুদ্ধের অবশ্যম্ভাবী পরিণতি ছিল একটাই, তা হলো চূড়ান্ত বিজয়। এতে অন্যের সাহায্য অনুঘটকের ভূমিকা পালন করেছে বটে, তবে একমাত্র কিংবা সর্বপ্রধান ভূমিকা নয়।

মুক্তিবাহিনীর ধারাবাহিক শক্তি অর্জন

নিরস্ত্র বাঙালি জাতি ১৯৭১ সালের মার্চ মাসে সম্পূর্ণ অপ্রস্তুত অবস্থায় পাকিস্তানি বাহিনীর মোকাবেলায় অবতীর্ণ হয়। তাই শুরুর দিকে মুক্তিযোদ্ধাদের সফলতার হার ছিল অত্যন্ত কম। একদিকে মুক্তিযোদ্ধারা ছিল অস্ত্রশস্ত্রহীন, অন্যদিকে তাদের ছিল না কোন

প্রাতিষ্ঠানিক প্রশিক্ষণ। তবে যতোই সময় যেতে লাগলো ততোই মুক্তিযোদ্ধারা সংগঠিত হলো। এপ্রিল মাসে প্রবাসী বাংলাদেশ সরকার গঠনের পর সমগ্র বাংলাদেশকে ১০টি স্থলভিত্তিক সেক্টরে ভাগ করার মধ্য দিয়ে মুক্তিযুদ্ধ প্রথম সাংগঠনিক ও অভিযানিক কাঠামো লাভ করে। ১৯৭১ সালের জুলাই মাসে সেক্টরসমূহের পাশাপাশি সেনাবাহিনীর প্রচলিত রূপরেখার আদলে মুক্তিবাহিনীর ১ম ব্রিগেড সংগঠিত হয়। এরই ধারাবাহিকতায় পরবর্তীতে সেপ্টেম্বরের মধ্যে আরো দু'টি ব্রিগেড গঠন করা হয়। একদিকে মুক্তিবাহিনী, মুজিব বাহিনী, কাদেরিয়া বাহিনী, গণবাহিনীর গেরিলা যুদ্ধ, সেক্টরসমূহের ছোট আকারে তুড়িৎ আক্রমণ পরিচালনা ও অন্যদিকে মুক্তিবাহিনী ব্রিগেডসমূহের প্রচলিত যুদ্ধের আদলে আক্রমণ পরিচালনা অক্টোবর ১৯৭১ এর মধ্যে বাংলাদেশের অভ্যন্তরে পাকিস্তানি বাহিনীর আধিপত্য অনেকাংশে ক্ষুণ্ন করে। পরবর্তীতে, বাংলাদেশ নৌবাহিনী সংগঠিতকরণ এবং 'অপারেশন জ্যাকপটে'র মতো নিখুঁত, ব্যাপক এবং সফল অভিযান পরিচালনা করা মুক্তিবাহিনীর ক্রমবর্ধমান শক্তি বৃদ্ধির প্রমাণ বহন করে। তাই এ কথা নির্দ্বিধায় বলা যায় যে, বাংলার মুক্তিবাহিনী যে গতিতে শক্তি সঞ্চার করছিল তাতে তাদের বিজয় ছিল অবশ্যম্ভাবী।

মুক্তিবাহিনীর ক্রমবর্ধমান সংখ্যা

১৯৭১ এর প্রতি মুহূর্তেই বাংলাদেশের ঘরে ঘরে জন্ম নিচ্ছিল মুক্তিযোদ্ধার দল। পাকিস্তানি হানাদার বাহিনী সাধারণ নিরস্ত্র মানুষের উপর যতই তাদের অত্যাচার ও নিষ্পেষণের মাত্রা বাড়িয়ে দিচ্ছিল, ততই দেশের ছাত্র, যুবক, জনতা, নারী দলে দলে মুক্তিযুদ্ধের সশস্ত্র ময়দানে যোগ দেবার জন্য ঘর ছাড়ছিল। সত্যিকার অর্থে, প্রতিনিয়ত দেশপ্রেমের তাড়না, বিবেকের দহন, চোখের সম্মুখে মা-বোনের অপমান, বাবা-ভাইয়ের মৃত্যু, রাজাকারদের অত্যাচার ও দৌরাত্ম এবং সর্বোপরি সময়ের প্রয়োজনে দলে দলে অসংখ্য নারী-পুরুষ সঠিক সিদ্ধান্ত নিয়ে প্রতিনিয়ত মুক্তিযুদ্ধে যোগ দিচ্ছিল। অন্তঃস্বত্ত্বা স্ত্রী তার স্বামীকে, মা তার একমাত্র পুত্রকে, প্রেমিকা তার প্রিয় মানুষকে, শিক্ষক তার ছাত্রকে মুক্তিযুদ্ধে যোগ দেবার অনুপ্রেরণা যোগাচ্ছিল ক্রমাগত। তাই শুরুর দিকে হতবিহ্বল কয়েক হাজার মুক্তিযোদ্ধার সংখ্যা সেপ্টেম্বর-অক্টোবর ১৯৭১ নাগাদ কয়েক লাখে পৌঁছে যায় এবং বাংলাদেশে অবস্থানরত পাকিস্তানি বাহিনীর চেয়ে জনবলে কয়েকগুণ বেশি হয়ে যায়। ক্রমবর্ধমান এই সংখ্যা নিশ্চিত ধারণা দেয় যে, মুক্তিযোদ্ধাদের সংখ্যাই এক সময় বিজয় ছিনিয়ে আনবার জন্য যথেষ্ট ছিল। হয়তো এজন্য আরো রক্ত ঝরানোর প্রয়োজন হতো, কিংবা সময় বেশি লেগে যেতো, তবে বিজয় যে আসতো তা নিশ্চিত করেই বলা যায়।

দেশের বিস্তৃত স্থলের উপর আধিপত্য স্থাপন

মুক্তিযুদ্ধের শুরুর দিকে অর্থাৎ ১৯৭১ সালের মার্চ-এপ্রিল এর দিকে মুক্তিযোদ্ধারা ছোট ছোট দলে বিভিন্ন স্থানে পাকিস্তানিদের বিরুদ্ধে বিচ্ছিন্ন আক্রমণ পরিচালনা করে আসছিল। এছাড়াও তারা টাংগাইল, ময়মনসিংহ, চট্রগ্রামের মতো কয়েকটি স্থানে এপ্রিলের মাঝামাঝি পর্যন্ত নিজেদের অবস্থান টিকিয়ে রাখতে পেরেছিল। তবে আস্তে আস্তে এপ্রিল-মে এর মধ্যে সামরিক শক্তির জোরে পাকিস্তানি বাহিনী দেশের সর্বত্র তাদের নিয়ন্ত্রণ প্রতিষ্ঠা করতে সক্ষম হয় এবং মুক্তিবাহিনীর একটি বৃহৎ অংশকে দেশের সীমানার বাইরে পিছু হটতে বাধ্য করে। তবে ধীরে ধীরে মুক্তি বাহিনী বাংলাদেশ-ভারতের সীমান্ত সংলগ্ন ক্যাম্পসমূহে গোপন প্রশিক্ষণ ও সীমিত অস্ত্র-শস্ত্র লাভ করে সংগঠিত হয় ও সীমান্ত এলাকা হতে দেশের অভ্যন্তরে প্রবেশ করে বিভিন্ন স্থলের নিয়ন্ত্রণ নিতে থাকে। এরই ধারাবাহিকতায়, নভেম্বর ১৯৭১ এর শেষ দিকে অর্থাৎ ভারতীয় বাহিনীর প্রত্যক্ষ যুদ্ধে অংশ গ্রহণের আগ পর্যন্ত দেশের সীমান্তবর্তী স্থলসমূহসহ প্রায় ২৫-৩০ ভাগ স্থল মুক্তিবাহিনীর নিয়ন্ত্রণে চলে আসে। এছাড়াও সত্যিকার অর্থে দেশের সর্বত্রই রাতের বেলায় ছিল মুক্তিবাহিনীর একচ্ছত্র আধিপত্য, কেননা অপরিচিত এলাকা, অত্যন্ত শত্রুভাবাপন্ন জনতা এবং বিরূপ আবহাওয়ার কারণে পাকিস্তানি বাহিনী রাতের বেলা ক্যাম্পের বাইরে অতি জরুরি প্রয়োজন ছাড়া বের হতে চাইতো না।

পাকিস্তানি বাহিনীর উপর নানাবিধ মানসিক চাপ

মুক্তিবাহিনীর জন্য একটা বড় সুবিধা ছিল এই যে, তারা তাদের নিজস্ব ভূমিতে নিজের জীবন ও অস্তিত্ব রক্ষার লড়াইয়ে লিপ্ত থাকলেও হানাদার পাকিস্তানি বাহিনী নিজস্ব ভূখণ্ডের প্রায় ১২০০ মাইল দূরে বসে একটি অন্যায্য ও আগ্রাসী যুদ্ধ করছিল। ১৯৭১ এর প্রেক্ষাপটে তাদের ছিল না দেশের সংগে সহজ কোন যোগাযোগ ব্যবস্থা, পরিবারের সঙ্গে মেলামেশার সুযোগ, স্থানীয়দের সহযোগিতা, সুষ্ঠু রশদ সরবরাহ ব্যবস্থা কিংবা সফলতার নিশ্চয়তা। অধিকন্তু, এই যুদ্ধের সম্ভাব্য পরিণতি কিংবা স্থায়িত্ব নিয়েও তাদের স্পষ্ট কোন ধারণা ছিল না। এছাড়াও, অল্প দিনেই তারা বুঝতে পারে যে, তারা যুদ্ধ করছে ৮৮% মুসলমান অধ্যুষিত একটি জনপদের বিরুদ্ধে, যারা অন্যায় আর শোষণের বিরুদ্ধে

সংগ্রামে রত। তারা জেনারেল নিয়াজীর 'বাঙালি জাতির পরিচয় বদলে দেওয়া বা মেজর জেনারেল রাও ফরমান আলীর 'বাংলার সবুজ মাঠকে রক্তে লাল করে দেবার' ঘোষণাকেও ঠিক ন্যায় যুদ্ধ হিসেবে মানতে পারেনি। তাই মুক্তিযুদ্ধের শেষ ভাগে সিলেটের পাকিস্তানি ব্রিগেড কিংবা জামালপুরের ব্রিগেডের মতো অনেক স্থানেই পাকিস্তান বাহিনী বিনা যুদ্ধে তাদের অবস্থান ছেড়ে দিয়ে পশ্চাৎপসরণ করে। এ সময় পাকিস্তানি বেশ কিছু ইউনিটের কর্মকর্তাসহ জওয়ানেরা বাঙালিদের উপর চলমান অত্যাচার ও নিপীড়ন মানসিক ভাবে মেনে নিতে না পেরে মানসিক ভারসাম্য হারিয়ে ফেলাসহ আত্মহত্যার মতো চূড়ান্ত পরিণতির দিকে ধাবিত হয়েছিল। এ সকল বিষয় বিশ্লেষণ করে একথা বলা যায় যে, যতোই মুক্তিযুদ্ধের স্থায়িত্ব বাড়তো ততোই পাকিস্তানি বাহিনী মানসিকভাবে হীনবল হয়ে পড়তো এবং এর বিপরীতে ক্রমবর্ধমান সফলতার কারণে মুক্তিবাহিনীর মনোবল ক্রমান্বয়ে বৃদ্ধি পেতে থাকতো। আর এর নিশ্চিত পরিণতি ছিল অবশ্যই মুক্তিবাহিনীর বিজয়।

পাকিস্তানি বাহিনীর জন্য রসদ সরবরাহ

মুক্তিযুদ্ধ শুরুর পূর্বেই পাকিস্তানি বাহিনী তাদের জন্য প্রয়োজনীয় রশদ জোগাড়ে ব্যস্ত হয়ে পড়েছিল। এছাড়াও যুদ্ধের শুরুতে স্থানীয় জনগণের সম্পদ ও সরঞ্জামাদি লুটতরাজ করে তারা তাদের চাহিদার অতিরিক্তই পেয়ে আসছিল। তবে যতোই সময় গড়াতে লাগলো ততোই তাদের গোলাবারুদের ভাণ্ডার শেষ হয়ে আসতে লাগলো। যার পরিণতিতে কামালপুর বিওপির যুদ্ধের মতো অনেক স্থানেই শেষ পর্যন্ত গোলার সংকটে তাদের পরাজয় মেনে নিতে হয়। একই সাথে, দেশের অভ্যন্তরে যতই তাদের নিয়ন্ত্রণ দিন দিন কমতে থাকলো, ততই অন্যান্য রশদেরও ঘাটতি দেখা দিতে লাগলো। পক্ষান্তরে মূল ভূখণ্ড থেকে ১২০০ মাইল দূরে শত্রুভাবাপন্ন একটি দেশ দ্বারা বিচ্ছিন্ন দুই অংশের মধ্যে নিয়মিত রশদ সরবরাহও ছিল অত্যন্ত দুরূহ একটি কাজ। একই সময়ে, ভারত ও শ্রীলংকা তাদের আকাশসীমা ব্যবহারে নিষেধাজ্ঞা জারি করায় এবং ভারতীয় সমুদ্র সীমায় পাকিস্তানি জাহাজসমূহকে মারণাস্ত্র নিয়ে প্রবেশাধিকার না দেওয়ায় শুধুমাত্র চীন হয়ে বিমান যোগে পাকিস্তান হতে বাংলাদেশে রশদ ও গোলাবারুদ সরবরাহের মাধ্যমে একটি দীর্ঘমেয়াদি যুদ্ধ পরিচালনা করা ছিল পাকিস্তানের সাধ্যের বাইরে। তাই সময়ের সাথে মুক্তিবাহিনীর বিজয় ছিল অনেকটাই নিশ্চিত।

যুদ্ধে চূড়ান্ত আঘাতের প্রাক্কালে যুদ্ধক্ষেত্র প্রস্তুত করা

যুদ্ধে জয়লাভের জন্য যুদ্ধক্ষেত্র নিজেদের অনুকূলে প্রস্তুত করা (Shaping up the battle field) যুদ্ধের একটি অতি গুরুত্বপূর্ণ পর্যায়। যে কোন যুদ্ধের চূড়ান্ত পর্যায়ে অবতীর্ণ হবার আগেই যুদ্ধক্ষেত্রকে নিজেদের সুবিধা মতো প্রস্তুত করে শত্রুর উপর চূড়ান্ত আঘাত হানা হলে তার সাফল্য অনিবার্য। যুদ্ধক্ষেত্র প্রস্তুত করার প্রধান বিষয়সমূহ হলো শত্রুকে ক্রমাগত অনু-আঘাতের মাধ্যমে ধীরে ধীরে দুর্বল করে ফেলা, শত্রুর চলাচলের সকল স্বাধীনতা হরণ করা, শত্রুর রশদ সরবরাহ পথ ঝুঁকিপূর্ণ করা, শত্রু কর্তৃক তথ্য সংগ্রহ কঠিন করে তোলা, শত্রুর মনোবল ধ্বংসের জন্য প্রচারণা চালানো ইত্যাদি। ১৯৭১ সালের মার্চ মাস হতে ডিসেম্বর মাস পর্যন্ত ক্রমাগতভাবে সাধারণ জনতা ও মুক্তিযোদ্ধারা এই সকল কাজ সফলতার সাথে সম্পাদন করে পাকিস্তানি হানাদার বাহিনীর মনোবল প্রায় ভেঙ্গে দিতে সক্ষম হয়েছিল। পাকিস্তানি বাহিনীর স্বাধীন বিচরণ ক্ষেত্র দিন দিন সংকুচিত হয়ে আসছিল। বিশেষ করে রাতের বেলা কিংবা দুর্যোগপূর্ণ আবহাওয়ায় তারা কখনো বাইরে বের হতে সাহস করতো না। এছাড়াও, তাদের জন্য সঠিক তথ্য সংগ্রহ করা হয়ে পড়েছিল অত্যন্ত ঝুঁকিপূর্ণ, কেননা মুক্তিযোদ্ধারা প্রায়ই কৌশলে তাদেরকে ভুলতথ্য প্রদান করে বিপদে ফেলছিল। অধিকন্তু, ক্রমাগত গেরিলা চোরাগুপ্তা হামলা এবং নিশ্চিত রশদের অভাবে পাকিস্তানি বাহিনীর শক্তি অনেকাংশে খর্ব হয়ে পড়ছিল। এসবের সম্মিলিত প্রভাবে ০৩ ডিসেম্বর ১৯৭১ তারিখ হতে মাত্র ১৩ দিনের মধ্যে যৌথ বাহিনীর বিজয় লাভ সম্ভব হয়েছিল। এত কম সময়ে মুক্তিবাহিনী এবং দেশের সম্মিলিত জনতা ভারতীয় বাহিনীর সাহায্য ছাড়া নিজেরাই হয়তো চূড়ান্ত বিজয় অর্জন করতে পারতো না, তবে চূড়ান্ত পরিণতি আঁচ করতে পেরে ৯৫,০০০ সৈন্যের পাকিস্তানি বাহিনী যেমন ১৬ই ডিসেম্বর প্রায় বিনা যুদ্ধে আত্মসমর্পণ করেছিল, তেমনি হয়তো আরো কয়েকমাস পরে ক্রমাগত হামলায় জর্জরিত পাকিস্তানি বাহিনী মুক্তিবাহিনীর কাছে নিজেরাই আত্মসমর্পণ করতো, এটা নিশ্চিত করেই বলা যায়। কারণ এমন উদাহরণ পৃথিবীর ইতিহাসে রয়েছে।

ক্রমবর্ধমান আন্তর্জাতিক কূটনৈতিক চাপ

১৯৭১ সালের প্রেক্ষাপটে যখনই বিশ্বে আজকের মতো একটি মাত্র রাজনৈতিক বলয়ের নয় বরং তিনটি স্বতন্ত্র শক্তিশালী রাজনৈতিক বলয়ের অস্তিত্ব ছিল, তখনই কোন রাষ্ট্রের জন্য অনৈতিক যুদ্ধ অন্যের ছত্রছায়ায় দীর্ঘদিন চালিয়ে যাওয়া অত্যন্ত কঠিন ছিল। পাকিস্তান, মধ্যপ্রাচ্য, মার্কিন ও চীনা একচ্ছত্র সমর্থন পেয়েছে ঠিকই, বিপরীতে কমিউনিস্ট বলয় ও ন্যাম জোটের সমর্থনসহ শক্তিশালী প্রতিবেশি রাষ্ট্র ভারতের সমর্থন ছিল মুক্তিবাহিনীর দিকে। আর তাই, মার্কিন ৭ম নৌবহর বঙ্গোপসাগরে আসার হুমকির বিপরীতে রাশিয়ার প্রতি-হুমকি, জাতিসংঘে চীন-মার্কিন জোট কর্তৃক বাংলাদেশে যুদ্ধ বিরতি কার্যকর করার প্রস্তাবের

বিপরীতে রাশিয়ার প্রত্যক্ষ ভেটোর হুমকি, মুক্তিবাহিনীর প্রতি যুক্তরাজ্য ও ইরাক, ইরান, মিশরসহ বেশ কিছু মুসলিম দেশের সমর্থন ইত্যাদি ছিল বাস্তবিক অর্থেই বাঙালির জন্য প্রেরণাদায়ক অনুসর্গ। এছাড়াও বাঙালির উপর পাকিস্তানি হানাদার বাহিনীর ক্রমবর্ধমান অত্যাচার, হত্যা, জুলুম, ধর্ষণ, লুণ্ঠনের পরিপ্রেক্ষিতে খোদ পাকিস্তানসহ সমগ্র বিশ্বের সাধারণ জনগণ মুক্তিবাহিনীকেই নৈতিক সমর্থন দিয়ে আসছিল। মূল কথা, তখনকার পরিস্থিতিতে বিশ্ব জনমত ও আন্তর্জাতিক কূটনৈতিক চাপ প্রত্যক্ষভাবেই ছিল পাকিস্তানের উপর। একই সময়ে, প্রবাসী বাঙালিরা এবং বাঙালি কূটনীতিকবৃন্দ বিদেশে বাংলাদেশ প্রচারকেন্দ্র ও দূতাবাস খোলার মাধ্যমে মুক্তিযুদ্ধের জন্য ইতিবাচক সরব প্রচারণা চালিয়েছেন। এই বিষয়টিও বাঙালির এককভাবে যুদ্ধ জয়ের জন্য সহযোগী ভূমিকা পালন করতো বলে ধারণা করা যায়।

শেষ কথা

ঐতিহাসিক প্রেক্ষাপট, প্রশাসনিক ও আভিধানিক বিষয়সমূহ বিশ্লেষণ, ভূ-রাজনৈতিক পরিস্থিতির কৌশলগত বিশ্লেষণ এবং সর্বোপরি এদেশের মানুষের সম্মিলিত সংগ্রাম আমাদের স্বাধীনতাকে নিশ্চিত করেছে। একইভাবে, এদেশের মুক্তিযোদ্ধা ও গণমানুষের সংগ্রাম আর বৈদেশিক সাহায্য, এ সবই সম্মিলিতভাবে আমাদের স্বাধীনতা সংগ্রামের চূড়ান্ত বিজয়কে করেছে ত্বরান্বিত। প্রতিটি সফলতা কিংবা অর্জনের পিছনে যেমন মূল চালিকাশক্তির পাশাপাশি অন্যান্য অনুঘটক বিদ্যমান থাকে, তেমনি আমাদের স্বাধীনতা সংগ্রামের মূল চালিকাশক্তি ছিল অবশ্যই আমাদের মুক্তিযোদ্ধা ও মুক্তিকামী জনতা। এর বাইরে বিদেশী সাহায্যসহ অন্যান্য সকল বিষয়সমূহ ছিল নিতান্তই অনুঘটকের ভূমিকায়।

এটা ঐতিহাসিক ভাবেই সত্য যে, প্রতিটি সফলতা কিংবা বিজয়ে প্রত্যেক জাতি তাদের নিজস্ব ভূমিকাকে অতিরঞ্জিত করে প্রচারণা চালায় এবং নিজস্ব অবদানকে বড় করে দেখানোর প্রয়াস নেয়। যে কারণে আমাদের মুক্তিযুদ্ধে বিজয়ের ব্যাপারে ভারতীয় বাহিনী তাদের ভূমিকাকে মুখ্য হিসেবে দেখাতে চাইবে।

তবে যে পক্ষ, যে কারণে, যে মনোভাবই পোষণ করুক না কেন বাংলাদেশের স্বাধীনতা যে ১৯৪৭ হতে ১৯৭১ পর্যন্ত দীর্ঘ ২৪ বছরের সংগ্রাম ও সাধনার চূড়ান্ত পরিণতি তা কেউ অস্বীকার করতে পারবে না। একইভাবে স্বাধীনতা সংগ্রামের চূড়ান্ত বিজয় যে আমাদের সশস্ত্র বাহিনী-মুক্তিযোদ্ধা-জনতার সমন্বিত ও ক্রমাগত আক্রমণের কারণেই নিশ্চিত হয়েছে তাও অস্বীকার করা যাবে না।

তথ্যসূত্র:

১। মহান মুক্তিযুদ্ধে বৃহত্তর ময়মনসিংহ, এরিয়া সদর দপ্তর, ময়মনসিংহ সেনানিবাস, ২৬শে মার্চ ২০০১।
২। মুক্তিযুদ্ধের দু'শো রণাঙ্গণ, মেজর রফিকুল ইসলাম, পিএসসি (অবঃ), জুন ১৯৯৮।
৩। মুক্তিযুদ্ধের ইতিহাস, মেজর রফিকুল ইসলাম (অবঃ), জুন ১৯৯৫।
৪। A Tale of Millions: Bangladesh Liberation War - 1971, Major Rafiqul Islam (Retd).
৫। The Betrayal of East Pakistan, Lt Gen A. A. K. Niazi, Oxford University Press.
৬। The 1971 Indo-Pak War - A Soldiers Narrative, Maj Gen Hakeem Arshed Qureshi (Retd).
৭। How Pakistan Govt. Divided, Maj Gen Rao Farman Ali (Retd).
৮। The Way It Was, Brigadier Zahir Alam Khan, TPK (Retd).
৯। Surrender at Dacca - Birth of a Nation, Lt Gen J.F.R Jacob (Retd).
১০। The Lightening Campaign: Indo/Pakistan War - 1971, Maj Gen D.K. Palit (Retd). Compton Press Ltd.
১১। Bangladesh: A Legacy of Blood, A. Mascarenhas.

মেজর কাজী নাদির হোসেন, পিএসসি, জি+, আর্টিলারি *১১ জুন ১৯৯৮ সালে ৩৮তম বিএমএ দীর্ঘ মেয়াদী কোর্সের সাথে বাংলাদেশ সেনাবাহিনীতে কমিশন লাভ করেন। তিনি ডিফেন্স সার্ভিসেস কমান্ড এন্ড স্টাফ কলেজ, মিরপুরের একজন গ্র্যাজুয়েট। তিনি ২০০৬ সালে করাচী বিশ্ববিদ্যালয়, পাকিস্তান হতে সামরিক বিজ্ঞানে পোস্ট গ্র্যাজুয়েট ডিগ্রী লাভ করেন। তিনি ২০০৮ সালে লাইবেরিয়ায় ব্যানব্যাট-১৫ এ কোম্পানি কমান্ডার হিসেবে জাতিসংঘ মিশন সম্পন্ন করেন। তিনি বর্তমানে সেনাসদর, এমও পরিদপ্তরে জিএসও-২ (অপস্) হিসেবে কর্মরত আছেন।*

বাংলাদেশের জলসীমায় শান্তি-শৃঙ্খলা পরিস্থিতি নিয়ন্ত্রণ

রিয়ার এডমিরাল কাজী সারোয়ার হোসেন, (ট্যাজ), (সিডি), এনসিসি, পিএসসি, বিএন

ভূমিকা

মানব সভ্যতার ইতিহাস পর্যালোচনা করলে প্রতীয়মান হয় যে, মানুষের সমুদ্রে গমন, বিচরণ ও আধিপত্য বিস্তারের স্পৃহা আদিম যুগ থেকেই প্রচলিত। যে জাতি সমুদ্রে যত বেশি আধিপত্য স্থাপনে সক্ষম হয়েছে সে জাতি তত শক্তিশালী ও উন্নত হিসেবে পৃথিবীর বুকে স্থান করে নিয়েছে। সময়ের বিবর্তনে আজ একবিংশ শতাব্দিতেও মানুষের সমুদ্র জয়ের সে প্রচেষ্টা অব্যাহত রয়েছে। নিত্য নতুন প্রযুক্তি ব্যবহারের মাধ্যমে এটি একটি নতুন পরিসর ধারণ করেছে। স্থলভাগে সম্পদের সীমাবদ্ধতার কারণে সমুদ্র উপকূলবর্তী দেশগুলো সমুদ্র সম্পদ আহরণের প্রতি পূর্বের যেকোন সময়ের তুলনায় খুব বেশি পরিমাণে ঝুঁকে পড়েছে। এ প্রেক্ষিতে সমুদ্রে আধিপত্য রক্ষা তথা সুষ্ঠু পরিবেশে জাতীয় সম্পদ আহরণে প্রায় প্রতিটি দেশের জাতীয় নীতির প্রধান কৌশল হিসেবে বিবেচিত হচ্ছে। সমুদ্রে সুশৃংখল পরিবেশ বজায় রেখে জাতীয় স্বার্থ সিদ্ধির বিষয়টি পুরোপুরি নিরাপত্তামূলক বিষয় এবং সম্পূর্ণভাবে আইন-শৃঙ্খলা রক্ষাকারী বাহিনীর অবস্থানের উপর নির্ভরশীল হয়ে পড়েছে। তাই বর্তমানে সমুদ্র এলাকায় আইন-শৃঙ্খলা রক্ষাকারী বাহিনীর অবস্থান শক্তিশালীকরণের জন্য বিশ্বের সকল রাষ্ট্রের প্রচেষ্টা পূর্বের যেকোন সময়ের তুলনায় অনেক ব্যাপক।

সমুদ্র-নির্ভর বাংলাদেশের স্থলভাগের প্রায় দুই তৃতীয়াংশ সমপরিমাণ এলাকাজুড়ে বিস্তৃত সমুদ্র অঞ্চল। এছাড়া রয়েছে প্রায় ৭১০ কিলোমিটার দীর্ঘ উপকূল। আন্তর্জাতিক আইন অনুযায়ী উপকূল হতে ১২ নটিক্যাল মাইল পর্যন্ত দেশের সার্বভৌমত্ব বিরাজমান। এছাড়া প্রায় দুইশত নটিক্যাল মাইল পর্যন্ত বিস্তৃত 'একান্ত অর্থনৈতিক এলাকায় অর্থনৈতিক কার্যক্রম পরিচালনা

করার অধিকার রাখে বাংলাদেশ। আমদানি-রপ্তানি বাণিজ্যে নির্ভরশীল এ দেশের শতকরা নব্বই ভাগ বাণিজ্য কার্যক্রম সমুদ্র পথে দুটি প্রধান বাণিজ্য বন্দর যথা চট্টগ্রাম ও মংলা বন্দরের মাধ্যমে পরিচালিত হয়ে থাকে। উপরন্তু খনিজ সম্পদের আধার সমুদ্র এলাকায় গ্যাস ক্ষেত্র আবিষ্কৃত হয়েছে এবং গ্যাস উত্তোলন করা হচ্ছে। অন্যান্য ক্ষেত্রসমূহ আবিষ্কারের অপেক্ষাধীন আছে। এছাড়া মৎস্য সম্পদের যে বিপুল ভাণ্ডার সঞ্চিত রয়েছে আমাদের সমুদ্র এলাকায় ও তৎসংলগ্ন নদ-নদীগুলোতে সেগুলোর সংরক্ষণ ও আহরণ জাতির জন্য অত্যন্ত প্রয়োজনীয়।

অতি সম্প্রতি ইন্টারন্যাশনাল ট্রাইবুনাল অন ল অব সি সংক্ষেপে 'ইটলস' এর রায়ের ফলে বাংলাদেশের যে সমুদ্র বিজয় অর্জিত হয়েছে তা জাতির ইতিহাসে চিরস্মরণীয় হয়ে থাকবে। আর এ বিজয়ের ফলে বাংলাদেশ লাভ করেছে এক বিশাল সমুদ্র এলাকা। এ সমুদ্র এলাকাকে দেশের অর্থনৈতিক উন্নয়নের কাজে কার্যকর ও সফলভাবে ব্যবহার করতে হলে এ এলাকার নিরাপত্তা রক্ষাসহ এ এলাকায় আইন শৃঙ্খলা পরিস্থিতি নিয়ন্ত্রণে রাখার প্রয়োজনীয়তা অনস্বীকার্য। বিশেষ করে এ বিশাল এলাকায় সঞ্চিত অফুরন্ত মৎস্য সম্পদসহ অন্যান্য অখনিজ ও খনিজ সম্পদের সংরক্ষণ ও সুষ্ঠু আহরণ নিশ্চিত করতে হলে এ এলাকার উপর সবসময় কার্যকর নজরদারী নিশ্চিত করতে এলাকার আইন শৃঙ্খলা রক্ষা করতে হবে। এ জন্য প্রয়োজন একটি সুসংগঠিত এবং কার্যকর কোস্ট গার্ড।

বাংলাদেশের জলসীমার ভৌগোলিক ও অর্থনৈতিক প্রেক্ষাপট

আমাদের জাতীয় সামুদ্রিক স্বার্থ অক্ষুন্ন রাখার জন্য কী ধরনের প্রস্তুতি প্রয়োজন সে ব্যাপারে আরও গভীরভাবে বিশ্লেষণ করার উপযুক্ত সময় এখন। সমুদ্র ব্যবহারকারী দেশের সকলেই প্রত্যাশা করে যে তারা যেন নির্বিঘ্নে ও নিরাপদভাবে সমুদ্রে তাদের কর্মতৎপরতা চালিয়ে যেতে পারে। এর ফলে নিশ্চিত হবে দেশের অর্থনৈতিক মুক্তি ও অগ্রগতি। সে কারণেই আমাদের সমুদ্র এলাকায় শান্তিপূর্ণ আইন শৃঙ্খলা পরিস্থিতি বজায় রাখার কোন বিকল্প নেই। আর তাই বাংলাদেশের সমুদ্র উপকূলের ভৌগোলিক ও অর্থনৈতিক প্রেক্ষাপটে বাংলাদেশের সমুদ্র এলাকার নিরাপত্তা নিশ্চিত করণের জন্য এদেশের সামুদ্রিক প্রেক্ষাপট গভীরভাবে ও

বাস্তবতার নিরীখে বিশ্লেষণ করা উচিত। ভৌগোলিকভাবে বাংলাদেশের অবস্থান একটি ব-দ্বীপের ন্যায়। পার্শ্ববর্তী দেশ ভারত ও মায়ানমারের ভৌগোলিক অবস্থানের কারণে বঙ্গোপসাগর একটি ফানেলের আকার ধারণ করেছে। ভৌগোলিক এ অবস্থানের কারণে বাংলাদেশ সমুদ্র বাণিজ্য নির্ভর একটি দেশে পরিণত হয়েছে। এছাড়া দেশের উপকূলীয় অঞ্চলের ভৌগোলিক অবস্থানও অন্যান্য যে কোন দেশের তুলনায় ভিন্ন। প্রায় বক্রাকৃতি উপকূলীয় এলাকার মাঝ দিয়ে সৃষ্টি হয়েছে অসংখ্য নদী-নালা ও খাল-বিল এবং অসংখ্য দুর্গম পথ। এ সকল পানি পথে উপকূলীয় জনসাধারণের নির্ভয় বিচরণ নিশ্চিত করতে হলে উক্ত এলাকাসমূহে নিরবচ্ছিন্ন ও শান্তিপূর্ণ আইন শৃঙ্খলা পরিস্থিতি বজায় রাখতে হবে। এছাড়াও বাংলাদেশের জলসীমা মৎস্য ও অন্যান্য প্রাণী সম্পদে ভরপুর। এ প্রাণীসম্পদ সঠিকভাবে সংরক্ষণ ও আহরণ আমাদের অর্থনৈতিক অগ্রগতি ত্বরান্বিত করতে পারে। তাছাড়াও আমাদের সমুদ্র এলাকায় সঞ্চিত আছে বিভিন্ন ধরনের মূল্যবান খনিজ পদার্থ। এ সমস্ত খনিজ সম্পদ সঠিকভাবে সংরক্ষণ ও আহরণ করতে হলে আমাদের সমুদ্র ও উপকূলীয় এলাকায় সমুদ্র শৃঙ্খলা রক্ষা করা অবশ্যই প্রয়োজন।

উপকূলীয় এলাকা ও অভ্যন্তরীন জলসীমার জনসংখ্যা ও তাদের নিরাপত্তা

আমাদের উপকূলীয় অঞ্চল ১৯ টি জেলা নিয়ে প্রায় ৪৭,২০১ বর্গ কিলোমিটার এলাকা জুড়ে বিস্তৃত যা দেশের মোট স্থলভাগের প্রায় ৩২ ভাগ এবং যেখানে প্রতি বর্গ কিলোমিটারে প্রায় ১০১৪ জন মানুষ বসবাস করে। এর মধ্যে ১২টি জেলার ৪৮টি উপজেলা সরাসরি সমুদ্রের সাথে সংযুক্ত যেখানে জনবসতি প্রতি বর্গ কিলোমিটারে গড়ে ৪৮২ জন। উপকূলীয় এলাকার প্রায় সাড়ে ৩ কোটি মানুষের মধ্যে শুধুমাত্র মৎস্য আহরণ করে জীবিকা নির্বাহ করে প্রায় দেড় কোটি (১.৫ কোটি) জনগণ। এ বিশাল এলাকায় জনগণের নদী ও সমুদ্রে চলাচলে নিরাপত্তা প্রদানের জন্য রয়েছে মাত্র দুই হাজার কোস্ট গার্ড সদস্য। আনুপাতিক হারে প্রায় সাড়ে সাত হাজার মৎস্যজীবি এবং প্রায় ১৫ হাজার উপকূলবাসীর জন্য রয়েছে একজন কোস্ট গার্ড সদস্য যা নিতান্তই অপ্রতুল। আমাদের অভ্যন্তরীণ জলসীমায় ছোট বড় অসংখ্য নদী জালের মত ছড়িয়ে রয়েছে। নৌ চলাচল উপযোগী নদ-নদীগুলোর মোট দৈর্ঘ্য প্রায় ৮৪৩০ কিলোমিটার, তন্মধ্যে ৩০৫৮ কিলোমিটার প্রধান প্রধান নদী পথ। এসব নদী পথে লঞ্চসহ জলযান চলাচলের নিরাপত্তাসহ চোরাচালান প্রতিরোধ, মৎস্য সম্পদ সংরক্ষণ ও অন্যান্য নানাবিধ কাজে কোস্ট গার্ডকে সাড়া বছর ধরে দায়িত্ব পালন করতে হয়। এছাড়া সুন্দরবনের নদ-নদীসহ জলভাগের আয়তন প্রায় ১৭০০ বর্গ কিলোমিটার। এ বিশাল জলভাগ প্রতিনিয়ত টহলের আওতায় রাখার জন্য কোস্ট গার্ডের বহরে রয়েছে মাত্র ৩৪টি বোট। এছাড়া সমুদ্র তীরবর্তী ৭১০ কিলোমিটার উপকূল সংলগ্ন প্রায় ৩৪০০০ বর্গ কিলোমিটার টহলে রয়েছে মাত্র ১২টি জাহাজ। আর এদের অধিকাংশই অতি পুরাতন, ছোট ও ধীরগতির হওয়ায় সমুদ্রে গমনে অনুপযোগী। ফলে কোস্ট গার্ড অত্যন্ত সীমিত আকারে এসব জাহাজ দিয়ে অর্পিত দায়িত্ব পালন করে আসছে। এছাড়াও বাংলাদেশের সমগ্র সমুদ্র এলাকার মধ্যে প্রায় ৭৭,৬২১ বর্গ কিলোমিটার একান্ত অর্থনৈতিক এলাকায় নজরদারিসহ অন্যান্য কর্মতৎপরতার জন্য বাংলাদেশ কোস্ট গার্ড এখনো প্রয়োজনীয় ক্ষমতা অর্জন করতে পারেনি।

চলমান ঘটনা সমূহের নিরীখে সমুদ্র শৃঙ্খলার প্রয়োজনীয়তা

সাম্প্রতিককালে সমুদ্র এলাকায় সংঘটিত কয়েকটি ঘটনা আমাদের উদ্বেগের কারণ হয়ে দাঁড়িয়েছে, যা আমাদের শান্তিপূর্ণ সামুদ্রিক কার্যক্রমকে দারুণভাবে বিঘ্নিত করছে। এ ধরনের কিছু ঘটনা আমাদের সামুদ্রিক নিরাপত্তায় বিভিন্নভাবে প্রভাব ফেলেছে, যা জাতিগতভাবে আমাদের সার্বিক অগ্রগতি ব্যাহত করতে পারে। এছাড়াও বাংলাদেশের অর্থনৈতিক উন্নয়নের গতি আরও ত্বরান্বিত করার জন্য সমুদ্রে সামষ্টিক নিরাপত্তা ব্যবস্থা আরও নিশ্ছিদ্র ও কার্যকর করার অনেক প্রয়োজনীয়তা রয়েছে। সে কারণে নিরাপদ সমুদ্রপথ নিশ্চিত করাসহ সমুদ্র সম্পদের যথাযথ ব্যবহার নিশ্চিত করা এবং সমুদ্রভিত্তিক পর্যটন ব্যবস্থাদি আরও সুসংহত ও গতিশীল করার জন্যও আমাদের জলসীমানায় কী ধরনের নিরাপত্তা ব্যবস্থা নিশ্চিত করা উচিত সে বিষয়ে নিচে আলোকপাত করা হলো:

ক। **বাংলাদেশের জলসীমা দিয়ে অবৈধ অনুপ্রবেশ বা অবৈধ গমন প্রতিরোধকরণ।** সাম্প্রতিককালে বাংলাদেশের দক্ষিণ-পূর্ব উপকূলীয় অঞ্চল কক্সবাজার থেকে টেকনাফ উপকূলে সীমান্তবর্তী দেশ মায়ানমার হতে স্থানীয় দাঙ্গার কারণে প্রচুর পরিমাণে রোহিঙ্গা শরণার্থী সীমান্ত অতিক্রম করে অবৈধভাবে বাংলাদেশে প্রবেশ করার চেষ্টা করছে। রোহিঙ্গা শরণার্থীদের অবৈধ এ প্রবেশ বাংলাদেশের জন্য একটি জাতীয় সমস্যা। জাতীয় এ সমস্যা মোকাবেলায় বাংলাদেশ কোস্ট গার্ডের সদস্যগণ সকল প্রতিকলতার ঊর্ধ্বে থেকে অবৈধ রোহিঙ্গা

অনুপ্রবেশ দমনে সর্বদা তৎপর রয়েছে এবং এ পর্যন্ত এ বাহিনী কর্তৃক ১০৬৪ জন শরণার্থীকে স্বদেশে প্রত্যাবর্তন করানো সম্ভবপর হয়েছে। এ সমস্যা বিবেচনা করে কক্সবাজার হতে টেকনাফ উপকূলে কোস্ট গার্ডের ঘাঁটি ও জনবল বৃদ্ধিসহ সামগ্রিক অবস্থান শক্তিশালী করা অত্যন্ত প্রয়োজন।

খ। **বাংলাদেশের সামুদ্রিক এলাকায় অবৈধভাবে মৎস্য আহরণ প্রতিরোধ ও জলসীমা ব্যবহারকারী ব্যক্তিবর্গের নিরাপত্তা নিশ্চিতকরণ**। বাংলাদেশের প্রায় এক কোটি পঞ্চাশ লক্ষ জনগণ মৎস্যজীবি পেশার সাথে জড়িত। প্রায় ১৭৪ টি ফিশিং ট্রলার ও আনুমানিক ৬৮,০০০ মেকানাইজড ও নন মেকানাইজড বোট সমূদ্রে মৎস্য আহরণ পেশায় নিয়োজিত রয়েছে যার মাধ্যমে বাংলাদেশে প্রতি বছর প্রায় ২ দশমিক ৫ মিলিয়ন টন মৎস্য সম্পদ আহরিত হয়। এমতাবস্থায় দেশের এ বিশাল জনগোষ্ঠি এবং মৎস্য সম্পদ আহরণে নিয়োজিত বোটসমূহের নিরাপত্তা নিশ্চিতকরণের জন্য বাংলাদেশ কোস্ট গার্ডকে এমনভাবে সজ্জিত করতে হবে যাতে করে এ বাহিনী মৎস্যজীবি মানুষের নিরাপত্তা ও সুষ্ঠুভাবে মৎস্য আহরণ নিশ্চিত করতে পারে।

গ। **নিরাপদ সমুদ্র পথ নিশ্চিতকরণ**। অপেক্ষাকৃত সাশ্রয়ী ও সুবিধাজনক হওয়ায় বর্তমানে সমুদ্র পরিবহন ব্যাপক হারে বৃদ্ধি পেয়েছে। আর তাই পৃথিবীর সকল দেশ নিরাপদ সমুদ্র পথের নিশ্চয়তা বিধান করছে। যে সকল স্থানে এ নিরাপত্তা সুরক্ষিত সেখানে সমুদ্র চলাচল বিস্তৃত ও ব্যাপক। ফলে সে দেশের অর্থনৈতিক উন্নয়ন সামগ্রিকভাবে অত্যন্ত গতিশীল। বাংলাদেশও এর ব্যতিক্রম নয়। দেশের সামগ্রিক অর্থনৈতিক উন্নয়েনের প্রয়োজনে নিরাপদ সমুদ্র পথ আবশ্যক এবং গণ নিরাপত্তা বিধানের জন্য প্রয়োজন সুসংগঠিত নিরাপত্তা বাহিনী।

ঘ। **সমুদ্র সম্পদের যথাযথ ব্যবহার নিশ্চিতকরণ**। একবিংশ শতাব্দীতে উন্নত বিশ্বের দেশগুলো সমুদ্রের দিকে ঝুঁকছে। পৃথিবীর জনসংখ্যা বৃদ্ধির সাথে সাথে স্থলভাগে সম্পদ ঘাটতি প্রতীয়মান হচ্ছে। ফলে উন্নত দেশসমূহ সমুদ্রের বিশাল সম্পদ ভাণ্ডারের দিকে বাড়িয়েছে হাত। আর তাই আমাদের নিজস্ব সমুদ্র এলাকায় সম্পদের সঠিক ব্যবহারের মাধ্যমে অর্থনৈতিক সমৃদ্ধির দিকে এগিয়ে যেতে হলে একটি বলিষ্ঠ কোস্ট গার্ডের প্রয়োজনীয়তা অপরিসীম।

ঙ। **প্রাকৃতিক দুর্যোগকালে ত্রাণ ও উদ্ধার কার্যে অংশগ্রহণ করা এবং দূর্ঘটনা কবলিত নৌযান, মানুষ এবং মালামাল উদ্ধারকরণ**। বাংলাদেশ একটি দুর্যোগ প্রবণ দেশ। যেহেতু প্রাকৃতিক দুর্যোগকালে দেশের উপকূলবর্তী এলাকা সবচেয়ে বেশি ক্ষতিগ্রস্থ হয় সেহেতু অতিদ্রুত দুর্যোগপূর্ণ এলাকার জনগণ বাংলাদেশ কোস্ট গার্ড এর নিকট থেকে ত্রাণ ও উদ্ধার কার্য পরিচালনায় অগ্রণী ভূমিকা প্রত্যাশা করে। সত্যিকার অর্থে এক্ষেত্রে বাংলাদেশ কোস্ট গার্ড জনগণের প্রত্যাশা পূরণে পুরোপুরি সক্ষম হয়নি। উপরন্তু আন্তর্জাতিকভাবে বিশ্বের সমুদ্র এলাকাকে বিভিন্ন Search and Rescue (SAR) Region এ বিভক্ত করা হয়েছে এবং বাংলাদেশকেও এ ক্ষেত্রে তার জলসীমায় উদ্ধার কার্যক্রম পরিচালনার দায়িত্ব প্রদান করা হয়েছে। বাস্তবিকভাবে এ দায়িত্ব পালনে বাংলাদেশ কোস্ট গার্ড প্রয়োজনীয় অবকাঠামো, জলযান ও জনবলের ঘাটতির কারণে অদ্যাবধি কোন ধরণের সক্ষমতা অর্জন করতে পারেনি।

চ। **পর্যটন**। বর্তমানে এশিয়ার বিভিন্ন দেশের দিকে তাকালে আমরা দেখতে পাই সমুদ্র কিংবা সমুদ্র উপকূলীয় এলাকাতে ব্যাপকভাবে পর্যটনের বিকাশ ঘটছে। ফলশ্রুতিতে তাঁরা অর্থনৈতিকভাবে লাভবান হচ্ছে। উল্লেখ্য বিশ্বের দীর্ঘতম অবিচ্ছিন্ন সমুদ্র সৈকত এবং একমাত্র প্রবাল দ্বীপ সেন্টমার্টিন কক্সবাজার জেলায় অবস্থিত। বর্তমানে বাংলাদেশে যদিও পর্যটনের বিকাশ ঘটছে তবে তা যদি আরো সুসংগত হয় তাহলে দেশের অর্থনৈতিক উন্নয়নে এর প্রভাব বহুলাংশে বৃদ্ধি পাবে। এক্ষেত্রে সাগর উপকূলে পর্যটকদের নিরাপত্তায় আধুনিক কোস্ট গার্ডের কোন বিকল্প নেই।

ছ। **সুন্দরবন সংরক্ষণ**। বিশ্বের বৃহত্তম ম্যানগ্রোভ বনাঞ্চল সুন্দরবন বিভিন্ন জলদস্যু ও ডাকাত দলের অভয়ারণ্য হিসেবে পরিচিত। ইতিমধ্যেই কোস্ট গার্ড একক ও যৌথ অভিযানে একের পর এক বিভিন্ন কুখ্যাত জলদস্যু যেমন গামা বাহিনী, শহীদুল বাহিনী, মর্তুজা বাহিনী, রাজু বাহিনীর সদস্য আটক এবং নির্মূল করেছে। অতি সম্প্রতি র‍্যাব ও বিমান বাহিনীর সহায়তায় কোস্ট গার্ডের নেতৃত্ব ও পরিকল্পনায় ১৫ জন জেলেকে জলদস্যুদের হাত থেকে উদ্ধার করা হয়েছে। কিন্তু বিশাল সুন্দরবনে আইন শৃঙ্খলা বাহিনী তথা কোস্ট গার্ডের পর্যাপ্ত সার্বক্ষণিক উপস্থিতি না থাকায় প্রতিনিয়ত নতুন নতুন জলদস্যু বাহিনী তৈরি হয়ে

সুন্দরবনে অপকর্ম চালাচ্ছে। তাই প্রায় ৪১০০ বর্গ কিলোমিটার এর বিশাল সুন্দরবন এলাকা কঠোর নজরদারিতে আনয়ন এবং জলদস্যু বাহিনীর তৎপরতা দমনে সুন্দরবনে কোস্ট গার্ডের একটি আলাদা জোন স্থাপন, অত্যাধুনিক জাহাজ ও জলযান এবং জনবল বৃদ্ধি করা প্রয়োজন।

বাংলাদেশ কোস্ট গার্ডের কার্যক্রম

১৯৯৫ সালে প্রতিষ্ঠিত হওয়ার পর অত্যন্ত ধীর গতিতে বাংলাদেশ কোস্ট গার্ড তার যাত্রা শুরু করে। বাংলাদেশ নৌবাহিনী হতে প্রাপ্ত কয়েকটি অতি পুরাতন গান বোট ও রিভারাইন পেট্রোল বোট এবং কিছু সংখ্যক দ্রুতগতির বোটের সাহায্যে কোস্ট গার্ড তার উপর অর্পিত দায়িত্ব পালন করে যাচ্ছে। তবে কোস্ট গার্ডের উপর অর্পিত দায়িত্বপূর্ণ এলাকার তুলনায় এ কয়েকটি পুরোনো জলযান প্রয়োজনের তুলনায় অতি অপ্রতুল। তথাপি সীমিত জনবল ও জলযান ব্যবহার করে বাংলাদেশ কোস্ট গার্ড তার উপর অর্পিত দায়িত্ব নিষ্ঠার সাথে পালন করছে। বর্তমানে কোস্ট গার্ডের সদস্যদের নিরলস প্রচেষ্টা, চারিত্রিক দৃঢ়তা, উচ্চ মনোবল ও কর্তব্যপরায়ণতার কারণে বিভিন্ন অপারেশনে ব্যাপক সাফল্য অর্জন করে সকল দেশবাসীর অকুণ্ঠ প্রশংসা অর্জন করতে পেরেছে। দেশবাসী তথা নদী ও সমুদ্র উপকূলবর্তী জনগণের কাছে কোস্ট গার্ড আজ এক আস্থা, নিরাপত্তা ও নির্ভরশীলতার প্রতীক।

বাংলাদেশ কোস্ট গার্ডের সাফল্যের পরিসংখ্যান

বাংলাদেশ কোস্ট গার্ড এর অপারেশনাল কর্মকাণ্ড বর্তমান বছরে অনেক বেশি বেগবান হয়েছে এবং সাফল্যের হারও বৃদ্ধি পেয়েছে আশাপ্রদভাবে। ২০১১ সালে বাংলাদেশ কোস্ট গার্ড প্রায় ৩০২ কোটি টাকার অধিক অবৈধ দ্রব্য-সামগ্রী আটক করেছে যা ২০০৮, ২০০৯ ও ২০১০ এই তিন বছরের আটককৃত দ্রব্য-সামগ্রীর মূল্যের যোগফলের সমান এবং ২০১০ সালের তুলনায় প্রায় চারগুণ বেশি ছিল। ইতিমধ্যেই আগস্ট ২০১২ পর্যন্ত প্রায় ৪৬০ কোটি টাকার মালামাল আটক করা হয়েছে। নিচের তুলনামূলক বার চার্টে বাংলাদেশ কোস্ট গার্ডের সাফল্যের একটি বছরওয়ারি প্রতিবেদন উপস্থাপিত হল:



ক। চোরাচালান প্রতিরোধ। শুধুমাত্র চোরাচালান প্রতিরোধ অপারেশনে বাংলাদেশ কোস্ট গার্ড ২০১১ সালে প্রায় ২৯ কোটি টাকার বিভিন্ন সামগ্রী আটক করেছে যা ছিল পূর্বের বছরের আটককৃত পণ্যের ৬ গুণ। এ বছরে আগস্ট ২০১২ পর্যন্ত মোট ২৮.৪৫ কোটি টাকার বিভিন্ন প্রকার চোরাচালান পণ্য ইতোমধ্যে আটক করা হয়েছে। চোরাচালান প্রতিরোধ অপারেশনের সাম্প্রতিক কয়েক বছরের একটি তুলনামূলক চিত্র নিচে উপস্থাপিত হল:



খ। মৎস্য সম্পদ রক্ষা। মৎস্য সম্পদ রক্ষা অভিযানে কোস্ট গার্ড ২০১১ সালে প্রায় ২৬২ কোটি টাকার ২৬০ মেঃ টন জাটকা/ইলিশ মাছ ও ২১ লক্ষ মিটার বিভিন্ন প্রকার অবৈধ জাল আটক করেছে যা পূর্বের ০৩ বছরের (০৩ বছরে অর্জিত সাফল্য সাড়ে ২২৯ কোটি) সম্মিলিত সাফল্যের যোগফলের চেয়েও বেশি। এ বছর আগস্ট ২০১২ পর্যন্ত ৪২২.৩৪ কোটি টাকার ৮৬.৩২ মেঃ টন জাটকা, প্রায় ০৭.৮৩ কোটি মিটার বিভিন্ন প্রকার জাল আটক করা হয়েছে। মৎস্য সম্পদ রক্ষা অভিযানে সাম্প্রতিক বছর গুলোতে বাংলাদেশ কোস্ট গার্ডের কার্যক্রমের একটি তুলনামূলক চিত্র নিচে উপস্থাপিত হল:

গ। মাদকদ্রব্য নিয়ন্ত্রণ। মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অভিযানে কোস্ট গার্ড নিয়মিতভাবে বিশেষ অপারেশন পরিচালনা করে ২০১১ সালে প্রায় সাড়ে ৬ কোটি টাকার মাদক আটক করে যার মধ্যে ইয়াবার পরিমাণ প্রায় ৭৯ হাজার। এ বছর আগস্ট মাস পর্যন্ত প্রায় ৭.৮৭ কোটি টাকার মাদক আটক করা হয়েছে যার মধ্যে ০১ লক্ষ পিস ইয়াবা, ১২,৮৯৭ বোতল/ক্যান বিভিন্ন প্রকার মাদক ও ৬.১৫ কেজি গাঁজা। সাম্প্রতিক বছরগুলোতে বাংলাদেশ কোস্ট গার্ডের মাদক বিরোধি অভিযানের একটি তুলনামূলক চিত্র নিচে উপস্থাপিত হল:

ঘ। জলদস্যুতা দমন ও অবৈধ অস্ত্র গোলাবারুদ উদ্ধার। সুন্দরবনসহ উপকূলীয় অঞ্চলে জলদুস্যতা ও বনদস্যুতা দমনে গত ২০১১-২০১২ সালে কোস্ট গার্ডের অপারেশনে জলদস্যু আটক অবৈধ অস্ত্র, তাজা গুলি ও বিপন্ন জেলেদের উদ্ধারের পরিসংখ্যান নিম্নে প্রদত্ত হল:

ক্রমিক	*আটককৃত মালামাল*	২০১১	২০১২
ক।	কুখ্যাত জলদস্যু (নিহত)	১০ জন	০৩ জন
খ।	জলদস্যু	৪৫ জন	১৫৪ জন
গ।	অবৈধ অস্ত্র	৪৮ টি	৪৪ টি
ঘ।	তাজা গোলা	২৩৬ রাউন্ড	৩১২ রাউন্ড
ঙ।	বিপন্ন জেলে উদ্ধার	৬৬ জন	৩৬ জন

ঙ। আন্তর্জাতিক স্বীকৃতি। বাংলাদেশ কোস্ট গার্ড কর্তৃক বিশেষ কার্যকরি পদক্ষেপ গ্রহণের ফলে চট্টগ্রাম বহিঃনোঙ্গরে বাণিজ্যিক জাহাজসমূহে ছিচকে চুরির ঘটনা উল্লেখযোগ্যভাবে হ্রাস পেয়েছে। আন্তর্জাতিক সংস্থা ReCAAP (Regional Co-operation Agreement on CoMYating Piracy and Armed Robbery Against Ships in Aisa) এর ২০১১ সালের বার্ষিক প্রতিবেদনে চট্টগ্রাম বহিঃনোঙ্গরে ছিচকে চুরির ঘটনা পূর্বের বছরের চেয়ে শতকরা ৫০% কমে গেছে বলে উল্লেখ করেছে। এ রিপোর্টের উল্লেখযোগ্য অংশ হচ্ছে:

"The improvement reported in 2011 was most evident in the South Asian region mainly in the port of Chittagong, Bangladesh, while that in the Southeast Asian region has remained fairly consistent when compared with 2010. The number of incidents at the port of Chittagong has decreased by 50% in 2011, the lowest number reported since 2008".

এ উন্নতির কারণ হিসেবে তারা উল্লেখ করেছে:

"There has been a significant improvement in the situation of the port of Chittagong in 2011 compared to 2008-2011. The Bangladesh Coast Guard and other maritime agencies had enhanced the security at the port of Chittagong".

এছাড়া কোস্ট গার্ডের নিরলস প্রচেষ্টার ফলে বঙ্গোপসাগরে জলদস্যুতা ও ডাকাতি প্রবণ এলাকা হিসেবে বাংলাদেশের দুর্নাম ঘুচেছে। যার প্রমাণস্বরূপ সম্প্রতি International Maritime Bureau (IMY) কর্তৃক বাংলাদেশি সমুদ্র বন্দরদ্বয়কে জলদস্যুতার উচ্চ ঝুঁকিপূর্ণ বন্দরের তালিকা হতে বাদ দেয়া হয়েছে। এছাড়া অনলাইন জার্নাল ডিফেন্স ওয়েব এবং ICC কমার্শিয়াল ক্রাইম সার্ভিসেস তাদের ওয়েব সাইটে এ বছর ১৯ জানুয়ারি বাংলাদেশি বন্দরসমূহে জলদস্যুতা/ছিচকে চুরি হ্রাস পাওয়া সংক্রান্ত একটি প্রতিবেদন প্রকাশ করে যেখানে বলা হয়:

"In South East Asia and the Indian subcontinent, vessels in Bangladesh reported 10 incidents of armed robbery in the approaches to Chittagong. This is a significant reduction from the 23 incidents reported in 2010 and reflects the initiatives taken by the Bangladesh Coast Guard to curb piracy in their water."

উপসংহার

জনসংখ্যার তুলনায় স্থলভাগ খুবই সীমিত হওয়ায় সমুদ্রের উপর নির্ভরশীলতার কোন বিকল্প নেই। আর এ বাস্তবতার নিরীখেই আমাদের সমুদ্র সীমানায় নজরদারি

বাড়ানোসহ আইন শৃঙ্খলা পরিস্থিতি নিয়ন্ত্রণে রাখার জন্য ১৯৯৫ সালে বাংলাদেশ কোস্ট গার্ড গঠিত হয়। অর্পিত দায়িত্বের তুলনায় জনবল এবং প্রয়োজনীয় সরঞ্জামাদি খুবই অপ্রতুল হওয়া সত্ত্বেও কোস্ট গার্ড জনগণের প্রত্যাশা পূরণে আপ্রাণ চেষ্টা চালিয়ে যাচ্ছে এবং অকৃত্রিম দেশপ্রেমের স্বীকৃতি হিসেবে আন্তর্জাতিক সংস্থা ReCAAP এবং IMY কর্তৃক কোস্ট গার্ডের চলমান কার্যক্রম ব্যাপকভাবে প্রশংসিত হয়েছে। সাম্প্রতিককালে আমাদের সমুদ্র এলাকায় সংঘটিত কয়েকটি স্পর্শকাতর ঘটনা এবং 'ইটলস' এর মাধ্যমে সমুদ্র বিজয়ের ফলে আমাদের সমুদ্র এলাকায় আইন শৃঙ্খলা পরিস্থিতি নিয়ন্ত্রণে রাখাসহ কর্তৃত্ব বজায় রাখার কোন বিকল্প নেই। আর এ জন্য উপকূল তথা সমুদ্র এলাকায় নজরদারির দায়িত্বে নিয়োজিত বাংলাদেশ কোস্ট গার্ডকে প্রয়োজনীয় জলযান, জনবল, অবকাঠামো এবং গভীর সমুদ্রে টহলদানে সক্ষম বড় জাহাজ প্রদানের মাধ্যমে শক্তিশালী করা হলেই কেবল মাত্র আমাদের সমুদ্র এলাকার আইন শৃঙ্খলা পরিস্থিতি নিয়ন্ত্রণসহ পুরোপুরি কর্তৃত্ব বজায় রাখা সম্ভব হবে। আমাদের সামুদ্রিক মৎস্যসম্পদসহ অন্যান্য খনিজ সম্পদের অফুরন্ত ভাণ্ডার হওয়ায় যেকোন অশুভ শক্তির হাত হতে তা রক্ষা করার দায়িত্ব আমাদেরই। আমাদের সমুদ্র এলাকার গুরুত্ব অনুধাবন করে কোস্ট গার্ডের চলমান কর্মকাণ্ড ও সাফল্য বিবেচনায় এনে কোস্ট গার্ডকে শক্তিশালী করা সম্ভব হলে আমাদের সমুদ্র এলাকার আইন শৃঙ্খলা পরিস্থিতি নিয়ন্ত্রণসহ নজরদারি বাড়ানোর বিষয়টি অনেকাংশে নিশ্চিত করা সম্ভব হবে।

রিয়ার এডমিরাল কাজী সারোয়ার হোসেন, (ট্যাজ), (সিডি), এনসিসি, পিএসসি, বিএন Britannia Royal Naval College, UK হতে গ্র্যাজুয়েশন সম্পন্ন করে ১৯৮০ সালে বাংলাদেশ নৌবাহিনীতে কমিশন লাভ করেন। তিনি ১৯৮৩ সালে যুক্তরাষ্ট্র নৌবাহিনীর Seal Training School হতে Underwater Demolition Training সম্পন্ন করেন এবং পরবর্তীতে ভারতীয় নৌবাহিনীর ASW School, Kochi হতে Anti Submarine Warfare এর উপর বিশেষায়িত প্রশিক্ষণ গ্রহণ করেন। তিনি ডিফেন্স সার্ভিসেস কমান্ড এন্ড স্টাফ কলেজ, মিরপুর, ঢাকা এবং ডিফেন্স সার্ভিসেস স্টাফ কলেজ ওয়েলিংটন, ভারতের একজন গ্র্যাজুয়েট। এডমিরাল সারোয়ার Edward University, USA হতে MBA এবং University of Madras, India হতে MSc ডিগ্রি প্রাপ্ত হন। তিনি ১৯৯৯ সালে US Naval War College হতে Naval Command Course সম্পন্ন করেন। এছাড়াও তিনি নৌবাহিনীর বিভিন্ন ঘাঁটি ও যুদ্ধ জাহাজে অধিনায়ক হিসেবে দায়িত্ব পালন করেছেন। ইতিপূর্বে তিনি কমডোর কমান্ডিং, খুলনা হিসেবে কর্মরত ছিলেন। তিনি প্রধানমন্ত্রীর কার্যালয়ে (সশস্ত্র বাহিনী বিভাগ) ডাইরেক্টর অব সিভিল এন্ড মিলিটারি রিলেশনস হিসেবে দায়িত্ব পালন করেন। দীর্ঘ চাকুরি জীবনে তিনি অনেক উল্লেখযোগ্য পেশাগত প্রবন্ধ রচনা করেন যা দেশি-বিদেশি বিভিন্ন ম্যাগাজিন ও জার্নালে প্রকাশিত হয়। বর্তমানে তিনি বাংলাদেশ কোস্ট গার্ড-এর মহাপরিচালক হিসেবে দায়িত্ব পালন করছেন।

বঙ্গবন্ধু এ্যারোনটিক্যাল সেন্টার ঃ স্বনির্ভরতার পথে বাংলাদেশ বিমান বাহিনী

গ্রুপ ক্যাপ্টেন এম কামরুল এহ্সান, এনডিসি, পিএসসি

বাংলাদেশের স্বাধীনতা যুদ্ধের ক্রান্তিলগ্নে ১৯৭১ সালের ২৮ সেপ্টেম্বর বাংলাদেশ বিমান বাহিনী মাত্র তিনটি বিমান নিয়ে স্বতন্ত্র বাহিনী হিসেবে আত্মপ্রকাশ করে। অতি অল্প পরিসরে একটি বাহিনীকে সংগঠিত করে বিমান বাহিনীর অকুতোভয় সদস্যগণ বাংলাদেশের স্বাধীনতা যুদ্ধে যে অসামান্য সাফল্য অর্জন করেন তা বিশ্ববাসীর কাছে সর্বস্বীকৃত। সময়ের বিবর্তনে স্বাধীনতার ৪১ বছর পর বর্তমানে বাংলাদেশ বিমান বাহিনী একটি পরিণত ও সুশৃঙ্খল বাহিনী হিসেবে ১৬০টিরও অধিক বিমান পরিচালনা করে জাতীয় ও আন্তর্জাতিক পরিমণ্ডলে গুরুত্বপুর্ণ ভূমিকা পালন করছে। বাংলাদেশ বিমান বাহিনী স্বল্প সংখ্যক দেশের মধ্যে অন্যতম যেখানে চতুর্থ প্রজন্মের বিমান মিগ-২৯ পরিচালনা ও রক্ষণাবেক্ষণ করার বিরল কৃতিত্ব তার রয়েছে। এছাড়া বর্তমানে বাংলাদেশ বিমান বাহিনীতে উল্লেখযোগ্য সংখ্যক চীনের নির্মিত বিভিন্ন সিরিজের এফ-৭ যুদ্ধবিমান, এ-৫ যুদ্ধবিমান, এফটি-৬ যুদ্ধবিমান, পিটি-৬ প্রশিক্ষণ বিমান; চেক প্রজাতন্ত্রের নির্মিত এল-৩৯ প্রশিক্ষণ বিমান, ইউক্রেনের নির্মিত এএন-৩২ ও যুক্তরাষ্ট্রের নির্মিত সি-১৩০ পরিবহন বিমান প্রশিক্ষণ ও পরিচালনার কাজে ব্যবহৃত হয়ে আসছে। তাছাড়া বাংলাদেশ বিমান বাহিনী রাশিয়া ও যুক্তরাষ্ট্র কর্তৃক নির্মিত উল্লেখযোগ্য সংখ্যক এমআই-১৭, এমআই-১৭১SH ও বেল হেলিকপ্টার দেশের প্রয়োজনে বিভিন্ন গুরুত্বপুর্ণ কাজে (ভিভিআইপি/ভিআইপি, রিলিফ) উড্ডয়ন কার্যক্রম পরিচালনা করে আসছে। এসব বিমান ও হেলিকপ্টারসমূহ বাংলাদেশের আকাশ প্রতিরক্ষার পাশাপাশি জাতীয় ও আন্তর্জাতিক পরিমণ্ডলে যেমন জাতিসংঘ শান্তিরক্ষা মিশনসহ আন্তর্জাতিক Disaster Relief Operation কাজেও ব্যবহৃত হচ্ছে। বিমান/হেলিকপ্টার পরিচালনা ছাড়াও আকাশ প্রতিরক্ষার কাজে দেশের বিভিন্ন স্থানে বাংলাদেশ বিমান বাহিনী কর্তৃক উল্লেখযোগ্য সংখ্যক র‍্যাডার ব্যবহৃত হয়ে আসছে। অতি সম্প্রতি বাংলাদেশ বিমান বাহিনীতে অন্তর্ভুক্ত Surface to Air Missile (SAM) সিস্টেমের মাধ্যমে আমাদের বিমান বাহিনী শত্রুপক্ষের বিমান বা মিসাইলকে স্বল্প দূরত্বে আকাশেই ঘায়েল করার ক্ষমতা অর্জন করেছে।

এসব অতি মূল্যবান সরঞ্জামসমূহের সঠিক রক্ষণাবেক্ষণ বিমান বাহিনীর অন্যতম প্রধান দায়িত্ব। বাংলাদেশ বিমান বাহিনীর বাৎসরিক বাজেটের একটি উল্লেখযোগ্য অংশ এসব সরঞ্জামসমূহের রক্ষণাবেক্ষণ ও প্রশিক্ষণের কাজে ব্যয় হয়। বিমান বাহিনীর কারিগরি শাখার কর্মকর্তা ও বিমানসেনাগণ তাদের মেধা ও নিরলস প্রচেষ্টার মাধ্যমে এসব অত্যাধুনিক সরঞ্জামসমূহের সঠিক রক্ষণাবেক্ষণ করে এর কার্যোপযোগিতা নিশ্চিত করে যাচ্ছে। এখানে উল্লেখ্য যে, বিগত প্রায় ২৫ বছর যাবৎ যুক্তরাষ্ট্রের নির্মিত বেল হেলিকপ্টারের ওভারহলিং এর কাজ বাংলাদেশ বিমান বাহিনীর ২০৮ রক্ষণাবেক্ষণ ইউনিটে সম্পাদিত হয়ে আসছে। এ ইউনিটটি ১৯৮৬ সালে চালু হবার পর থেকে আজ পর্যন্ত প্রায় ৬৬টি বেল-২১২ হেলিকপ্টার ও ১২টি বেল-২০৬ হেলিকপ্টারের ওভারহলিং এর কাজ সম্পন্ন করেছে। এখানে ওভারহলিং এর পর হেলিকপ্টারগুলো ৮০,০০০ ঘণ্টা উড্ডয়নের মাধ্যমে রক্ষণাবেক্ষণে স্বনির্ভরতা অর্জনের পাশাপাশি বিমান উড্ডয়ন নিরাপত্তায় বিরল দৃষ্টান্ত স্থাপন করেছে। দেশে নিজস্ব টেকনিশিয়ানদের দ্বারা ওভারহলিং এর কাজ সম্পন্ন হওয়ায় বিগত ২৫ বছরে আনুমানিক ৪৭৬.৫ কোটি টাকার বৈদেশিক মুদ্রা সাশ্রয় হয়েছে। অধিকন্তু, এ ইউনিটে ওভারহলিং এর পর ২১টি হেলিকপ্টার জাতিসংঘের শান্তিরক্ষা মিশনে নিয়োজিত থেকে প্রায় ১৮,০০০ ঘন্টা উড্ডয়নের মাধ্যমে প্রায় সাড়ে চারশ কোটি টাকার বৈদেশিক মুদ্রা অর্জন করেছে।

বাংলাদেশ বিমান বাহিনী বেসিক প্রাইমারি ট্রেইনার হিসেবে ১৯৭৭ সাল থেকে পিটি-৬ বিমান ব্যবহার করে আসছে। ১৯৯৪ সালে বাংলাদেশ বিমান বাহিনী প্রথমবারের মত ২১০ রক্ষণাবেক্ষণ ইউনিটের মাধ্যমে পিটি-৬ বিমানের ওভারহলিং এর সক্ষমতা অর্জন করে। পূর্বে এ বিমানসমূহ চীন হতে ওভারহলিং করা হতো এবং এর ফলে প্রচুর বৈদেশিক মুদ্রা ব্যয় হতো। ২১০ রক্ষণাবেক্ষণ ইউনিটের মাধ্যমে এ পর্যন্ত ৯০টি পিটি-৬ বিমানের ওভারহলিং এর কাজ সম্পন্ন করে বাংলাদেশ বিমান বাহিনী এ প্রশিক্ষণ বিমানের রক্ষণাবেক্ষণে স্বনির্ভরতা অর্জনের পাশাপাশি প্রায় ৪৫ কোটি টাকার বৈদেশিক মুদ্রা সাশ্রয় করেছে।

বিমান বাহিনীর যে কোন অত্যাধুনিক সরঞ্জামের জন্য ইলেকট্রনিক্স একটি অবিচ্ছেদ্য অংশ। বিমান বাহিনীর ইলেকট্রনিক্স যন্ত্রপাতি রক্ষণাবেক্ষণের জন্য ১৯৮২ সালে ২০৫ রক্ষণাবেক্ষণ ইউনিট গঠিত হয়। এরপর থেকে এ ইউনিটের মাধ্যমে প্রচুর সংখ্যক ইলেক্ট্রনিক্স যন্ত্রাংশ তৈরি করা হয়েছে এবং বাংলাদেশ বিমান বাহিনীতে ব্যবহৃত বিভিন্ন

ধরনের ইলেকট্রনিক্স যন্ত্রাংশের মেরামত ও রক্ষণাবেক্ষণ সম্পন্ন করা হচ্ছে। এ ছাড়াও গবেষণা ও উন্নয়নের মাধ্যমে উল্লেখযোগ্য সংখ্যক ইলেক্ট্রনিক্স সরঞ্জাম উদ্ভাবন করে প্রচুর বৈদেশিক মুদ্রা সাশ্রয় করা সম্ভব হয়েছে।

বিমান বাহিনীতে ব্যবহৃত অধিকাংশ সরঞ্জামই উন্নত এবং অত্যাধুনিক প্রযুক্তি নির্ভর। বর্তমান বিশ্বে প্রতিনিয়তই এসব প্রযুক্তির উন্নতি সাধিত হচ্ছে। তাই সর্বশেষ প্রযুক্তির সাথে সমন্বয় ঘটিয়ে বিমান বাহিনীর বিভিন্ন সরঞ্জামের কার্যোপযোগিতা নিশ্চিত করা এবং এগুলোর উত্তরোত্তর উন্নয়ন সাধন ও রক্ষণাবেক্ষণে স্বনির্ভরতা অর্জন করা অপরিহার্য হয়ে উঠেছে। এজন্য প্রয়োজন এমন কারিগরি দক্ষতাসম্পন্ন জনবল ও একটি স্বতন্ত্র প্রতিষ্ঠান যার মাধ্যমে বর্তমান বিশ্বের সর্বদা বিকাশমান উন্নত প্রযুক্তি প্রয়োগ করে বিমান বাহিনী তথা সার্বিকভাবে বাংলাদেশের এভিয়েশন সেক্টর অর্থনৈতিকভাবে লাভজনক প্রযুক্তি উদ্ভাবন করতে পারে। বর্তমানে বিমান বাহিনীতে রয়েছে দেশে ও বিদেশে প্রশিক্ষণপ্রাপ্ত উল্লেখযোগ্য সংখ্যক কারিগরি জনবল। কারিগরি দক্ষতা বাড়ানোর লক্ষ্যে বিমানসেনাদের প্রশিক্ষণের মেয়াদ ও সিলেবাসে ব্যাপক পরিবর্তন করা হয়েছে। এর ফলে কারিগরি প্রশিক্ষণার্থীগণ আধুনিক প্রযুক্তি সম্বন্ধে অধিকতর সম্যক জ্ঞান লাভ করার সুযোগ পেয়েছে। যার প্রতিফলন ইতোমধ্যেই বিমান বাহিনীতে দৃশ্যমান। বিগত কয়েক বছর ধরে বিমান বাহিনীর বিভিন্ন ধরনের সরঞ্জামের বিদেশে ওভারহলিং এর সময় একটি কারিগরিদল সেখানে উপস্থিত থেকে ব্যবহারিক জ্ঞান অর্জন করেছে। এর ফলে কর্মকর্তা ও কারিগরি পেশার বিমানসেনাদের সমন্বয়ে একটি সুদক্ষ কারিগরি দল বিমান বাহিনীর অত্যাধুনিক সরঞ্জাম যেমন বিমান, হেলিকপ্টার, বিভিন্ন ধরনের ইঞ্জিন, র‍্যাডার ইত্যাদির ওভারহলিং বিষয়ে ইতোমধ্যেই প্রশিক্ষণপ্রাপ্ত হয়েছে। দেশে বিদেশে বাংলাদেশ বিমান বাহিনীর কর্মকর্তা ও বিমানসেনাদের দক্ষতা ইতোমধ্যেই বিভিন্ন পর্যায়ে প্রশংসিত হয়েছে। বিগত প্রায় ১৮ বছর ধরে জাতিসংঘ শান্তিরক্ষী বাহিনীতে নিয়োজিত হেলিকপ্টার ও বিমানের প্রায় শতভাগ কার্যপোযোগিতা নিশ্চিতকরণে বিমান বাহিনীর কারিগরি ও পরিচালনার কাজে নিয়োজিত প্রতিটি সদস্যের সততা, নিষ্ঠা, নিরলস পরিশ্রম ও দক্ষতা জাতিসংঘের বিভিন্ন পর্যায়ে প্রশংসিত হয়েছে। এটা নিশ্চিত করে বলা যায়, বিমান বাহিনী তথা দেশের এভিয়েশন সেক্টর নেতৃত্ব বা পরিচালনার ক্ষেত্রে বিমান বাহিনীর কারিগরি জনবল সর্বদা প্রস্তুত হয়ে আছে।

পৃথিবীর যেসব উন্নত ও উন্নয়নশীল দেশ বিগত সময়ে এভিয়েশন সেক্টরে প্রভূত উন্নয়ন সাধিত হয়েছে তার মূলে রয়েছে সুদক্ষ কর্মকর্তা-কর্মচারীর সমন্বয়ে একটি সুশৃঙ্খল সংগঠন এবং সরকারের পৃষ্ঠপোষকতা। আমাদের প্রতিবেশী দেশ ভারতে Hindustan Aeronautical Limited (HAL) এর উদ্ভব হয়েছিল ১৯৬৪ সালে ভারত সরকারের প্রত্যক্ষ পৃষ্ঠপোষকতায়। সময়ের বিবর্তনে আজ HAL বিশ্বের দরবারে এভিয়েশন সেক্টরে একটি সাফল্যের মাইলফলক হিসেবে পরিচিতি লাভ করেছে। যাত্রা শুরুর মাত্র ১৩ বছরের মধ্যে HAL ভারতীয় বিমান বাহিনীর জন্য Primary Trainer HPT-2 Deepak নামে একটি বিমান প্রস্তুত করতে সক্ষম হয়। HAL এর সাফল্যগাথা ইতিহাসের মধ্যে অন্যতম হচ্ছে ৩,৬৫৮টি বিমান/হেলিকপ্টার ও ৮,১৭৮টি ইঞ্জিন প্রস্তুতকরণ, ২৭২টি বিমানের Up-gradation এবং ৯,৬৪৩টি বিমান ও ২৯,৭৭৫টি ইঞ্জিনের ওভারহলিং। বর্তমানে HAL এর বার্ষিক টার্নওভার ১৯,১১৬ কোটি রুপি এবং বার্ষিক মুনাফা ২,৮৪০ কোটি রুপি। একইভাবে বর্তমানে উন্নয়নশীল দেশ ব্রাজিলে সরকারি পৃষ্ঠপোষকতায় ১৯৬৯ সালে EMBRAER নামক এভিয়েশন কোম্পানি গঠিত হয়। গঠনের পর মাত্র ১১ বছরের মধ্যে EMB312 Tucano নামে Basic Primary Trainer বিমান তৈরি করতে সমর্থ হয়। এ বিমানটি ইতোমধ্যেই বর্তমান সময় পর্যন্ত অন্যতম সফল Basic Primary Trainer বিমান হিসেবে পরিচিতি পেয়েছে, যা পৃথিবীর প্রায় ১৫টি দেশের বিমান বাহিনীতে ব্যবহৃত হয়ে আসছে। এর মধ্যে আর্জেন্টিনা, ব্রাজিল, ফ্রান্স, যুক্তরাজ্য অন্যতম। EMBRAER এ পর্যন্ত পৃথিবীর ৯২টি দেশের জন্য বিভিন্ন ধরনের প্রায় ৫০০০টি বিমান তৈরি করেছে। একই ধরনের সাফল্যগাথার ইতিহাস আছে পৃথিবীর বিভিন্ন উন্নয়নশীল দেশে যেখানে সরকারি পৃষ্ঠপোষকতায় এভিয়েশন সেক্টরের প্রভূত উন্নতি সাধিত হয়েছে।

বাংলাদেশ বিমান বাহিনী তার কারিগরি দলের দক্ষতা ও মেধাকে কাজে লাগিয়ে বিভিন্ন দেশের দৃষ্টান্ত অনুসরণ করে একটি এভিয়েশন সংগঠন প্রতিষ্ঠা করার স্বপ্ন বহুদিন ধরে লালন করে আসছে। এভিয়েশন সেক্টরে ভবিষ্যতে বাংলাদেশের অপার সম্ভাবনার কথা চিন্তা করে ইতোমধ্যেই বাংলাদেশ বিমান বাহিনীতে যুগান্তকারী কিছু পদক্ষেপ নেয়া হয়েছে। এর মধ্যে চীনের সহায়তায় প্রথমবারের মত যুদ্ধবিমানের ওভারহলিং এর কাজ বাংলাদেশ বিমান বাহিনীতে সম্পন্ন করার জন্য ইতোমধ্যেই মাননীয় প্রধানমন্ত্রী এফ-৭ ওভারহলিং Plant এর ভিত্তিপ্রস্তর স্থাপন করেছেন। বর্তমানে এ ইউনিটের নির্মাণ কাজ চলছে এবং ইতোমধ্যেই প্রথম যুদ্ধবিমানের ওভারহলিং এর কাজ এখানে শুরু হয়েছে। এখানে যেসব সরঞ্জাম ব্যবহৃত হবে সেগুলো দিয়ে অদূর ভবিষ্যতে বাংলাদেশ বিমান

বাহিনীতে ব্যবহৃত বিমান ও হেলিকপ্টারের যন্ত্রাংশের একটি উল্লেযোগ্য অংশ দেশেই তৈরি করা সম্ভব হবে। বাংলাদেশ বিমান বাহিনীতে ব্যবহৃত অধিকাংশ যুদ্ধবিমান চীন হতে সংগৃহীত। তাই আশা করা যায় আগামী ১০ বছরে এ ইউনিটের মাধ্যমে বিমান বাহিনীর যুদ্ধবিমানের ওভারহলিং এর কাজ করার মাধ্যমে আনুমানিক ৫০০ কোটি টাকার বৈদেশিক মুদ্রা সাশ্রয় করা সম্ভব হবে। তাছাড়াও বর্তমান অর্থবছরে এমআই-১৭ ওভারহলিং Plant বাংলাদেশে স্থাপনের প্রক্রিয়া চলমান রয়েছে। বাংলাদেশ বিমান বাহিনীতে বর্তমানে যেসব ওভারহলিং ইউনিটসমূহ চালু রয়েছে এবং অদূর ভবিষ্যতে যেসব ওভারহলিং ইউনিটের কাজ শুরু হবে (যেমন এমআই-১৭ ওভারহলিং Plant) সেগুলোকে একটি স্বতন্ত্র সাংগঠনিক কাঠামোর আওতায় আনার জন্য মাননীয় প্রধানমন্ত্রী ২০১১ সালের ৪ ডিসেম্বর তারিখ Bangabandhu Aeronautical Centre (BAC) নামে একটি স্বতন্ত্র প্রতিষ্ঠানের ভিত্তিপ্রস্তর স্থাপন করেছেন। প্রাথমিকভাবে BAC এর উল্লেখযোগ্য প্রতিষ্ঠানগুলো হচ্ছে বাংলাদেশ বিমান বাহিনীর ২০৮ রক্ষণাবেক্ষণ ইউনিট (বেল হেলিকপ্টার ওভারহলিং ইউনিট), ২১০ রক্ষণাবেক্ষণ ইউনিট (পিটি-৬ বিমান ওভারহলিং ইউনিট), ২০৫ রক্ষণাবেক্ষণ ইউনিট (ইলেক্ট্রনিক্স সরঞ্জাম ওভারহলিং ইউনিট), ২০৩ রক্ষণাবেক্ষণ ইউনিট (গোলাবারুদ ওভারহলিং ইউনিট) এবং ২১৪ রক্ষণাবেক্ষণ ইউনিট (এফ-৭ ওভারহলিং ইউনিট)। এসব ইউনিটসমূহের মধ্যে সমন্বয় সাধন করা এবং Capacity Building এর মাধ্যমে আরো বড় পরিসরে জাতীয় পর্যায়ে Aviation Sector এর উন্নতি সাধন করাই BAC গঠনের অন্যতম উদ্দেশ্য। BAC এর মাধ্যমে দেশের এভিয়েশন সেক্টরে বাংলাদেশ বিমান বাহিনীর বিগত ৪০ বছরের অভিজ্ঞতাকে কাজে লাগিয়ে অন্যান্য উন্নয়নশীল কিছু দেশের মত জাতীয় উন্নতিতে অবদান রাখার সম্ভাবনার দ্বার উন্মোচিত হয়েছে। ইতোমধ্যেই বাংলাদেশ বিমান বাহিনী BAC এর ভবিষ্যৎ কর্মপরিকল্পনা স্থির করেছে। এছাড়া কয়েকটি প্রসিদ্ধ বিমান প্রস্তুতকারক প্রতিষ্ঠানের সাথে Joint Venture এর মাধ্যমে আগামী ১০ বছরের মধ্যে একটি Basic Primary Trainer তৈরির প্রাথমিক আলোচনা শুরু হয়েছে।

এদেশে তৈরিকৃত Basic Primary Trainer প্রশিক্ষণ বিমান বাংলাদেশ বিমান বাহিনীর চাহিদা পূরণ করেও বিদেশে রপ্তানি করা যাবে এবং আয় করা যাবে প্রচুর বৈদেশিক মুদ্রা। বাংলাদেশে বেসরকারি বিমান পরিবহন খাতে বিগত কয়েক বছরে প্রভূত উন্নতি হয়েছে এবং তা উত্তরোত্তর বৃদ্ধি পাচ্ছে। তাছাড়া সেনাবাহিনী, নৌবাহিনীসহ অন্যান্য আধাসামরিক বাহিনী যেমন র‍্যাব, পুলিশ ইত্যাদিতেও হেলিকপ্টার/বিমানের ব্যবহার আগামী দিনে ব্যাপকভাবে বৃদ্ধি পাবে। তাই বাংলাদেশ বিমান বাহিনী, সেনাবাহিনী, নৌবাহিনী এবং আধাসামরিক বাহিনীসহ দেশের বেসরকারি বিমান পরিবহন সংস্থাগুলোকে কারিগরি সহায়তা প্রদানের মাধ্যমে BAC গুরুত্বপূর্ণ ভূমিকা পালন করতে পারে। বর্তমানে Military Institute of Science and Technology (MIST) তে অধ্যয়নরত ছাত্রছাত্রীদের দৈনন্দিন ও উচ্চশিক্ষায় গবেষণা কেন্দ্র হিসেবেও BAC কে ব্যবহার করা যেতে পারে। বাংলাদেশ বিমান বাহিনীর অনুরোধে সাড়া দিয়ে গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার BAC গঠনের প্রয়োজনীয় সহায়তা প্রদানের প্রতিশ্রুতি দিয়েছে এবং বাংলাদেশ বিমান বাহিনী ইতোমধ্যেই BAC এর সাংগঠনিক কাঠামো তৈরি করার প্রাথমিক কার্যাদি সম্পন্ন করেছে। বাংলাদেশ বিমান বাহিনীর প্রতিটি সদস্য BAC কে একটি আন্তর্জাতিকমানের প্রতিষ্ঠানে পরিণত করে এর মাধ্যমে দেশের উন্নতিতে অংশগ্রহণ করতে প্রতিজ্ঞাবদ্ধ।

সকল দেশবাসীকে সঙ্গে নিয়ে বাংলাদেশ বিমান বাহিনী BAC কর্তৃক প্রস্তুতকৃত বিমান আমাদের আকাশে উড়িয়ে স্বাধীনতার সুবর্ণ জয়ন্তী পালন করবে বলে দৃঢ় প্রত্যয় ব্যক্ত করেছে।

গ্রুপ ক্যাপ্টেন এম কামরুল এহ্‌সান, এনডিসি, পিএসসি ১৯৮৬ সালের ১৫ জুন বাংলাদেশ বিমান বাহিনীতে ইঞ্জিনিয়ারিং শাখায় কমিশন লাভ করেন। তিনি বাংলাদেশ প্রকৌশল বিশ্ববিদ্যালয় থেকে বিএসসি ইঞ্জিনিয়ারিং (যন্ত্রকৌশল) ডিগ্রি অর্জন করেন। তিনি মিরপুর ডিফেন্স সার্ভিসেস কমান্ড ও স্টাফ কলেজ হতে স্টাফ কোর্স এবং ন্যাশনাল ডিফেন্স কলেজ, মিরপুর হতে ন্যাশনাল ডিফেন্স কোর্স সম্পন্ন করেন। চাকুরি জীবনে তিনি বিমান বাহিনীর বিভিন্ন ঘাঁটি ও বিমান সদরে পেশাগত দায়িত্ব পালন করেন। তিনি এডিএ (এয়ার) হিসেবে চীনে অবস্থিত বাংলাদেশ দূতাবাসে নিয়োজিত ছিলেন। বর্তমানে তিনি বিমান সদরে প্রকল্প পরিচালক হিসেবে কর্মরত আছেন।

স্বাধীনতা যুদ্ধের চেতনায় নবপ্রজন্ম

ক্যাপ্টেন খান সজিবুল ইসলাম, আর্টিলারি

ভূমিকা

যে স্বপ্নের প্রদীপ একদা বুনন করে দিয়েছে বাংলার সূর্য সন্তানেরা, তার দৃপ্ত বাস্তবায়নের দায়িত্ব আমাদের। বাংলাদেশের মুক্তিসংগ্রাম আজ মানব ইতিহাসের এক স্বর্ণোজ্জ্বল অধ্যায় রূপে পরিগণিত। বিশ্ব মানচিত্রে স্বাধীন ও সার্বভৌম রাষ্ট্র হিসেবে বাংলাদেশের প্রতিষ্ঠা এ সংগ্রামেরই সর্বশ্রেষ্ঠ ফল। বাঙালির হাজার বছরের ইতিহাসে এর চেয়ে গৌরবজনক ঘটনা আর নেই। স্বাধীনতার স্বপ্ন সে চিরকাল দেখে এসেছে। কিন্তু এই প্রথম জাতি ধর্ম নির্বিশেষে সমগ্র বাঙালি জাতি সুসংহত কর্মোদ্যম ও ঐক্যের পরিচয় দিয়ে নিদারুণ রক্তমূল্যে আকাঙ্খিত স্বাধীনতা অর্জনে সমর্থ হয়েছে। পাকিস্তানি শাসন শোষণের বিরুদ্ধে ১৯৭১ সালের মুক্তিসংগ্রাম বাঙালির বহুকালের সংগ্রামের ইতিহাসে এক সার্থক উজ্জ্বল অধ্যায়। তাই একাত্তরের মুক্তি সংগ্রাম যে আমাদের জাতীয় ইতিহাসের সবচেয়ে গৌরবময় ও তাৎপর্যপূর্ণ ঘটনা তাতে কোন সন্দেহ নেই। কিন্তু একবিংশ শতাব্দির নতুন প্রজন্ম পাশ্চাত্য সংস্কৃতি ও বিশ্বায়নের ফলে মুক্তিযুদ্ধের মূল চেতনার পথ থেকে ক্রমশ দূরে সরে যাচ্ছে বলে প্রতীয়মান, যা জাতি হিসেবে আমাদের কাছে হতাশাজনক। ভবিষ্যৎ প্রজন্মের মাঝে স্বাধীনতার চেতনা ছড়িয়ে দিয়ে তাকে পরিশীলিত চর্চার মাধ্যমে সকলকে দেশ প্রেমে বলিয়ান করে গড়ে তুলতে হবে। তবেই নব প্রজন্ম স্বাধীনতা যুদ্ধের চেতনায় উজ্জীবিত হয়ে অগ্রসর হবে দীপ্তিময় উন্নয়নের শ্রেষ্ঠ শিখরে।

মুক্তিযুদ্ধের চেতনা

নিঃসন্দেহে একাত্তরে আপামর বাঙালি একটি স্বতন্ত্র ভূখণ্ডের জন্য যে জীবনপণ যুদ্ধে নেমেছিল তাতে রাজনৈতিক চেতনারই প্রাধান্য ছিল। তবে সে চেতনারও বাস্তব ভিত্তি ছিল। স্বাধীন বাংলাদেশের স্বপ্নেরও দৃঢ় আর্থ-সামাজিক পটভূমি ছিল। বাঙালি জাতির মুক্তির আকাঙ্খা একদিনে গড়ে ওঠেনি। এ সাধনার পেছনে মূলত যেসব আকাঙ্খা কাজ করেছে, সেগুলোর মধ্যে আত্মমর্যাদার সঙ্গে নিরাপদ জীবনযাপনের ইচ্ছেটিই ছিল প্রধান। তাই বায়ান্নর ভাষা আন্দোলন, চুয়ান্নর নির্বাচন, ষাটের দশকে পূর্ণাঙ্গ স্বায়ত্তশাসনের আন্দোলন, সত্তরের নির্বাচন এবং সর্বশেষে একাত্তরের মুক্তিযুদ্ধে বাঙালি ভালোভাবে খেয়ে পরে জীবনের উৎকর্ষ সাধনের অভিপ্রায় প্রকাশ করতে মোটেও দ্বিধা করেনি।

অসহযোগ আন্দোলনের সময় বাঙালি নেতৃবৃন্দ স্বতন্ত্র রাষ্ট্র কাঠামো পরিচালনার মাধ্যমে এসব আকাঙ্খা বাস্তব রূপায়ণের যে দৃষ্টান্ত স্থাপন করেন তার ফলে বেশিরভাগ মানুষ সত্যি সত্যি একটি স্বাধীন জাতির অভ্যুদয়ের ব্যাপারে অনেকটাই সন্দেহমুক্ত হতে থাকেন। যার ধারাবাহিকতায় জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের ঐতিহাসিক ৭ মার্চের ভাষণ একাত্ম করেছিল সমগ্র জাতিকে পশ্চিম পাকিস্তানের বিরুদ্ধে। যার বহিঃপ্রকাশ ১৬ ডিসেম্বর এর চূড়ান্ত বিজয়।

মুক্তিযুদ্ধের চেতনায় নতুন প্রজন্ম

নতুন প্রজন্মকে মুক্তিযুদ্ধের চেতনায় বলিয়ান করতে নিম্নোক্ত পদক্ষেপগুলো গ্রহণ করা যেতে পারে:

ক। **নতুন নীতিমালা প্রণয়ন**। বর্তমান সরকার নতুন প্রজন্মের কাছে স্বাধীনতার সঠিক ইতিহাস উপস্থাপনার জন্য সুস্পষ্ট নীতিমালা প্রণয়ন করেছে যার মাধ্যমে নতুন প্রজন্ম মুক্তিযুদ্ধের সঠিক ইতিহাস সম্পর্কে জানতে পারবে। বিভিন্ন পাঠ্যপুস্তক, মুক্তিযুদ্ধের স্মারক সংরক্ষণ, প্রদর্শন ও অন্যান্য বিবিধ বিষয় এ নীতিমালায় অন্তর্ভুক্ত করা হয়েছে। স্বাধীনতা যুদ্ধের চেতনা নব প্রজন্মের কাছে সঠিকভাবে উপস্থাপন করা আমাদের সবার পবিত্র দায়িত্ব। এ ক্ষেত্রে নীতিমালার আওতায় থাকবে সঠিক এবং নির্ভুল তথ্য। এ ক্ষেত্রে সংগৃহীত নীতিমালাকে স্থায়ী রূপ দিতে হবে। এজন্য বিভিন্ন ঘটনাবলীকে পাঠ্য পুস্তকের অন্তর্ভুক্ত করে ছাত্র/ছাত্রীদের মাঝে এমনভাবে পৌঁছে দিতে হবে যাতে তারা সঠিক ইতিহাস সম্পর্কে অবগত হয় এবং একই সাথে বুঝতে পারে আমরা কতটা আত্মত্যাগ ও সংগ্রামের মাধ্যমে স্বাধীনতা অর্জন করেছি। ছাত্র/ছাত্রীদের সকল শিক্ষার ভিত্তি যেন হয় দেশপ্রেম। সরকারি নীতিমালার মধ্যে অন্তর্ভুক্ত থাকবে বিভিন্ন স্কুল ক্যাম্পাসে মুক্তিযুদ্ধের স্মারক ও ভাস্কর্য যা দেখে মুক্তিযুদ্ধের ইতিহাস জানার জন্য নতুন প্রজন্মের মাঝে আগ্রহ তৈরি হবে। যে আগ্রহ থেকে তারা জানতে চাইবে মুক্তিযুদ্ধের সঠিক ইতিহাস। সুতরাং নতুন প্রজন্মকে মুক্তিযুদ্ধের সঠিক ইতিহাস সম্পর্কে অবগত করার জন্য সরকার এবং জনসাধারণকে একাত্ম হয়ে কাজ করতে হবে। সাথে সাথে সকল শ্রেণির পাঠ্যপুস্তকে মুক্তিযুদ্ধের স্মারক প্রকাশ, প্রদর্শন ও অন্যান্য বিবিধ বিষয় এ নীতিমালায় অন্তর্ভুক্ত করতে হবে।

খ। **বই পড়ার অভ্যাস।** বিভিন্ন শিক্ষা প্রতিষ্ঠানে ছাত্র-ছাত্রীদের মধ্যে মুক্তিযুদ্ধের বই পড়ার অভ্যাস গড়ে তুলতে হবে যাতে নতুন প্রজন্ম মুক্তিযুদ্ধের চেতনা তাদের অন্তরে ধারণ করতে পারে। এ জন্য সকল শিক্ষা প্রতিষ্ঠানের শিক্ষকদের এগিয়ে আসতে হবে এবং সরকার ও বিভিন্ন এনজিও কর্তৃক বিভিন্ন শিক্ষা প্রতিষ্ঠানে মুক্তিযুদ্ধের বই বিতরণ করা যেতে পারে। মুক্তিযুদ্ধের ইতিহাস নতুন প্রজন্মের কাছে সঠিকভাবে উপস্থাপন করার সবচেয়ে বড় মাধ্যম হচ্ছে বই। তাই নতুন প্রজন্মকে বই পড়ার অভ্যাস গড়ে তুলতে হবে। আমাদের গৌরবোজ্জ্বল ইতিহাসকে বই এর মাধ্যমে নতুন প্রজন্মের কাছে সুন্দর ও সঠিকভাবে উপস্থাপন করতে হবে। তাদের সুকৌশলে এবং আকর্ষণীয় শিক্ষা প্রদানের নিত্য নতুন কৌশল উদ্ভাবন করতে হবে যাতে নতুন প্রজন্মের মাঝে বই পড়ার অভ্যাস তৈরি হয়। বই পড়ার অভ্যাস গড়ে তোলার জন্য মুক্তিযুদ্ধভিত্তিক বিভিন্ন ধরনের বই নতুন প্রজন্মের হাতে তুলে দিতে হবে। এজন্য পর্যাপ্ত লাইব্রেরি গড়ে তুলতে হবে কেননা লাইব্রেরি হচ্ছে সুশীল সমাজের প্রধান আশ্রয়স্থল।

গ। **সভা সমিতির আয়োজন।** সভা সমিতির আয়োজন করে মুক্তিযুদ্ধের উল্লেখযোগ্য ইতিহাস, পটভূমি, মহৎ চেতনা এবং ঘটনা প্রবাহ নতুন প্রজন্মের কাছে নিশ্চিতভাবে পৌঁছে দিতে হবে। নতুন প্রজন্মকে মুক্তিযুদ্ধের চেতনাভিত্তিক ধারণা দেয়ার জন্য বিভিন্ন দিবস এবং অনুষ্ঠানে সভা সমিতি বা মুক্ত আলোচনার আয়োজন করতে হবে যার একমাত্র বিষয় থাকবে মুক্তিযুদ্ধ এবং এর চেতনা। বিভিন্ন দিবসগুলোতে ঐ দিনের তাৎপর্য অনুযায়ী নতুন প্রজন্মের জন্য সভা সমিতির আয়োজন করতে হবে, যে সভার আলোচনার একমাত্র বিষয় হবে মুক্তিযুদ্ধের চেতনা। এতে নতুন প্রজন্ম বুঝতে পারবে যে, আমরা জাতি হিসেবে কতটা সংগ্রামী ও ত্যাগী। নতুন প্রজন্ম যেন এ চেতনায় অনুপ্রাণিত হয়ে দেশপ্রেমে এগিয়ে আসে। সভা সমিতির আয়োজনের একমাত্র উদ্দেশ্য ও লক্ষ হবে মুক্তিযুদ্ধের চেতনা সম্পর্কে আমাদের নতুন প্রজন্মকে সচেতন করে তোলা এবং পাশাপাশি দেশপ্রেম ও সুনাগরিক হিসেবে গড়ে তোলা। তবেই সভা সমিতির আয়োজন সার্থক এবং সফল হবে। নিম্নোক্তভাবে সভা সমিতির আয়োজন করা যেতে পারে:

(১) স্কুলের শিক্ষকরা তাদের ছাত্র/ছাত্রীদের জন্য আলাদা ক্লাস ও আলোচনা সভার আয়োজন করতে পারেন।

(২) ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান কর্তৃক ইউনিয়ন পর্যায়ে সভা সমিতির আয়োজন করা।

(৩) উপজেলা নির্বাহী কর্মকর্তা কর্তৃক উপজেলা পর্যায়ে আলোচনা সভা, সেমিনার ইত্যাদি আয়োজন করা।

(৪) জেলা পর্যায়ে জেলা প্রশাসক কর্তৃক বিভিন্ন মতবিনিময় সভার আয়োজন করা।

(৫) স্কুল, কলেজ, মসজিদ, মাদ্রাসা ও বিভিন্ন শিক্ষা প্রতিষ্ঠানে মুক্তিযোদ্ধাদের আমন্ত্রণ জানানো।

ঘ। **সঠিক ইতিহাস উপস্থাপন।** স্বাধীনতার চল্লিশ বছর পেরিয়ে গেলেও আমরা নতুন প্রজন্মের কাছে সম্পূর্ণ গ্রহণযোগ্য কোন দলিল এখনও উপস্থাপন করতে পারিনি। এ প্রসঙ্গে মুক্তিযুদ্ধ মন্ত্রণালয় উল্লেখযোগ্য ভূমিকা রাখতে পারে। সঠিক ইতিহাস জাতির দর্পন স্বরূপ। একটি জাতির ঐতিহ্য কত বেশি বা জাতি হিসেবে কতটা সমৃদ্ধশালী তা বোঝা যায় সেই জাতির সুস্পষ্ট ইতিহাস দেখে। তাই নতুন প্রজন্মকে সঠিক ইতিহাস জানানো অত্যন্ত জরুরি। কেননা এ ইতিহাসের মাধ্যমে নতুন প্রজন্ম তার দেশের পুরোনো গৌরব, সংগ্রামি ইতিহাস সম্পর্কে জানতে পারবে। বিশ্বের মানচিত্রে ক্ষুদ্র এ দেশটি গৌরবের সাথে টিকে আছে দেশটির সংগ্রামি ইতিহাসের মাধ্যমে। বিভিন্ন স্কুল, কলেজ ও বিশ্ববিদ্যালয়ের লাইব্রেরি, জাতীয় লাইব্রেরিসহ বিভিন্ন সরকারি বেসরকারি প্রতিষ্ঠানের মাধ্যমে নতুন প্রজন্মকে মুক্তিযুদ্ধের চেতনা সম্পর্কে অবহিত করা জরুরি। কারণ নতুন প্রজন্মই আগামীর বার্তাবাহক।

ঙ। **পরিদর্শন বা ভ্রমণ।** পারিবারিক ও প্রাতিষ্ঠানিকভাবে নতুন প্রজন্মকে মুক্তিযুদ্ধের বিভিন্ন গুরুত্বপূর্ণ স্থান ভ্রমণের সুযোগ বা ব্যবস্থা করে নতুন প্রজন্মের কাছে মুক্তিযুদ্ধ ও দেশপ্রেমের তাৎপর্য তুলে ধরা যেতে পারে। বিভিন্ন প্রতিষ্ঠান কর্তৃক মুক্তিযুদ্ধের উপর বিতর্ক, চিত্রাঙ্কন ও রচনা প্রতিযোগিতার আয়োজন করে পুরস্কারের ব্যবস্থা করা যেতে পারে, যাতে ভবিষ্যৎ প্রজন্মের কাছে মুক্তিযুদ্ধ একটি সুন্দর ও সঠিক ইতিহাস হয়ে থাকে। তারা যেন এর বীরত্ব গাঁথা ও ত্যাগ থেকে শিক্ষা গ্রহণ করতে পারে। মুক্তিযুদ্ধের স্বাক্ষীস্বরূপ

বিভিন্ন স্থানে স্কুল এবং কলেজ পর্যায়ে শিক্ষা ভ্রমণের ব্যবস্থা করা যেতে পারে, যার মাধ্যমে নতুন প্রজন্ম আরো বেশি উৎসাহিত হবে মুক্তিযুদ্ধ সম্পর্কে জানার জন্য। শুধু তাই নয় এ শিক্ষা আরো বেশি ফলপ্রসু হবে–যা তাদের মধ্যে মূল্যবোধ বিকাশে বিশেষ ভূমিকা রাখবে। সুতরাং ভ্রমণের মাধ্যমে মুক্তিযুদ্ধের চেতনা সম্পর্কে নতুন প্রজন্মকে অবহিত করা যেতে পারে।

চ। **মুক্তিযুদ্ধের উপর প্রদর্শনী।** প্রত্যেক জেলা সদর কর্তৃক ডিসেম্বর মাসে ২/৩ দিনের জন্য মুক্তিযোদ্ধা এবং নতুন প্রজন্মের মধ্যে মতবিনিময় দ্বারা মুক্তিযুদ্ধের প্রকৃত এবং ব্যবহারিক জ্ঞান নব প্রজন্মের কাছে তুলে ধরা যেতে পারে যাতে ভবিষ্যতে দেশের প্রয়োজনে তাঁরাও নিজেদেরকে উৎসর্গ করতে পারে। এ সকল প্রদর্শনীতে বিভিন্ন স্থানের মুক্তিযুদ্ধের উপর ভিত্তি করে মঞ্চায়িত নাটক নতুন প্রজন্মের কাছে উপস্থাপন করা যেতে পারে যা তাদের কাছে বাস্তব ও অনুপ্রেরণার বিশেষ মাধ্যম হিসেবে কাজ করবে। সরকার এক্ষেত্রে বিশেষ ভূমিকা রাখতে পারে। বিভিন্ন শিক্ষা প্রতিষ্ঠান বা একাডেমির উদ্যোগে মুক্তিযুদ্ধ ভিত্তিক বিভিন্ন প্রামাণ্য চলচ্চিত্র বা উৎসবের আয়োজন করা যেতে পারে।

ছ। **ইলেকট্রনিক মিডিয়া।** বিভিন্ন ইলেকট্রনিক মিডিয়ার মাধ্যমে মুক্তিযুদ্ধের উপর প্রামাণ্য চিত্র ও তথ্য উপস্থাপন করে নতুন প্রজন্মের কাছে মুক্তিযুদ্ধের স্বরূপ তুলে ধরা যেতে পারে। এছাড়াও বিভিন্ন সংবাদ মাধ্যম মুক্তিযুদ্ধের উপর বিশেষ ক্রোড়পত্র ছাপাতে পারে। মুক্তিযুদ্ধের উপর ভিত্তি করে এ পর্যন্ত বিভিন্ন আঙ্গিকের প্রামাণ্য অনুষ্ঠান এবং চলচিত্র তৈরি করা হয়েছে। যা আরো সঠিক ও মানসম্মত করা যেতে পারে। মিডিয়ার মাধ্যমে মূলত নতুন প্রজন্মের কাছে মুক্তিযুদ্ধের চেতনা তুলে ধরতে হবে। বিভিন্ন চ্যানেলে সঠিক সময়ে মুক্তিযুদ্ধ ভিত্তিক অনুষ্ঠান প্রচার করতে হবে যাতে শিশু-কিশোর এ অনুষ্ঠানটি দেখার সুযোগ পায়। এক্ষেত্রে প্রতিটি পরিবার তাদের সন্তানদের সাথে নিয়ে একত্রে অনুষ্ঠানটি উপভোগ করতে হবে। বিভিন্ন রকম অনুষ্ঠান তৈরির জন্য মিডিয়া শিল্পিদের নিজ উদ্যোগে এগিয়ে আসতে হবে--যা হবে বিভিন্ন সময়ে মুক্তিযুদ্ধের সাক্ষী। তাই মিডিয়ার মাধ্যমে আমাদের সংগ্রামী অতীতকে নতুন প্রজন্মের কাছে তুলে ধরতে হবে।

জ। **জাদুঘর/যুদ্ধ স্মৃতিসৌধ প্রতিষ্ঠা।** সরকার কর্তৃক জাদুঘর/যুদ্ধ স্মৃতিসৌধ অথবা গবেষণা কেন্দ্র প্রতিষ্ঠার মাধ্যমে নতুন প্রজন্মের কাছে মুক্তিযুদ্ধের সঠিক ইতিহাস ও মহৎ চেতনা পৌঁছে দেয়া যেতে পারে যাতে মুক্তিযুদ্ধের চেতনা নবীন প্রজন্মের কাছে আরও জীবন্ত ও স্পষ্ট হয়। কারণ যে জাতি ইতিহাসের যত মূল্যায়ন করবে সে জাতি ততই উন্নতি লাভ করতে পারবে।

ঝ। **বধ্যভূমি ও সম্মুখ সমর স্থান সংরক্ষণ।** সরকার কর্তৃক বধ্যভূমি ও মুক্তিযুদ্ধের সম্মুখ সমর স্থান সংরক্ষণের মাধ্যমে মুক্তিযোদ্ধাদের প্রতি যথার্থ সম্মান প্রদর্শন ও নতুন প্রজন্মকে এ মাটির শ্রেষ্ঠ সন্তানদের সাহসী এবং সর্বোচ্চ ত্যাগের নিদর্শন তুলে ধরে তাদের মধ্যে মুক্তিযুদ্ধের চেতনার বিকাশ ঘটানো যেতে পারে।

ঞ। **স্মারক ও ভাস্কর্য নির্মাণ।** মহান স্বাধীনতাযুদ্ধে যাঁরা আত্মোৎসর্গ করেছেন এবং যাঁদের ত্যাগের বিনিময়ে স্বাধীন ও সার্বভৌম বাংলাদেশ, তাদের আত্মত্যাগ নব প্রজন্মের কাছে তুলে ধরতে হবে। বিভিন্ন সরকারি ভবন, প্রতিষ্ঠান চত্বর, লাইব্রেরি, জাদুঘর, খেলাঘর ইত্যাদির নামকরণ মুক্তিযোদ্ধাদের নামে করা যেতে পারে। এ সকল স্মারক এবং ভাস্কর্য দেখে নবপ্রজন্ম মুক্তিযোদ্ধাদের ত্যাগ অন্তরে ধারণ করতে সক্ষম হবে। ইতোমধ্যে সরকারি বিভিন্ন প্রতিষ্ঠান, স্কুল কলেজ এবং সেনা, নৌ, বিমান বাহিনীর বিভিন্ন স্থাপনা ও গেইট বীর যোদ্ধাদের নামে নামকরণ করা যেতে পারে। এসব স্থাপনাগুলো নব প্রজন্মের কাছে গর্বের বিষয় হিসেবে বিবেচিত এবং একই সাথে নবপ্রজন্ম ব্যক্তিত্ব গঠনে এ সব মহামানবদের অনুসরণ করার সুযোগ পাবে।

ট। **বর্তমান সময়ের প্রজন্ম।** বর্তমান যুগ বিজ্ঞানের যুগ, বিশ্বায়নের যুগ। প্রতিটি জাতিই এ তথ্য-প্রযুক্তির উন্নয়নে এবং ব্যবহারে খুবই সচেতন। ফলে নতুন প্রজন্ম হয়ে পড়েছে প্রযুক্তি নির্ভর। এ তথ্য প্রযুক্তির মাধ্যমে তাদেরকে আমাদের শিকড়ের সাথে পরিচয় করে দিতে হবে এবং এ মহান দায়িত্ব আমাদের সকলের। তাদেরকে জানাতে হবে তার পূর্বপুরুষের বীরত্বগাথা ইতিহাস। সুতরাং বিজ্ঞানের যুগ বা আধুনিক যুগ যাই বলি না কেন আধুনিকতা আনতে হবে আমাদের চিন্তা, চেতনায় ও মনে। স্বাধীনতার সোনার ফসলকে কোনভাবেই বৃথা যেতে দেয়া যাবে না। নতুন প্রজন্মকে সঠিক ইতিহাস জানাতে

হবে। তাদের করণীয় কি তা আমাদের বোঝাতে হবে। তবেই তাঁরা সত্যিকারের দেশপ্রেমিক নতুন প্রজন্ম হিসেবে গড়ে উঠবে। তাদেরকে রক্তক্ষয়ী নয় মাস সংগ্রামের কথা জানাতে হবে। কিন্তু নতুন প্রজন্ম স্বাধীনতা যুদ্ধের চেতনা থেকে অনেক পিছিয়ে রয়েছে। আমাদের সকলের উচিত স্বাধীনতা যুদ্ধের চেতনায় নতুন প্রজন্মকে আলোকিত করা।

ঠ। **নবপ্রজন্ম এবং চেতনা ও মূল্যবোধ।** মানুষের স্বতন্ত্র বহিঃপ্রকাশ ঘটে চেতনা এবং মূল্যবোধের মাধ্যমে। চেতনা ও মূল্যবোধ মানুষের স্বতন্ত্র বৈশিষ্ট্য, আস্থা ও বিশ্বাস। নব প্রজন্মের চেতনা ও মূল্যবোধের পরিপূর্ণ বিকাশ ঘটানোর দায়িত্ব সকলের। এক্ষেত্রে প্রতিটি পরিবারকে অগ্রণী ভূমিকা পালন করতে হবে। নবপ্রজন্মকে দেশপ্রেমের চেতনায় উদ্বুদ্ধ করতে হবে এবং মূল্যবোধের পরিপূর্ণ বিকাশ সাধন করতে হবে। স্বাধীনতাযুদ্ধের চেতনা অন্তরে ধারণ করতে হবে। মহান মুক্তিযুদ্ধের মাধ্যমে অর্জিত বাংলাভূমি পৃথিবীর সর্বশ্রেষ্ঠ এবং আমি এ মাটির সন্তান, এ চিরন্তন সত্যকে নব প্রজন্মের অন্তরে ধারণ করতে হবে। প্রতিটি নবীনের অন্তরে দেশপ্রেম ও অনুপ্রেরণার উৎস হিসেবে থাকবে মহান মুক্তিযুদ্ধ।

ড। **নবপ্রজন্ম এবং মুক্তিযুদ্ধ।** আজকের শিশু আগামী দিনের ভবিষ্যৎ। মুক্তিযুদ্ধের মাধ্যমে অর্জিত স্বাধীনতার সংগ্রামী আত্মত্যাগের ইতিহাস নব প্রজন্মের কাছে সঠিকভাবে তুলে ধরতে হবে। যাতে নবপ্রজন্ম স্বাধীনতার সংগ্রামী ইতিহাসকে ভিত্তি করে আদর্শ নাগরিক হিসেবে গড়ে উঠতে পারে। মুক্তিযুদ্ধ জাতীয় জীবনের অবিচ্ছেদ্য অংশ। তাই বইমেলা, সমরাস্ত্র প্রদর্শনী, জাতীয় ও আন্তর্জাতিক মেলা, স্কুল-কলেজ এবং বিভিন্ন প্রতিষ্ঠানের প্রতিষ্ঠা বার্ষিকীতে নবপ্রজন্মের জন্য মুক্তিযুদ্ধ বিষয়ক অনুষ্ঠান বা সভার আয়োজন করতে হবে যেন প্রতিটি বাঙালির জীবন গঠনের মুলভিত্তি হয় মুক্তিযুদ্ধের চেতনা। তবেই আমরা একটি আদর্শ স্বাধীন ও সার্বভৌম এবং সমৃদ্ধশালী দেশ হিসেবে বিশ্বের বুকে মাথা উঁচু করতে পারব।

ঢ। **নবপ্রজন্ম এবং স্বাধীনতা ও বিজয় দিবস।** ১৯৭১ সালের স্বাধীনতা অর্জিত হয়েছে ত্রিশ লাখ শহীদের আত্মোৎসর্গ আর অসংখ্য মা বোনের ইজ্জতের বিনিময়ে দীর্ঘ নয় মাস রক্তক্ষয়ী সশস্ত্র সংগ্রামের মাধ্যমে। প্রতিটি মুক্তিযোদ্ধার পরম আত্মত্যাগের মাধ্যমে অর্জিত স্বাধীনতা বাঙালি জাতির হাজার বছরের ইতিহাসে সর্বাপেক্ষা গৌরবময় ও তাৎপর্যপূর্ণ অর্জন। এক সাগর রক্তের বিনিময়ে অর্জিত লাল-সবুজ পতাকা বাঙালির অহংকার। তাই স্বাধীনতা দিবস এবং বিজয় দিবসে মুক্তিযুদ্ধের গৌরবময় অধ্যায় নব প্রজন্মের কাছে উপস্থাপন করতে হবে। এক্ষেত্রে সরকার বিভিন্ন পদক্ষেপ গ্রহণ করেছে। স্বাধীনতা দিবস ও বিজয় দিবসে 'বঙ্গবন্ধু বাংলাদেশ', 'চিরঞ্জীব বঙ্গবন্ধু', 'আমাদের বঙ্গবন্ধু' নামক প্রামাণ্য চলচিত্র প্রদর্শনের ব্যবস্থা করা হয়েছে যা--নবপ্রজন্মকে স্বাধীনতা সম্পর্কে উজ্জীবিত করছে এবং নতুন প্রজন্ম স্বাধীনতাযুদ্ধের পটভূমি সম্পর্কে জানতে পারছে। বিভিন্ন স্কুল/কলেজ এবং সরকারি/বেসরকারি সকল শিক্ষা প্রতিষ্ঠানকে এ সকল দিবসে একাত্ম হয়ে কাজ করতে হবে যাতে নতুন প্রজন্ম মুক্তিযুদ্ধের চেতনা বুকে ধারণ করে স্বাধীনতার সঠিক ইতিহাস জানতে পারে।

ণ। **সংগ্রাম থেকে স্বাধীনতা।** স্বাধীনতা একদিনে অর্জিত হয়নি। দীর্ঘদিনের ধারাবাহিক সংগ্রাম, আত্মত্যাগ এবং প্রতীক্ষার ফসল এ স্বাধীনতা। ভাষা আন্দোলন, যুক্তফ্রন্ট গঠন, ছয় দফা আন্দোলন, আগরতলা ষড়যন্ত্র মামলা, ঊনসত্তরের গণঅভ্যুত্থান, সত্তরের সাধারণ নির্বাচন এবং একাত্তরের মহান স্বাধীনতা যুদ্ধের রক্তক্ষয়ী সংগ্রামের মাধ্যমে অর্জিত স্বাধীনতা। নতুন প্রজন্মের কাছে সংগ্রামী ইতিহাসের সঠিক পটভূমি তুলে ধরতে হবে। ইতোমধ্যে 'সংগ্রাম থেকে স্বাধীনতা' প্রামাণ্যচিত্র নির্মাণ করা হয়েছে। 'সংগ্রাম থেকে স্বাধীনতা' বিভিন্ন সেনানিবাসে প্রদর্শন করা হচ্ছে। জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের বলিষ্ঠ নেতৃত্বে ছাত্র, শিক্ষক, কৃষক, জেলে, মেহনতি মজলুম জনতা সশস্ত্র বাহিনীর বীর সন্তানেরা বাঙালি জাতি হিসেবে একাত্ম হয়েছিল ১৯৭১ সালে। জাতির পিতার বলিষ্ঠ নেতৃত্ব, আত্মত্যাগ এবং সময়োপযোগী সিদ্ধান্তে দীর্ঘ নয়মাস রক্তক্ষয়ী সশস্ত্র সংগ্রামে অর্জিত হয় স্বাধীনতা। মূলত তারই বহিঃপ্রকাশ 'সংগ্রাম থেকে স্বাধীনতা'। নব প্রজন্মকে অবশ্যই 'সংগ্রাম থেকে স্বাধীনতা' অন্তরে ধারণ করতে হবে।

বিবিধ

এছাড়াও মুক্তিযুদ্ধের চেতনায় নতুন প্রজন্মের বিকাশে প্রতিটি জেলায় মুক্তিযুদ্ধ যাদুঘর স্থাপন এবং তার যথাযথ ব্যবহার, মুক্তিযুদ্ধ মেলা ও মুক্তিযোদ্ধাদের সংবর্ধনা প্রদান, ভ্রাম্যমাণ মুক্তিযুদ্ধের যাদুঘর ও লাইব্রেরি

স্থাপন, পাঠ্যপুস্তকে মুক্তিযোদ্ধাদের জীবনগাঁথা অন্তর্ভুক্ত করা ইত্যাদি পদক্ষেপ গ্রহণ করা যেতে পারে।

উপসংহার

অনেক চড়াই উৎরাই পেরিয়ে বাংলাদেশ এখন একটি স্বাধীন, সার্বভৌম রাষ্ট্রের মর্যাদায় সমাসীন। বাঙালির দুর্জয় মনোবল, সংগ্রামী চেতনা ও প্রতিরোধ আন্দোলনের ফলেই বাংলাদেশের মুক্তির স্বপ্ন এক বাস্তব ঘটনা হয়ে উঠতে পেরেছে। ২৬ মার্চ ২০১১ পালিত হলো স্বাধীনতার ৪০ বৎসর পূর্তি। পরাধীনতার শৃঙ্খল ভেঙ্গে একটি স্বাধীন সার্বভৌম সমৃদ্ধশালী বাংলাদেশের স্বপ্ন নিয়ে ১৯৭১ সালে বাংলার বীর দামালরা অংশগ্রহণ করেছিল মুক্তিযুদ্ধে। এত কম সময়ে এত রক্তে স্বাধীনতা অর্জন পৃথিবীর ইতিহাসে বিরল। স্বাধীনতার জন্য সংগ্রামরত বিশ্বের অনেক দেশ রয়েছে যাদের সংগ্রামের প্রায় ৪০/৫০ বৎসর পরেও অনিশ্চিত তাদের মুক্তির সোনালি সূর্যোদয়, সেই দিক থেকে বাংলাদেশ অনেক বেশি সৌভাগ্যবান, মাত্র নয় মাসে আমরা স্বাধীনতা অর্জন করতে পেরেছি। কিন্তু ভৌগোলিক সীমারেখা শুধুমাত্র একটি দেশের সামগ্রিক মুক্তি নিশ্চিত করতে পারেনা। স্বাধীনতা রক্ষার এ মহান দায়িত্ব বর্তায় আমাদের সকলের উপর। এদেশের মাটি, ধুলিকণা, বায়ু আমাদের মায়ের মত আদর যত্নে গড়ে তোলে। সেজন্য এ মাটি ও দেশের প্রতি আমাদের গভীর মমত্ববোধ। দেশকে রক্ষার পাশাপাশি দেশের উন্নতি সাধন করা আমাদেরই কর্তব্য। যখন দুর্নীতিমুক্ত সমাজ ব্যবস্থা, সমৃদ্ধ অর্থনীতি এবং দারিদ্র্যমুক্ত জনগোষ্ঠী নিশ্চিত করা যাবে তখনই জাতির সামগ্রিক মুক্তি নিশ্চিত হবে।

তথ্যসূত্রঃ

১। www.wikipedia.com

২। www.সচলায়তন.com

৩। www.banglablog.com

৪। পাঠ্যবই নবম ও দশম শ্রেণি

ক্যাপ্টেন খান সজিবুল ইসলাম, আর্টিলারি *২৪ জুন ২০০৯ বাংলাদেশ সেনাবাহিনীতে কমিশন লাভ করেন। তিনি ১০ জুলাই ২০০৯ তারিখে ২৭ ফিল্ড রেজিমেন্ট আর্টিলারিতে যোগদান করেন। বর্তমানে তিনি ২৭ ফিল্ড রেজিমেন্ট আর্টিলারিতে এ্যাডজুটেন্ট হিসেবে কর্মরত আছেন।*

ভবিষ্যৎ বিশ্ব ও জাতীয় নিরাপত্তা

কমডোর খন্দকার তৌফিকুজ্জামান, (সি), এনডিসি, পিএসসি, বিএন

ভূমিকা

নিরাপত্তা কোন দেশের বিভিন্ন স্বভাবগত বৈশিষ্ট্য প্রকাশ করে। নিরাপত্তা বলতে বোঝায় নিরাপদ থাকার একটি উপলব্ধি যা 'ভয়হীনতা', 'নিরাপদ থাকার অনুভব', 'হুমকিহীন জীবন' অথবা 'একটি সংঘাতহীন পরিবেশের অনুভূতি'। জাতীয় রাজনীতি একটি নির্দিষ্ট গতিপথ দ্বারা বেষ্টিত যাতে জাতীয় লক্ষ্য পূরণ করা যায়। স্বাধীনতার পর থেকে বাংলাদেশের ধারাবাহিক সরকারগণ বিশেষ পদক্ষেপের মাধ্যমে জাতীয় লক্ষ্য অর্জনের চেষ্টা চালিয়েছেন। এ সময়ে বাংলাদেশের জাতীয় অর্জনের একটি তালিকা হলো-- স্বাধীনতা, স্বাধীন ভূখণ্ড লাভ, অর্থনৈতিক উন্নতি, অন্তসংঘাতমুক্ত দেশ এবং অসাম্প্রদায়িক জাতীয় ঐক্য। জাতীয় নিরাপত্তা ব্যবস্থা হচ্ছে একটি বিশেষ পরিকল্পনা যেখানে দেশের আভ্যন্তরীণ সম্পদ ও লোকবলের সঠিক ব্যবহারের মাধ্যমে দেশের প্রতিরক্ষা ব্যবস্থা ও জাতীয় লক্ষ্য সঠিকভাবে অর্জন করা যায়। এভাবে জাতীয় পররাষ্ট্রনীতি, অর্থনীতি, প্রতিরক্ষানীতি ও দেশের আভ্যন্তরীণ নীতিনির্ধারণে সমন্বয় সাধন করা যায়। সাধারণভাবে এখানে সরকারি বিভিন্ন সংস্থা, রাজনীতিবিদ, বিচারপতি ও বুদ্ধিজীবীগণ বিভিন্ন সিদ্ধান্ত গ্রহণ করে থাকেন। উদাহরণস্বরূপ পররাষ্ট্র মন্ত্রণালয় বিশ্বরাজনীতির বিষয়ে কোন গুরুত্বপূর্ণ সিদ্ধান্ত নিতে পারে। স্বরাষ্ট্র মন্ত্রণালয় দেশের অভ্যন্তরের বিভিন্ন পরিস্থিতি নিয়ন্ত্রণ করে, অর্থ মন্ত্রণালয় বিশ্ব অর্থনীতির সাথে জাতীয় অর্থনীতির সমন্বয় সাধন করে এবং সামরিক ও বিভিন্ন নিরাপত্তা সংস্থা আভ্যন্তরীণ নিরাপত্তা বিষয়ক কর্মকাণ্ড দেখাশোনা করে। মন্ত্রিসভা, সংসদীয় কমিটি এবং বিভিন্ন রাজনৈতিক অঙ্গপ্রতিষ্ঠান জনগণের আকাঙ্খা এবং রাজনৈতিক প্রতিক্রিয়া নিয়ন্ত্রণ করে। চিন্তাবিদ, শিক্ষাবিদ, এনজিও এবং গণমাধ্যমের অংশগ্রহণে দেশের বিভিন্ন সমস্যার সমাধান করা হয়।

জাতীয় নিরাপত্তা ব্যবস্থা সাধারণভাবে চারটি প্রধান ভাগে বিভক্ত:

ক। বাস্তব এবং সঠিক দেশি/আন্তর্জাতিক উন্নতির উপায় প্রবর্তন।

খ। সম্পদের সঠিক ব্যবহার (সাংগঠনিক, অর্থনৈতিক, জনশক্তি ও কারিগরি দক্ষতাসহ)।

গ। এ সম্পদ গ্রহণ এবং সমস্যা সমাধানে এগুলোর প্রয়োগ করতঃ বিভিন্ন ক্ষেত্রে উন্নতি।

ঘ। বিশ্বায়নের সাথে পারিপার্শ্বিক কর্মকাণ্ড যেমন- বিভিন্ন দেশের সাথে কুটনৈতিক সম্পর্ক জোরদার করা।

উপরে আলোচিত চারটি বিষয়ের দ্বারা ভবিষ্যৎ আন্তর্জাতিক ঘটনাবলির বিশ্লেষণ করব যাতে অন্যান্য উন্নত দেশের ন্যায় আমরাও সম্পদের সুষ্ঠু ব্যবহারের মাধ্যমে আন্তর্জাতিক হুমকি ও আভ্যন্তরীণ নিরাপত্তায় সঠিক সিদ্ধান্ত নিতে পারি।

বেশিরভাগ চিন্তাবিদগণ মনে করেন শক্তিশালী রাষ্ট্রের উদ্ভব, বিশাল অর্থনীতি, ইউরোপ থেকে এশিয়ায় অর্থনৈতিক শক্তি স্থানান্তর এবং নিরপেক্ষ রাষ্ট্রের ক্রমবর্ধমান প্রভাব ২০২৫ সালের মধ্যে একটি বিশৃঙ্খলা সৃষ্টি করতে পারে যা হবে দ্বিতীয় বিশ্বযুদ্ধের পর প্রথম। যুক্তরাষ্ট্র এখনও সবচেয়ে শক্তিশালী রাষ্ট্র, কিন্তু ধীরে ধীরে তাদের প্রভাব কমছে। ক্রমবর্ধমান অর্থনৈতিক ও সামরিক ক্ষমতা যুক্তরাষ্ট্র ও পররাষ্ট্র সিদ্ধান্তের বিষয়ে একটি কঠিন দ্বন্দ্বে ফেলে দিয়েছে। তারপরও ২০২৫ সালে যুক্তরাষ্ট্র পৃথিবীর অন্যতম শক্তিশালী রাষ্ট্র হিসেবে বিরাজ করবে। যুক্তরাষ্ট্র তার সামরিক শক্তি ব্যবহারের মাধ্যমে এখনও পৃথিবীর সকল শক্তির সঞ্চয়কারী হিসেবে ভূমিকা পালন করে যাচ্ছে। চীন, ভারত ও অন্যান্য শক্তিশালী রাষ্ট্র উদ্ভবের মাধ্যমে বিশ্ব রাজনীতিতে একটি নতুন মেরুকরণ হয়েছে। শক্তির দিক থেকে উন্নত ও অনুন্নত রাষ্ট্রের মধ্যে দূরত্ব আরও বেড়েছে। ঐতিহ্যগতভাবে পাশ্চাত্য দুর্বল হচ্ছে এবং শক্তির বিকেন্দ্রীকরণ হচ্ছে। চীন আগামী ২০ বছরে অন্য কোন রাষ্ট্র থেকে বেশি ভারসম্যপূর্ণ রাষ্ট্রে পরিণত হবে। যদি বর্তমান ধারা চলতে থাকে তবে ২০২৫ সালের মধ্যে চীন হবে বিশ্বের দ্বিতীয় বৃহত্তম অর্থনৈতিক শক্তি এবং সবচেয়ে বড় সামরিক শক্তি। চীন প্রাকৃতিক সম্পদের সবচেয়ে বড় রপ্তানিকারকও হবে। ভারতের অর্থনীতি দ্রুত ক্রমবর্ধমান এবং অনেকগুলো মেরুর মধ্যে নয়াদিল্লি একটি মেরু। রাশিয়ার ২০২৫ সালের মধ্যে ধনী, শক্তিধর এবং আত্মনির্ভরশীল রাষ্ট্র হবার সম্ভাবনা আছে। চীন, ভারত ও রাশিয়ার মত অন্য কোন দেশের ক্ষমতাধর হবার সম্ভাবনা নেই। তারপরও ধারণা করা হয় ইন্দোনেশিয়া, ইরান ও তুরস্কের রাজনৈতিক শক্তি এবং দক্ষিণ কোরিয়া, তাইওয়ান ও সিঙ্গাপুরের অর্থনৈতিক শক্তি বাড়বে।

বিভিন্ন দেশের পারস্পারিক ক্ষমতা যেমন, ব্যবসা, ধর্মীয় সংগঠন, অপরাধী সংগঠন ইত্যাদি ধীরে ধীরে বাড়ছে এবং আগামী ২০ বছরে এগুলো আরও বাড়বে। আন্তর্জাতিক সম্পর্কও ধীরে ধীরে পরিবর্তিত হচ্ছে। উন্নত দেশের জনসংখ্যা, ক্রমবর্ধমান জ্বালানি শক্তি, খাদ্য ও পানির স্বল্পতা এবং জলবায়ু পরিবর্তনের জন্য কিছু দেশের উন্নয়নের গতি কমে যাচ্ছে। উনিশ শতকে যেমন অস্ত্র বিস্তার, ভৌগোলিক বিস্তার এবং সামরিক প্রতিদ্বন্দ্বিতা চলছে তেমনি ভবিষ্যতেও ব্যবসা, বিনিয়োগ এবং কারিগরি ইত্যাদি বিষয়ে প্রতিদ্বন্দ্বিতা চলবে।

আন্তর্জাতিকভাবে সম্পদ ও অর্থনৈতিক ক্ষমতার বিনিময় বিভিন্নভাবে চলছে এবং চলবে। ব্রাজিল, রাশিয়া, ভারত ও চীনের অর্থনৈতিক অর্জন একত্রে ২০৪০-২০৫০ সালে বিশ্ব জিডিপি'র একটি বৃহৎ অংশ হবে। নিত্য প্রয়োজনীয় দ্রব্যের দাম বৃদ্ধি করে কিছু দুর্নীতিগ্রস্থ সরকার কয়েক ক্ষেত্রে উন্নতি করতে পারে কিন্তু এতে গোটা জাতির ক্ষতি সাধন হয়। আফ্রিকার বেশিরভাগ দেশ ভয়াবহভাবে অর্থনৈতিক ভাঙন, জনসংখ্যার চাপ, গৃহযুদ্ধ এবং রাজনৈতিক অস্থিতিশীলতায় ভুগছে। ল্যাটিন আমেরিকা অর্থনৈতিক দিক থেকে এশিয়া ও অন্যান্য মহাদেশ থেকে পিছিয়ে পড়ছে। এশিয়া, আফ্রিকা ও ল্যাটিন আমেরিকায় আগামী ২০ বছরে জনসংখ্যা অনেক বাড়বে। পাশ্চাত্যে জনসংখ্যা প্রায় ৩ শতাংশ কমবে। অনেক দেশে যুবকের সংখ্যা কমে যাবে কিন্তু অনেক দেশ যাদের যুবকের সংখ্যা বেশি তারা দ্রুত উন্নতি করবে। আফগানিস্তান, নাইজেরিয়া, ইয়েমেন ইত্যাদি যুবকবহুল দেশে যদি নাটকীয়ভাবে চলতি অবস্থার উন্নতি না হয় তবে অস্থিতিশীলতা বৃদ্ধি পাবে এবং এরা ব্যর্থ রাষ্ট্রে পরিণত হবে। ইউরোপ ও জাপান এ দৌড়ে চীন ও ভারতকে হারিয়ে দেবে তাদের মাথাপিছু আয়ে কিন্তু তারা তাদের অধিক আয়ের জন্য সংগ্রাম করবে। কারণ তাদের কর্মক্ষম লোকের সংখ্যা হ্রাস পাবে। যুক্তরাষ্ট্র এ ধরনের বয়সভিত্তিক জনসংখ্যা সমস্যা অন্যান্য উন্নত দেশ অপেক্ষা ভালভাবে মোকাবেলা করতে পারবে তাদের উচ্চ জন্মহার ও অধিক অভিবাসনের কারণে।

ক্রমবর্ধমান অর্থনৈতিক প্রবৃদ্ধির কারণে ২০২৫ সাল নাগাদ প্রায় ১২০ কোটি লোক খাদ্য, পানি ও জ্বালানি সমস্যায় পড়বে। বিশ্ব ব্যাংকের পরিসংখ্যান মতে ২০৩০ সালে বিশ্বে খাদ্যের চাহিদা প্রায় ৫০ শতাংশ পর্যন্ত বৃদ্ধি পাবে। পর্যাপ্ত পানির সরবরাহ না থাকার কারণে করুণ অবস্থা বিরাজ করছে, বিশেষ করে কৃষি খাতে। দিন দিন সব গ্রাম শহরে পরিণত হচ্ছে। জনসংখ্যা বৃদ্ধির কারণে ৩৬ টি দেশের প্রায় ১৪০ কোটি মানুষ কৃষিজমি অথবা সুপেয় পানির অভাবে পড়বে। অশোধিত তেল, প্রাকৃতিক গ্যাস এবং প্রচলিত অন্যান্য জ্বালানি চাহিদা অনুযায়ী বৃদ্ধি পাচ্ছে না। আবহাওয়া পরিবর্তনের জন্য এ সমস্যা আরও প্রকট হয়ে দেখা দিয়েছে। তারপরও আবহাওয়া পরিবর্তন বিভিন্ন স্থানে বিভিন্ন রকম। কিছু স্থানে ক্ষতিকর প্রভাব কেবল শুরু হয়েছে, বিশেষভাবে খাবার পানির সংকট এবং কৃষি উৎপাদন কমে যাওয়া। অনেক উন্নয়নশীল দেশে কৃষি উৎপাদন কমে যাওয়ার ভায়াবহ অবস্থা ধারণ করেছে, কারণ কৃষি তাদের অর্থনীতির একটি বিশাল অংশজুড়ে আছে এবং তাদের বেশিরভাগ জনগণ কৃষির উপর নির্ভরশীল। যেহেতু বিশ্ববাণিজ্য কোন সীমারেখার মধ্যে নেই এবং শ্রমবাজার অনেক বিস্তৃত তাই শিক্ষাই হচ্ছে একমাত্র যোগ্যতা যা দ্বারা উন্নতি করা সম্ভব। প্রাথমিক শিক্ষা সবচেয়ে গুরুত্বপূর্ণ, কিন্তু মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষার প্রতি বেশি গুরুত্ব দেয়া উচিত যাতে সমাজ সাধারণ শিক্ষার সাথে সাথে নৈতিক শিক্ষায় শিক্ষিত লোক পায় যারা সমাজ ও দেশকে উন্নতির স্বর্ণশিখরে নিয়ে যেতে পারে। প্রযুক্তি, অভিবাসনের প্রভাব, জনস্বাস্থ্যের উন্নতি এবং আইন অর্থনীতিতে নারীর অংশগ্রহণকে উৎসাহ দিচ্ছে। এতে নিম্নমুখী অর্থনীতি, সামাজিক অবক্ষয় এবং সম্ভাব্য ক্ষতির পরিমাণ কমবে।

সন্ত্রাস এবং সংঘাত এখনও অলোচ্য বিষয় যদিও সম্পদই এখন আন্তর্জাতিক আলোচনার প্রধান বিষয়। ২০২৫ সাল পর্যন্ত যেসকল সন্ত্রাসী গ্রুপ থাকবে; কারিগরী বিদ্যা এবং বৈজ্ঞানিক একটি বিপদজনক অংশ তাদের নাগালের মধ্যে থাকবে। চাকরির স্বল্পতা, রাজনীতির অপপ্রয়োগ, কৃত্রিম আচার-আচরণ, ক্রমবর্ধমান সংস্কারের প্রভাবে অনেক যুবক সন্ত্রাসী গ্রুপে যোগ দেবে। আমরা মনে করি আদর্শগত সংঘাত ও স্নায়ুযুদ্ধের মধ্যে কোন পার্থক্য নেই। সামুদ্রিক নিরাপত্তার জন্য নৌ বন্দরকে আধুনিক করতে হবে। চীন ও ভারত তাদের সমুদ্র রক্ষায় নৌবাহিনীকে আধুনিক করেছে। গভীর সমুদ্রে অবকাঠামো নির্মাণ বিভিন্ন সংঘাত বৃদ্ধি করে। তারপরও এটা আন্তর্জাতিক সহায়তামূলক কর্মকাণ্ডে ও সমুদ্রসীমা রক্ষায় ব্যবহার করা যায়। যেহেতু এশিয়া ও মধ্যপ্রাচ্যে পর্যাপ্ত পানি পাওয়া যায় না তাই পারস্পারিক সহযোগিতার মাধ্যমে এ সমস্যার সমাধান পাওয়া সম্ভব। আগামী ২০ বছরে পারমাণবিক অস্ত্র ব্যবহার হওয়ার সম্ভাবনা খুবই কম। কিছু রাষ্ট্র পারমাণবিক অস্ত্র বানানোর চেষ্টা করছে অথবা পারমাণবিক শক্তিধর রাষ্ট্রের সাথে মৈত্রি স্থাপন করছে অন্যরা পরমাণু অস্ত্র নিরস্ত্রীকরণের চেষ্টা চালাচ্ছে।

একমাত্র প্রযুক্তিগত জ্ঞানের মাধ্যমে এ সব বিপদ থেকে পরিত্রাণ পাওয়া সম্ভব। বর্তমানে আমাদের যে প্রযুক্তি আয়ত্বে আছে তা ভবিষ্যতের বাধা মোকাবেলা

করার জন্য যথেষ্ট নয়। সরকার ভিন্ন অন্যান্য সংস্থার ক্ষেত্রে দ্রুত বিভিন্ন প্রকল্প হাতে নেয়া এবং এর জন্য প্রয়োজনীয় অর্থের যোগান দেয়া সম্ভব নয়। এনজিও'র জন্য সরকার ও অন্যান্য প্রতিষ্ঠানের সাহায্য ছাড়া কোন প্রকল্প হাতে নেয়া কষ্টকর। নীতিনির্ধারকদের মতবিরোধ বিভিন্ন সমস্যা সমাধানে বাধা সৃষ্টি করে।

উপরোক্ত আলোচনা থেকে এটা পরিষ্কার যে, বৈশ্বয়িক পরিবর্তনের ফলে আমাদের অনেক বাধাবিঘ্ন আসবে। এসব পরিবর্তন নতুন অবস্থা ও সংকটের সৃষ্টি করে উন্নয়নকে ভিন্ন পথে ধাবিত করবে। এগুলো আমাদের জন্য গুরুত্বপূর্ণ নাও হতে পারে। কিন্তু অনেক অনিশ্চয়তার সাথেও উন্নয়ন আমাদের অতীব প্রয়োজন।

পারিপার্শ্বিক অবস্থার উপর ভিত্তি করে যদি সুনির্দিষ্ট নিরাপত্তা ব্যবস্থা নির্ধারণ করা না হয় তাহলে আমাদের মত ক্ষুদ্র অনেক রাষ্ট্রকে দুর্দশার সম্মুখীন হতে হবে। এটা অবশ্যই মানতে হবে যে উপরে আলোচিত সব হুমকির বিরুদ্ধে সঠিক নিরাপত্তা ব্যবস্থা খুঁজে পাওয়া কঠিন। কিন্তু একটি নিরাপত্তা ব্যবস্থা অবশ্যই অনুমোদন করতে হবে যা সবার কাছে গ্রহণযোগ্য হবে। এ ধরনের একটি নিরাপত্তা ব্যবস্থা নির্দিষ্টকরণের জন্য একটি নিরাপত্ত কাউন্সিল গঠন করা যেতে পারে। সরকারের গুরুত্বপূর্ণ মন্ত্রীবর্গ, বিভিন্ন নিরপত্তা বাহিনীর প্রধানগণ, গুরুত্বপূর্ণ রাজনৈতিক ব্যক্তিবর্গ, বুদ্ধিজীবী, গণমাধ্যম ও এনজিও এর সমন্বয়ে এ ধরণের পরিষদ গঠন করা যেতে পারে। জাতীয় যে কোন আভ্যন্তরীণ ও আন্তর্জাতিক গুরুত্বপূর্ণ পরিস্থিতিতে এ কাউন্সিল আলোচনার মাধ্যমে গুরুত্বপূর্ণ সিদ্ধান্তের জন্য রাষ্ট্রীয় কর্তৃপক্ষকে পরামর্শ প্রদান করতে পারে। তাছাড়া বিভিন্ন পরিস্থিতিতে এ পরিষদ জাতীয় নিরাপত্তা নীতির পরিবর্তন বা পরিবর্ধন প্রস্তাব করতে পারবে।

কমডোর খন্দকার তৌফিকুজ্জামান, (সি), এনডিসি, পিএসসি, বিএন *১৯৭৮ সালে বাংলাদেশ নৌবাহিনীতে যোগদান করেন এবং যুগোশ্লাভিয়া থেকে বেসিক ট্রেনিং সমাপ্ত করে ১৯৮০ সালে এক্সিকিউটিভ শাখায় কমিশন লাভ করেন। তিনি যুগোশ্লাভিয়ার মার্শাল টিটো ইউনিভার্সিটি হতে স্নাতক, পাকিস্তান ন্যাশনাল ইউনিভার্সিটি হতে এমএসসি এবং জাতীয় বিশ্ববিদ্যালয় হতে স্নাতকোত্তর এমডিএস ডিগ্রি অর্জন করেন। তিনি পাকিস্তান হতে ন্যাশনাল ডিফেন্স কোর্স, জার্মানি হতে এডমিরাল স্টাফ কোর্স, মিরপুর হতে স্টাফ কোর্স, ভারত হতে কমিউনিকেশন স্পেশালাইজেশন কোর্সসহ দেশে ও বিদেশে আরও অনেক পেশাগত কোর্স সম্পন্ন করেন। তিনি আঞ্চলিক কমান্ডার ও ফ্ল্যাগ অফিসার হিসাবে কমডোর কমান্ডিং খুলনা ও নৌ প্রশাসনিক কর্তৃপক্ষ ঢাকা এর দায়িত্ব পালন করেন। এছাড়াও নৌবাহিনীর বিভিন্ন জাহাজ ও ঘাঁটির অধিনায়ক হিসেবে দায়িত্বপালন করেন। কমডোর জামান প্রধানমন্ত্রীর কার্যালয়ে (সশস্ত্র বাহিনী বিভাগ) ডাইরেক্টর অব সিভিল এন্ড মিলিটারি রিলেশনস এর দায়িত্ব পালন করেন। জাতীয় সংবাদপত্র, ডিফেন্স জার্নাল ও সাময়িকীতে আন্তর্জাতিক সম্পর্ক ও সহযোগিতার উপর তার একাধিক প্রবন্ধ প্রকাশিত হয়েছে। বর্তমানে তিনি নৌ সদর দপ্তরে ড্রাফটিং অথরিটি হিসেবে নিয়োজিত আছেন।*

সেনাবাহিনীর সমসাময়িক উন্নয়ন ও দেশগঠনে এর ভূমিকা

মেজর দিলীপ কুমার রায়, এইসি

ভূমিকা

ভূমিকা ১৯৭১ সালের মহান মুক্তিযুদ্ধের মধ্য দিয়ে বাংলাদেশ সেনাবাহিনীর জন্ম। সেনাবাহিনীর জন্মলগ্ন থেকেই হাজার বছরের শ্রেষ্ঠ বাঙালি জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের লক্ষ্য ছিল একটি দক্ষ, চৌকস ও যুগোপযোগী সেনাবাহিনী গড়ে তোলা। সে কারণেই জাতির পিতা স্বাধীনতা উত্তর যুদ্ধবিধ্বস্ত দেশের আর্থিক সীমাবদ্ধতা সত্ত্বেও সেনাবাহিনীর আধুনিকায়নে ঐকান্তিক প্রচেষ্টা ও উদ্যোগ গ্রহণ করেছিলেন। সময়ের পরিক্রমায় বাংলাদেশ সেনাবাহিনী আজ দক্ষ, অভিজ্ঞ, সুশিক্ষিত, সুশৃঙ্খল, সুসংগঠিত ও আদর্শ একটি বাহিনীতে পরিণত হয়েছে। দায়িত্ব পালনে সেনাবাহিনীর দক্ষতা, কর্তব্যপরায়ণতা, সততা, নিষ্ঠা ও ত্যাগ স্বীকার দেশ তথা বিশ্ববাসীর প্রশংসা কুড়িয়েছে এবং স্থান করে নিয়েছে সকলের হৃদয়ের গভীরে।

আধুনিকায়ন

প্রথমে সেনাবাহিনীর পাঁচটি ব্রিগেড থেকে পাঁটটি ডিভিশনে উন্নীত হয় এবং উপযুক্ত অস্ত্র ও সরঞ্জামাদিতে সমৃদ্ধি অর্জন করে। বর্তমানে আর্টডকসহ বাংলাদেশ সেনাবাহিনীর রয়েছে সুসজ্জিত আটটি ডিভিশন যা যেকোন বহিঃশত্রু মোকাবেলা ও দেশের সার্বভৌমত্ব রক্ষায় সদা প্রস্তুত। বাংলাদেশ সেনাবাহিনীতে যুক্ত আছে আর্মার্ড, এয়ার ডিফেন্স আর্টিলারি, আর্মি এভিয়েশনসহ উন্নত প্রযুক্তির সামরিক ব্যবস্থাদি। এছাড়া উন্নত চিকিৎসা, প্রকৌশল ও লজিস্টিক সার্ভিসও সেনাবাহিনীকে সমৃদ্ধ করেছে।

ফোর্সেস গোল-২০৩০ নির্ধারণ এবং এর বাস্তবায়ন সেনাবাহিনীর আধুনিকায়নেরই একটি অন্যতম গুরুত্বপূর্ণ অংশ। একটি স্বয়ংসম্পূর্ণ আধুনিক সেনাবাহিনী গঠনের প্রচেষ্টায় এটি উল্লেখযোগ্য ভূমিকা রেখে চলেছে। দেশের সার্বভৌমত্ব রক্ষার্থে বাংলাদেশ সেনাবাহিনীকে একটি শক্তিশালী সংগঠনে রূপান্তরকরণে এটি একটি যুগান্তকারী পদক্ষেপ। এরই ধারাবাহিকতায় সেনাবাহিনীতে জরুরি প্রয়োজনীয় সরঞ্জামাদির সংযোজন হয়েছে। আর্মার্ড কোর, আর্টিলারি ও পদাতিক বাহিনী এর আধুনিকায়ন ও ফায়ার পাওয়ার বৃদ্ধি করা এবং সচলতা বাড়ানোর জন্য অনেক পদক্ষেপ নেয়া হয়েছে। তাছাড়া ইঞ্জিনিয়ার্স, সিগন্যাল, এএসসি এবং অন্যান্য কোরের সক্ষমতা বৃদ্ধি ও আধুনিকায়নের জন্যেও নেয়া হয়েছে বিস্তর পদক্ষেপ। যুগোপযোগী প্রশিক্ষণ কাঠামো ও পদ্ধতি এবং সেই লক্ষ্যে নতুন ডকট্রিন প্রণয়ন সেনাবাহিনীর আধুনিকায়নে গুরুত্বপূর্ণ পদক্ষেপ হিসেবে পরিগণিত। প্রশাসনিক কার্যক্রমের মধ্যে নতুন পোশাক ও ওয়েব ইকুইপমেন্ট, বিভিন্ন ভূষণ ও মেডেল এবং ইনসিগনিয়া প্রবর্তন, প্রযুক্তির প্রচলন, চিকিৎসা ও আবাসন অবকাঠামোর উন্নয়ন করা হয়েছে।

বাংলাদেশ সেনাবাহিনীর সার্বিক কাঠামো ও সামরিক শক্তি বৃদ্ধিতে ৩৭ এয়ার ডিফেন্স রেজিমেন্ট আর্টিলারি প্রতিষ্ঠাসহ একটি ইঞ্জিনিয়ার কনস্ট্রাকশন ব্যাটালিয়ন, আইসিটি ব্যাটালিয়ন এবং আর্মি ইলেকট্রনিক ওয়ারফেয়ার কোম্পানি প্রতিষ্ঠার কার্যক্রম প্রক্রিয়াধীন রয়েছে। সেনাবাহিনীর ইন্টেলিজেন্স কর্মকাণ্ডের পরিধি বৃদ্ধির লক্ষ্যে আর্মি সিকিউরিটি ইউনিট এবং ডিজিএসএস'কে আর্মি ইন্টেলিজেন্স ব্রিগেড হিসেবে রূপান্তরের বিষয়টিও প্রক্রিয়াধীন রয়েছে।

সাঁজোয়া কোরের জন্য আধুনিক প্রযুক্তি সমন্বিত বেশ কিছু নতুন ট্যাংক, আর্মার্ড রিকভারি ভেহিক্যাল, আর্টিলারি কোরের জন্য এসপি গান এবং পদাতিক বাহিনীর জন্য আধুনিক ও যুগোপযোগী এপিসি এবং লোকেটিং ইউনিটের জন্য উইপ্যান্ লোকেটিং রাডার ও সাউন্ড রেঞ্জিং ইকুইপমেন্ট ক্রয় সম্পন্ন হয়েছে। আধুনিকায়নের গুরুত্বের বিষয়টি বিবেচনা করে সেনাবাহিনীর অর্ডন্যান্স ডিপোগুলোতে ওয়াশিং প্লান্ট এবং সিএসডিতে একটি অত্যাধুনিক অ্যামিউনিশন ল্যাব স্থাপনের কার্যক্রম অব্যাহত আছে।

ইউএন মিশনে বাংলাদেশের অবস্থান শীর্ষ পর্যায়ে ধরে রাখার জন্য বিভিন্ন অবকাঠামো নির্মাণসহ সম্পূরক প্রশিক্ষণের ব্যবস্থা গ্রহণ করা হয়েছে। রাজেন্দ্রপুর সেনানিবাসে ইউএন কমপ্লেক্স, ইউএন লজিস্টিক্স সেড এবং বিএমএ মিউজিয়ামে একটি ইউএন কর্নার স্থাপনের কাজ প্রক্রিয়াধীন রয়েছে।

চিকিৎসা পরিমণ্ডলে সার্বিক সহায়তা বৃদ্ধিতে ঢাকা সম্মিলিত সামরিক হাসপাতালের সাংগঠনিক কাঠামো বৃদ্ধি ও শয্যা সংখ্যা ১০০০ এ উন্নীতকরণের বিষয়টি প্রক্রিয়াধীন রয়েছে। এছাড়াও ৫০০ শয্যাবিশিষ্ট কুর্মিটোলা জেনারেল হাসপাতাল ও ১০০ শয্যাবিশিষ্ট সিরাজ-খালেদা মেমোরিয়াল জেনারেল হাসপাতাল প্রতিষ্ঠা করা হয়েছে।

সেনাসদস্যদের কল্যাণে মিলিটারি ফার্মসমূহের আধুনিকীকরণ এবং সিএসডি পোল্ট্রি ফার্ম প্রতিষ্ঠার উদ্যোগ গ্রহণ করা হয়েছে।

উন্নয়নমূলক কার্যক্রম

সাম্প্রতিক সময়ে সেনাবাহিনীর সাংগঠনিক দক্ষতা ও সক্ষমতা বৃদ্ধিতে সার্বিক গতি আনা হয়েছে। ফোর্সেস গোল-২০৩০ এর পর্যায়ক্রমিক বাস্তবায়ন ইতোমধ্যে শুরু হয়েছে। পাশাপাশি নতুন ইউনিট ও সদর দপ্তরও প্রতিষ্ঠিত হয়েছে। সেনাবাহিনী পুনর্গঠনের মাধ্যমে বিভিন্ন পদবির মধ্যে সমতা আনা হয়েছে যাতে করে প্রশিক্ষিত জনবলকে সেনাবাহিনীতে ধরে রাখার সুযোগ সৃষ্টি হয়। অর্থাৎ বিভিন্ন র‍্যাংকে পদোন্নতির সংখ্যা বৃদ্ধি করা হয়েছে। মেডিক্যাল ক্যাটাগরির ক্ষেত্রে সামরিক চাকুরিতে আরোপনীয় বিষয়টির আওতা বৃদ্ধি করা হয়েছে যা সকল পদবির জন্য গুরুত্বপূর্ণ একটি পদক্ষেপ। দুগ্ধ উৎপাদন বৃদ্ধি ও পরিবহন সক্ষমতা বাড়ানোর জন্য লালমনিরহাটে নতুন ডেইরী প্লান্ট স্থাপন ও ফ্রিজার ভ্যান চালু করা হয়েছে। এ সকল কার্যক্রমের মাধ্যমে শীঘ্রই অধিকসংখ্যক সেনাসদস্যকে দুগ্ধ প্রদান করা সম্ভব হবে। সশস্ত্র বাহিনীর সদস্যদের জন্য ঢাকা, সাভার এবং বগুড়া সেনানিবাসে সিএসডি 'এক্সক্লিউসিভ শপ' চালু করা হয়েছে এবং যশোর ও চট্টগ্রামে সিএসডি 'এক্সক্লিউসিভ শপ' চালু করার কার্যক্রম হাতে নেয়া হয়েছে। সেনাসদস্যদের কর্মস্পৃহা ও মনোবল বৃদ্ধির লক্ষ্যে জেসিও/অন্যান্য পদবির সৈনিকবৃন্দের এলপিআর চার মাসের পরিবর্তে ছয় মাস, রেশন স্কেল উন্নীতকরণ, পারিবারিক অবসর ভাতা উন্নীতকরণ, সেনাপল্লী কার্যক্রম বেগবান ও ডিজিটাল বেতন পদ্ধতি প্রণয়ন বিশেষভাবে উল্লেখযোগ্য। এছাড়া সেনাপরিবহন বাস প্রবর্তন এবং এ্যামিনিটি বোর্ড বিলুপ্তকরণ, মেডিকেল 'ইভাকুয়েশন সার্টি' বৃদ্ধি, ট্রাস্ট ব্যাংক হতে লোন গ্রহণের পলিসি সহজতরকরণের ব্যবস্থা গ্রহণ করা হয়েছে। সামরিক সংস্কৃতিকে সমুন্নত রাখার লক্ষ্যে সেনাবাহিনীর জন্য মূল্যবোধ ও চেতনাসমূহ নির্ধারণ করা হয়েছে যা পারস্পরিক শ্রদ্ধা, সংহতি, আনুগত্য ও আস্থার প্রতিফলন ঘটাতে অত্যন্ত সহায়ক ভূমিকা পালন করবে। এছাড়াও বিভিন্ন বিষয়ে সিদ্ধান্ত প্রদানে গতিশীলতা আনয়নের ক্ষেত্রে বিভিন্ন দায়িত্বের বিকেন্দ্রীকরণ করা হয়েছে যার সুফল সেনাবাহিনীর প্রতিটি সদস্য পাচ্ছেন।

ভূমিকা বাংলাদেশ সেনাবাহিনী

'সমরে আমরা শান্তিতে আমরা সর্বত্র আমরা দেশের তরে' এই মূলমন্ত্রে উদ্দীপ্ত বাংলাদেশ সেনাবাহিনী দেশের স্বাধীনতা ও সার্বভৌমত্ব রক্ষায় এবং দেশের যেকোন দুর্যোগ-দুর্বিপাকে বা প্রয়োজনে জনগণের পাশে এসে দাঁড়িয়েছে। সাম্প্রতিক বছরগুলোতে সেনাবাহিনীর উল্লেখযোগ্য কিছু কর্মকাণ্ডের সংক্ষিপ্ত বিবরণ নিম্নে প্রদত্ত হলো:

ক। **জাতীয় পরিচয়পত্র ও মেশিন রিডেবল পাসপোর্ট তৈরি।** জাতীয় পরিচয়পত্র তথা ভোটার আইডি কার্ড এবং মেশিন রিডেবল পাসপোর্ট (এমআরপি) তৈরির ব্যাপারে সরকারের গৃহীত প্রকল্প বাস্তবায়নের গুরুত্বপূর্ণ দায়িত্ব সেনাবাহিনী অত্যন্ত সফলভাবে পালন করেছে। 'In Aid to Civ Admin' এর আওতায় পরিচালিত এ প্রকল্পে সেনাবাহিনীর কার্যক্রম সাধারণ জনগণের মাঝে ব্যাপক প্রশংসিত হয়েছে এবং জাতীয় পরিমণ্ডলে সেনাবাহিনীর ভাবমূর্তি উজ্জ্বল করেছে।

খ। **ঘুর্ণিঝড় আইলায় সেনাবাহিনীর ভূমিকা।** পেশাগত দায়িত্ব পালনের পাশাপাশি প্রাকৃতিক দুর্যোগ কবলিত অঞ্চলে আর্তমানবতার সেবায় বিশেষ করে ঘুর্ণিঝড় আইলা বিধ্বস্ত এলাকায় জান-মাল রক্ষা এবং বিধ্বস্ত বাঁধ পুনর্নির্মাণের জন্যে সেনাবাহিনী যে আন্তরিকতা ও দায়িত্ববোধ নিয়ে বিপর্যস্ত মানুষের পাশে দাঁড়িয়েছে তা দেশবাসীর কাছে প্রশংসিত হয়েছে।

গ। **মিরপুর-এয়ারপোর্ট রোড ফ্লাইওভারে সেনাবাহিনীর কার্যক্রম।** মিরপুরের মাটিকাটা থেকে ঢাকা সেনানিবাসের উপর দিয়ে হযরত শাহজালাল আন্তর্জাতিক বিমান বন্দর সড়ক পর্যন্ত ফ্লাইওভার নির্মাণ করা হচ্ছে। সরকারি অর্থায়নে বাংলাদেশ সেনাবাহিনীর স্পেশাল ওয়ার্কস অর্গানাইজেশনের ১৬ ইঞ্জিনিয়ার কনস্ট্রাকশন ব্যাটালিয়ন প্রকল্পটি বাস্তবায়ন করছে। বিমান বন্দর সড়কের বনানী রেল ক্রসিং এ যানবাহন চলাচল স্বাভাবিক রাখতে নির্মিত হতে যাচ্ছে ওভারপাস। ওভারপাস ও ফ্লাইওভারকে সংযুক্ত করবে একটি লিংক ব্রিজ। একই প্রকল্পের আওতায় ফ্লাইওভার, ওভারপাস ও লিংক ব্রিজ নির্মাণ করা হচ্ছে।

ঘ। **পার্বত্য চট্টগ্রামে দায়িত্ব পালন ও উন্নয়ন।** অসামরিক প্রশাসনের পাশাপাশি সেনাবাহিনী পাবর্ত্য চট্টগ্রামে আইন শৃঙ্খলা রক্ষা এবং সেখানকার উন্নয়নে বলিষ্ঠ ভূমিকা রেখে চলেছে। এই এলাকার উন্নয়নে সেনাবাহিনীর সদস্যগণ রাস্তাঘাট, ব্রিজ-কালভার্ট তৈরি ও শিক্ষা বিস্তার করে মানুষের জীবনযাত্রার মান উন্নত করতে সহায়তা করছে।

ঙ। **বিশ্বকাপ ক্রিকেট।** ২০১১ ও বাংলাদেশ সেনাবাহিনী আইসিসি ক্রিকেট বিশ্বকাপ-২০১১ আয়োজনে বাংলাদেশের সাফল্য ক্রিকেট বিশ্বে

প্রশংসিত হয়েছে। বাংলাদেশ ক্রিকেট বোর্ডের এ আয়োজনে গর্বিত অংশীদার বাংলাদেশ সেনাবাহিনী। সেনাবাহিনীর দায়িত্বসমূহের মধ্যে ছিল নিরাপত্তাজনিত সহায়তা, জরুরি চিকিৎসা, বাংলাদেশ পুলিশকে যানবাহন ও বিভিন্ন গুরুত্বপূর্ণ সরঞ্জামাদি প্রদান, ঢাকা মহানগরীর গুরুত্বপূর্ণ স্থানে আলোক-সজ্জাকরণ এবং খেলা চলাকালে স্টেডিয়ামে নিরবচ্ছিন্ন বিদ্যুৎ সরবরাহ নিশ্চিতকরণ। এসব দায়িত্ব পালনে সেনাবাহিনীর নিষ্ঠা ও কর্মদক্ষতা সর্বমহলে প্রশংসিত হয়েছে।

চ। **সিরাজগঞ্জ হার্ড পয়েন্টে নদী ভাঙ্গন রোধে সেনাবাহিনীর ভূমিকা।** গত ১৫ জুন ২০১১ হতে ১৯ পদাতিক ডিভিশন সিরাজগঞ্জ হার্ড পয়েন্টে শহর রক্ষা বাঁধের ভাঙ্গন প্রতিরোধকল্পে অসামরিক প্রশাসনকে সহায়তায় নিয়োজিত ছিল। ১৮ জুলাই ২০১১ তারিখে শহর রক্ষা বাঁধে ভাঙ্গন দেখা দেয়। ১৯ জুলাই ২০১১ ভোরের মধ্যে সেনাসদস্য ও অসামরিক প্রশাসনের উদ্যোগে উক্ত এলাকার ভাঙ্গন বন্ধ করা হয়। গত ২১ জুলাই ২০১১ তারিখ রাতে পুনরায় শহর রক্ষা এলাকায় ভাঙ্গন ধরে। উক্ত ভাঙ্গন খুব তাড়াতাড়ি বিস্তৃতি লাভ করতে থাকে। এতে উক্ত এলাকার জনগণের মধ্যে আতংকের সৃষ্টি হয়। পরিস্থিতি আয়ত্বের বাইরে চলে যাওয়ায় ১০ আরই ব্যাটালিয়নের ৮০ সদস্যের একটি দল ঐ রাতেই ঘটনাস্থলে পৌঁছে সারা রাত ব্লক ডাম্পিং এর মাধ্যমে ভাঙ্গনের গতি কমিয়ে আনতে সক্ষম হয়।

ছ। **আশ্রয়ণ প্রকল্পে সেনাবাহিনীর ভূমিকা।** আশ্রয়ণ প্রকল্প হচ্ছে বাংলাদেশ সরকারের অন্যতম দারিদ্র্য বিমোচন ও পুনর্বাসন প্রকল্প। বিভিন্ন পদাতিক ডিভিশনকে এ অঞ্চলের ভূমিহীন ও আশ্রয়হীন জনগোষ্ঠীর আবাসনের লক্ষ্যে সাম্প্রতিক অর্থ বছরগুলোতে ব্যারাক নির্মানের প্রকল্প দেয়া হয়। বাংলাদেশ সেনাবাহিনী অত্যন্ত সুনামের সাথে আশ্রয়ন প্রকল্পের অধীনে ব্যারাক হাউজ নির্মাণ সম্পন্ন করে স্থানীয় প্রশাসনের কাছে হস্তান্তর করে।

জ। **বিদ্যুৎ উৎপাদন কেন্দ্রের নিরাপত্তা।** দেশে নিরবচ্ছিন্ন বিদ্যুৎ ব্যবস্থা চালুর লক্ষ্যে বর্তমানে ভেড়ামারা বিদ্যুৎ উৎপাদন কেন্দ্রসহ অন্যান্য বিদ্যুৎ উৎপাদন কেন্দ্রের নিরাপত্তা প্রদান, উৎপাদন এবং বিতরণ ব্যবস্থা তদারকি করার জন্য বাংলাদেশ সেনাবাহিনীর সেনাসদস্যগণ দায়িত্ব পালন করছে।

ঝ। **ট্রেন দুর্ঘটনায় সেনাবাহিনীর উদ্ধার অভিযান।** গত ৮ ডিসেম্বর ২০১০ নরসিংদী রেলওয়ে স্টেশনে ঢাকাগামী একটি ট্রেনের উপর চট্টগ্রামগামী অপর একটি ট্রেনের ইঞ্জিন উঠে গেলে ভয়াবহ ট্রেন দুর্ঘটনা ঘটে। সেনাসদস্যগণ ঘটনাস্থলের সার্বিক নিরাপত্তার দায়িত্ব গ্রহণ করে এবং অসামরিক প্রশাসন ও স্থানীয় জনগণের সাথে উদ্ধারকার্যে অংশ নেয়। এছাড়াও সেনাসদস্যগণ নরসিংদী হতে ঢাকা পর্যন্ত রেললাইনটি ট্রেন চলাচলের উপযোগী করে তোলার কাজে সহায়তা করে।

ঞ। **দুর্যোগ ব্যবস্থাপনায় উদ্ধারকারী দল গঠন।** ভূমিকম্পসহ যেকোন প্রাকৃতিক দুর্যোগ মোকাবেলায় আগাম প্রস্তুতি নেয়ার জন্য সেনাবাহিনীতে অনুসন্ধান ও উদ্ধারকারী দল গঠনের পরিকল্পনা করা হয়েছে। সেনাবাহিনীর ইঞ্জিনিয়ারিং, পদাতিক ও অন্যান্য কোরের কর্মদক্ষতা ও সম্পদ অনুযায়ী ভারি, মাঝারি ও হালকা- এই তিন শ্রেণিতে দল গঠন করা হবে। এ লক্ষ্যে ইতোমধ্যে সশস্ত্রবাহিনী সরকারের নিকট হতে বেশ কিছু দুর্যোগ ব্যবস্থাপনা সরঞ্জাম গ্রহণ করেছে।

ট। **বিদ্যুৎ ব্যবস্থাপনায় সেনাবাহিনী।** ১৩ জানুয়ারি ২০১১ নারায়ণগঞ্জ জেলার পাগলায় ৫০ মেগাওয়াট রেন্টাল পাওয়ার প্লান্ট আনুষ্ঠানিকভাবে উদ্বোধন করা হয়। বাংলাদেশ সেনাবাহিনীর ব্যবস্থাপনায় পরিচালিত বাংলাদেশ ডিজেল প্লান্ট (বিডিপি) লিঃ, জার্মান প্রতিষ্ঠান এগ্রোটেক এজি এবং স্থানীয় প্রতিষ্ঠান প্রাইমোডিয়াল এনার্জি লিঃ এর যৌথ উদ্যোগে ডিপিএ পাওয়ার জেনারেশন ইন্টারন্যাশনাল লিঃ এ প্লান্টটি স্থাপন করেছে।

ঠ। **শিক্ষা কার্যক্রম।** সশস্ত্র বাহিনী পরিচালিত শিক্ষা প্রতিষ্ঠান তথা প্রশিক্ষণ প্রতিষ্ঠানসমূহকে একটি প্রতিষ্ঠানের অধীনে আনয়নের লক্ষ্যে মিরপুর সেনানিবাসে প্রতিষ্ঠিত হয়েছে বাংলাদেশ ইউনিভার্সিটি অব প্রফেশনালস্ (বিইউপি)। বিইউপি এর অবকাঠামোগত কাজ অত্যন্ত দ্রুত গতিতে এগিয়ে চলছে। এছাড়া সামরিক বাহিনী কমান্ড অ্যান্ড স্টাফ কলেজ (ডিএসসিএসসি) এবং মিলিটারি ইনস্টিটিউট অব সাইন্স অ্যান্ড টেকনোলোজি (এমআইএসটি) এর অবকাঠামোগত সুবিধা সম্প্রসারণ করা হয়েছে। সেনাবাহিনী পরিচালিত স্কুল ও কলেজসমূহ শিক্ষা বিস্তারে উল্লেখযোগ্য অবদান রাখছে। সেই সাথে বেশ কয়েকটি নতুন ক্যান্টনমেন্ট পাবলিক স্কুল ও কলেজ প্রতিষ্ঠার কাজও দ্রুতগতিতে এগিয়ে চলছে। সেনাবাহিনী পরিচালিত ফেনী গার্লস ক্যাডেট কলেজের অবকাঠামোগত উন্নয়ন সহ সকল ক্যাডেট কলেজে একটি কম্পিউটার ও ল্যাংগুয়েজ ল্যাব স্থাপন করা হয়েছে। সেনা পরিবার কল্যাণ সমিতির পৃষ্ঠপোষকতায় প্রতিবন্ধি শিশুদের

জন্য দেশের বিভিন্ন সেনানিবাসে প্রয়াস স্কুল প্রতিষ্ঠা একটি ব্যতিক্রমী উদ্যোগ। এ সেবামূলক প্রতিষ্ঠানের মাধ্যমে সেনাবাহিনী ইতোমধ্যে দেশে এবং বিদেশে যথেষ্ট সুনাম অর্জন করেছে।

অন্যান্য কর্মকাণ্ড

সেনাবাহিনী ঢাকার বেগুনবাড়ি খালসহ হাতির ঝিল এলাকায় সমন্বিত বিশাল বাঁধ, সড়ক ও রোকেয়া সরণি সংযোগ সড়ক নির্মাণে, বিমান বন্দর ও মিরপুর সেনানিবাস সংযোগ সড়ক, রাঙ্গামাটি চট্টগ্রাম মহাসড়ক, ইছামতি নদীর উপর রানির হাট সেতু নির্মাণ, কক্সবাজার টেকনাফ মেরিন ড্রাইভ সড়কের দ্বিতীয় ধাপ বাস্তবায়ন প্রভৃতি উন্নয়নমূলক কাজের মাধ্যমে ভূমিকা উল্লেখযোগ্য ভূমিকা পালন করেছে। সর্বোপরি মুক্তিযুদ্ধের চেতনায় সকলকে উজ্জীবিত করতে বিভিন্ন সেনানিবাসে স্মৃতি সরণি, স্মৃতিসৌধ ও স্মৃতি জাদুঘর নির্মাণ করা হয়েছে। এছাড়াও বাংলাদেশ সেনাবাহিনীর সদস্যবৃন্দকে মুক্তিযুদ্ধের চেতনায় উদ্বুদ্ধকরণে বাংলাদেশ সেনাবাহিনীর ইতিহাস রচনার কাজ অত্যন্ত দ্রুত গতিতে এগিয়ে চলছে।

আন্তর্জাতিক পরিমণ্ডলে বাংলাদেশ সেনাবাহিনী

বিশ্বশান্তির দূত হিসেবে আজ পৃথিবীর অনেক দেশে বাংলাদেশের পতাকা উড়ছে। আন্তর্জাতিক শান্তি স্থিতিশীলতা ও নিরাপত্তা রক্ষার ক্ষেত্রে আমাদের সেনাবাহিনীর সদস্যগণ বিশ্ব সমাজে ভূয়সী প্রশংসা অর্জন করেছে। শান্তিরক্ষা মিশনে অর্পিত দায়িত্ব দক্ষতা ও নিষ্ঠার সাথে পালন করে তারা বিশ্ববাসীর নিকট শুধু দেশের ভাবমূর্তিকেই উজ্জ্বল করেনি বরং জাতিসংঘের ভাবমূর্তিকেও উজ্জ্বলতর করেছে। বাংলাদেশ সেনাবাহিনী আমাদের বন্ধুপ্রতিম অনেক দেশের প্রাকৃতিক দুর্যোগ মোকাবিলায় বিশেষ করে সাম্প্রতিক সময়ে জাপানের ভয়াবহ সুনামি ও ভূমিকম্পের পর আমাদের সেনাবাহিনীর সদস্যরা সে দেশে জরুরি সহায়তা প্রদানসহ শ্রীলঙ্কা, মায়ানমার, চীন ও হাইতিতে দক্ষতার সাথে দুর্যোগ মোকাবিলা করে বিশ্ববাসীর নজর কেড়েছে। বাংলাদেশ সেনাবাহিনীর এহেন বিশ্বনন্দিত এবং নজরকাড়া কর্মকাণ্ডের জন্য দেশের মান বিশ্ববাসীর নিকট উজ্জ্বল হয়েছে।

উপসংহার

সঠিক দিকনির্দেশনা, নিরলস পরিশ্রম এবং সকল সেনাসদস্যের আনুগত্য ও কষ্টসহিষ্ণুতার পরিপক্ক পরিস্ফুটন আমাদের গৌরবময় সেনাবাহিনী। দেশের স্বাধীনতা ও সার্বভৌমত্ব রক্ষার পাশাপাশি প্রাকৃতিক দুর্যোগ মোকাবেলাসহ উদ্ধার তৎপরতা ও অন্যান্য অভ্যন্তরীণ সংকট নিরসনকল্পে এ বাহিনী দেশপ্রেমের অনন্য দৃষ্টান্ত স্থাপন করেছে। দেশ সেবার পাশাপাশি জাতিসংঘ শান্তিরক্ষা মিশনে নিয়োজিত সেনাসদস্যগণ জীবনের ঝুঁকি নিয়ে তাদের উপর অর্পিত দায়িত্ব নিষ্ঠার সঙ্গে পালন করে সুনাম অর্জনে সক্ষম হয়েছে। বাংলাদেশ সেনাবাহিনী আজ জাতির ঐক্য ও আস্থার প্রতীক, দেশের সার্বভৌমত্বের অতন্দ্র প্রহরী। দেশ মাতৃকার বিরুদ্ধে যে কোন অপচেষ্টা নস্যাৎ করে উত্তরোত্তর উন্নতি কল্পে এগিয়ে যাওয়ার দৃঢ় শপথে অঙ্গীকারাবদ্ধ সেনাবাহিনী সদা প্রস্তুত। দীর্ঘ ৪০ বছর আগে সীমিত পরিসরে যাত্রা হয়েছিল যে সেনাবাহিনীর, সময়ের পরিক্রমায় তারা এখন যেকোন চ্যালেঞ্জ মোকাবেলা করতে সক্ষম। বাংলাদেশ সেনাবাহিনী আজ দক্ষ, অভিজ্ঞ, সুশিক্ষিত, সুশৃঙ্খল ও আদর্শ বাহিনীতে পরিণত হয়েছে। ফোর্সেস গোল-২০৩০ সম্পূর্ণরূপে বাস্তবায়িত হলে এ বাহিনী দেশের জন্য আরও শক্তিশালী প্রতিরক্ষাসহ জাতিগঠনমূলক কাজে প্রভূত ভূমিকা রাখতে সক্ষম হবে।

মেজর দিলীপ কুমার রায় *১৯৯৮ সালে বাংলাদেশ সেনাবাহিনীতে শিক্ষা কোরে কমিশন লাভ করেন। তিনি ঢাকা বিশ্ববিদ্যালয় হতে ইংরেজি সাহিত্যে বিএ সম্মানসহ স্নাতকোত্তর ডিগ্রি অর্জন করেন। তিনি বাংলাদেশ মিলিটারি একাডেমিতে প্রশিক্ষক শ্রেণী 'সি' ও 'বি', ২২২ পদাতিক ব্রিগেড সদর দপ্তরে জিএসও-৩ (শিক্ষা) এবং মিলিটারি ইনস্টিটিউট অব সাইন্স এ্যান্ড টেকনোলজি'তে প্রশিক্ষক শ্রেণী 'বি' হিসেবে নিয়োজিত ছিলেন। এছাড়াও তিনি সুদানে বাংলাদেশ সেক্টর হেডকোয়ার্টার্স এ সিভিল মিলিটারি কো-অর্ডিনেশন স্টাফ অফিসার হিসেবে দায়িত্ব পালন করেন। উল্লেখ্য, বাংলাদেশ আর্মি জার্নাল, সশস্ত্র বাহিনী দিবস জার্নাল ও বাংলাদেশ মিলিটারি একাডেমির প্রফেশনাল জার্নাল 'পদক্ষেপ' এ তার উল্লেখযোগ্য সংখ্যক লেখা প্রকাশিত হয়েছে। বর্তমানে তিনি সেনাসদর, জিএস শাখা, শিক্ষা পরিদপ্তরে জেনারেল স্টাফ অফিসার গ্রেড-২ হিসেবে কর্মরত।*

বঙ্গোপসাগর ও আমাদের বাংলাদেশ

ক্যাপ্টেন এম মাহবুব-উল ইসলাম, (এন), পিএসসি, বিএন

ভূমিকা

বাংলাদেশের দক্ষিণে বঙ্গোপসাগর অবস্থিত। এটি বিশ্বের বৃহত্তম উপসাগর এবং বৈশিষ্ট্যের কারণে অনন্য। নামকরণ থেকেই বুঝা যায় যে, বাণিজ্যিক, রাজনৈতিক এবং ঐতিহাসিকভাবে এ উপসাগর বঙ্গ নামের এ দেশের সাথে ওতপ্রোতভাবে জড়িত। যুগে যুগে বঙ্গোপসাগরের ব্যবহারের রূপান্তর ঘটেছে। এ উপসাগরের মাধ্যমেই বাণিজ্য, জ্ঞান ও মতাদর্শ বিস্তার এবং সামরিক শক্তির প্রয়োগ ঘটেছে, আবার এখানেই রয়েছে নানাবিধ মূল্যবান সম্পদ। বঙ্গের প্রাচীনকালের সভ্যতা, রাজনৈতিক প্রভাব, নৌ বাণিজ্যের বিস্তার ও উন্নয়নে এ সাগর রেখেছে অবদান। বর্তমানে বাংলাদেশের অর্থনৈতিক কর্মকাণ্ড সচল রাখা এবং ভবিষ্যত উন্নয়ন বঙ্গোপসাগরের উপর নির্ভরশীল। আর তাই দেশের উন্নয়নে এর সুষ্ঠু ব্যবহার অত্যন্ত অপরিহার্য।

ভৌগোলিক অবস্থান ও বিস্তৃতি

আন্তর্জাতিক হাইড্রোগ্রাফিক ব্যুরোর সংজ্ঞা অনুযায়ী ভারত মহাসাগরের উত্তর-পূর্ব অংশে শ্রীলংকা ও ভারতের পূর্ব উপকূল থেকে আরম্ভ করে বাংলাদেশ ও মায়ানমার উপকূল হয়ে আন্দামান নিকোবার দ্বীপপুঞ্জ এবং দক্ষিণ শ্রীলংকার দুন্দ্রা হেড থেকে সুমাত্রার সর্ব উত্তর বিন্দু সংযোগকারী রেখার মাঝে বঙ্গোপসাগরের অবস্থান। বঙ্গোপসাগরের আয়তন ২.২ মিলিয়ন বর্গ কিমি, প্রস্থে প্রায় ১,৫০০ কিমি, গড় গভীরতা ২,৬০০ মিটার এবং সর্বোচ্চ গভীরতা হচ্ছে ৫,২৫৮ মিটার।

নামকরণ

বিভিন্ন যুগে বঙ্গোপসাগরের বিভিন্ন নামকরণ করা হয়েছে। অর্থবেদ ও মহাভারতে বঙ্গোপসাগরকে 'পূর্ব সাগর' বলে উল্লেখ করা হয়েছে। টলেমি (৯০-১৬৮ খ্রিস্টাব্দ) এ সাগরকে 'গঙ্গা উপসাগর' নামে চিহ্নিত করেন। সপ্তম শতাব্দীর পর দক্ষিণ-পূর্ব বঙ্গের হারিকেল রাজ্য উন্নতি ও নৌবাণিজ্যে পরিচিতি লাভ করলে এ উপসাগর 'বহর-এ-হরকন্দ' (হারিকেলের সমুদ্র) নামে পরিচিতি লাভ করে। দশম শতাব্দীতে চোলা সাম্রাজ্যের প্রসারের ফলে বঙ্গোপসাগর 'চোলা হ্রদ' এবং পরবর্তীতে বাঙ্গালীর নামানুসারে হিন্দিতে 'বাঙ্গাল কী খাড়ি' নামকরণ করা হয়। এক পর্যায়ে আরব নাবিকরা একে 'কালাহ' নামকরণ করে। ইউরোপীয়রা এ সাগরকে Gulf of Bengala/Bay of Bengal বা বঙ্গোপসাগর নামকরণ করে।

মানচিত্র নং ১-টলেমির চার্টের অংশ, বঙ্গোপসাগরকে 'গঙ্গা উপসাগর' নামে চিহ্নিত করা হয়েছে (রামুকে গুরুত্বপূর্ণ বন্দর হিসেবে দেখানো হয়েছে)

বঙ্গোপসাগরের সৃষ্টি

ত্রিশ কোটি বছর আগে পৃথিবীতে 'পানজিয়া' নামে একমাত্র মহাদেশ ও 'প্যান্থালাসা' নামে একমাত্র মহাসমুদ্র ছিল। বিশ কোটি বছর পরে মহাদেশটি ভেঙ্গে প্রথমতঃ দুটি অংশ হয়, যার এক অংশ 'গন্ডোয়ানা' যাতে দক্ষিণ আমেরিকা, আফ্রিকা, এন্টারটিকা, ভারত এবং অস্ট্রেলিয়া এবং অপর অংশ 'লউরেশিয়া' যাতে ইউরেশিয়া, গ্রিনল্যান্ড এবং উত্তর আমেরিকা ছিল। আর এদের মাঝে সৃষ্টি হয় টেথিস সাগর।

আট কোটি বছর আগে 'গন্ডোয়ানা' থেকে ভারত বিচ্ছিন্ন হয়ে উত্তর-পূর্ব দিকে বছরে ১০ সেন্টিমিটার করে

সরে পাঁচ কোটি বছর আগে ইউরেশিয়ার সাথে সংঘর্ষ ঘটে। ফলে পূর্ব টেথিস সাগর বিলুপ্ত হয়ে বঙ্গোপসাগরের সৃষ্টি হয়। ইউরেশিয়ার সাথে ভারতের সংঘর্ষ, পূর্ব টেথিস সাগরের বিলুপ্তি এবং বঙ্গোপসাগরের সৃষ্টি বঙ্গোপসাগরের বিবর্তন যুগেযুগে বঙ্গোপসাগর বিবর্তনের মধ্যে দিয়ে বর্তমান অবয়বে উপনীত হয়েছে। ছয় কোটি বছর আগে রংপুরের উচ্চভূমি ছাড়া বাংলাদেশের অধিকাংশ এলাকা সমুদ্রে নিমজ্জিত ছিল এবং তখন বাংলাদেশে দুটি উপসাগর ছিল; সিলেট উপসাগর (লোহিত সাগর) ও বগুড়া উপসাগর (গঙ্গা সাগর)। এরপর বরেন্দ্র, মধুপুর ও লালমাই অঞ্চলের উদ্ভব ঘটে। চার কোটি বছর আগে আসাম অঞ্চলে ভূ আন্দোলনের ফলে তৎকালীন সমুদ্র আসাম এবং সিলেট অঞ্চল থেকে অনেক দক্ষিণে সরে আসে। আড়াই কোটি বছর আগে ভারত ভূখণ্ড বার্মা দ্বীপবলয়ের সঙ্গে ধাক্কা খেয়ে বঙ্গোপসাগর পূর্ণ অবয়ব লাভ করে। এ সময়ে ব্রহ্মপুত্র নদী পশ্চিম হতে পূর্বদিকে দিক পরিবর্তন করে বিপুল পরিমাণ পলি দিয়ে কালক্রমে বঙ্গভূমি গঠন করে।

বঙ্গোপসাগরের বৈশিষ্ট্য

বঙ্গোপসাগর বিভিন্ন কারণে বৈশিষ্ট্যময়, নিম্নে কিছু উল্লেখ করা হলো:

ক। বৃহত্তম সমুদ্রগুলোর মধ্যে অন্যতম।

খ। বৃহত্তম উপসাগরীয় ব-দ্বীপ ও বৃহত্তম সামুদ্রিক উপদ্বীপ (Deep Sea Fan) নদী দিয়ে গঠিত।

গ। বৃহত্তম মহীসোপান।

ঘ। তাৎপর্যময় তলদেশের বৈশিষ্ট্য হচ্ছে অতলস্পর্শী মহীখাদ ও নব্বই ডিগ্রি শৈলশিরা।

তলদেশের গঠন। পৃথিবীর কোন সমুদ্রে আর এমন কোন অঞ্চল নেই যেখানে নদীবাহিত তলানি দ্বারা সমুদ্র তলদেশ বঙ্গোপসাগরের মত এতটা প্রভাবিত হয়। বঙ্গোপসাগরের তলদেশে বিস্তীর্ণ সমুদ্র সমভূমি রয়েছে। তবে কোন কোন স্থানে সমুদ্র সমভূমিতে পর্বতশ্রেণী, মালভূমি ও খাত রয়েছে যা আগ্নেয়গিরির ফলে সৃষ্টি হয়েছে। বাংলাদেশের মহীসোপান গড়ে ২২০ মিটার গভীরতা পর্যন্ত আয়তন ৭০,০০০ বর্গ কিমি, গঙ্গা-ব্রহ্মপুত্র মোহনায় মহীসোপান ১০০-২২৫ কিমি প্রশস্ত আর চট্টগ্রাম-টেকনাফ উপকূলে ৫০ মিটার গভীরতা পর্যন্ত এটি মাত্র ৫০-১৩০ কিমি। জোসেফ কারীর মতে বঙ্গোপসাগরের মহীসোপানের নিচে ২২ কিমি পুরু তলানি স্তর রয়েছে। বাংলাদেশের উপকূলে মহীঢালের চওড়া পশ্চিমাংশে ১০০ কিমি এর কম আবার কক্সবাজার উপকূলে প্রায় ২৫০ কিমি।



বঙ্গোপসাগরের তলদেশের গঠন

অতলস্পর্শী মহীখাদ (Swatch of No Ground)

উপকূল থেকে ২৫ কিমি দূরে রয়েছে অতলস্পর্শী মহীখাদ। মহীখাদটি ১৫ কিমি প্রশস্ত, চারদিকে পানির গভীরতা ১৫/১৮ মিটার হলেও অতলস্পর্শীর গভীরতা প্রায় ১,২৮০ মিটার। এটি ভারত এবং শ্রীলংকার পূর্ব উপকূল ঘেঁষে প্রায় ৩,০০০ কিমি পর্যন্ত বিস্তৃত হয়ে ভারত মহাসাগরের ভূ-তাত্ত্বিক ফাটলগুলোর সাথে মিশেছে। নদীবাহিত পলির বেশিরভাগ এ খাদ দিয়ে বঙ্গোপসাগরে বিস্তার লাভ করে, তাই এ উপকূলে ব-দ্বীপের বৃদ্ধি বা নতুন চরের সৃষ্টি তেমন লক্ষণীয় নয়। ভবিষ্যতে এখানে সাগরতলে ভূমিধসের ফলে নিকটস্থ উপকূল এমনকি হিরণ পয়েন্ট, আকরাম পয়েন্ট ইত্যাদি অঞ্চলও বিলীন হতে পারে।

অতলস্পর্শীর উৎপত্তি নিয়ে বিভিন্ন মতামত রয়েছে। প্রাচীনকালে যখন সমুদ্রের উচ্চতা কম ছিল তখন গঙ্গা-ব্রহ্মপুত্রের মিলিত ধারা সজোরে প্রবাহের ফলে এর উৎপত্তি হয়েছিল বলে কোন কোন বিজ্ঞানী মনে করেন। আবার অনেকে মনে করেন বিচ্যুতির (fault) ফলে এর সৃষ্টি হয়েছে। অন্য মত হলো গঙ্গা-ব্রহ্মপুত্র নদী বছরে যে চার বিলিয়ন ঘনমিটার পলি বহন করে তা অতলস্পর্শী এলাকা বাদে অন্যান্য এলাকায় জমা হয়েছে।

বেঙ্গল ফ্যান। অন্তঃসাগরীয় গিরিখাতের রূপান্তর ঘটে বিশ্বের সর্ববৃহৎ ফ্যান বেঙ্গল ফ্যানের উৎপত্তি হয়। ১৪ কোটি বছর আগে জন্ম প্রক্রিয়া শুরু হয়ে ৩.৮ কোটি বছর সময়ে নদীবাহিত পলিমাটি দিয়ে এর গঠন সম্পূর্ণ হয়। গত ১০ লক্ষ বছরে নদীবাহিত পলিমাটির সামান্য অংশ বেঙ্গল ফ্যানে প্রবেশ করেছে। এর দৈর্ঘ্য ৪,০০০ কিমি, প্রস্থ ১,০০০ কিমি এবং সর্ব্বোচ্চ তলানির গভীরতা হচ্ছে ১৬ কিমি যা বিশ্বে সবচেয়ে পুরু।

৯০° পূর্ব শৈলশিরা (90° East Ridge)

বঙ্গোপসাগরের গঠনের শুরু থেকেই থাকা তলদেশ খাড়া পর্বতমালা ৯০° পূর্ব শৈলশিরা মধ্যভারত মহাসাগরকে ৫,০০০ কিমি পর্যন্ত বিভক্ত করেছে।

বাংলাদেশের উপকূল। বাংলাদেশের উপকুলের দৈর্ঘ্য ৭৪০ কিমি এবং উপকূলীয় অঞ্চলের আকৃতিতে (morpholog) বৈশিষ্ট্য অসংখ্য নদী জালের মতো প্রবাহিত হয়ে বছরে চার বিলিয়ন ঘনমিটার পলি বহন করে। নদীগুলোর মধ্যে বহুসংখ্যক চর ও দ্বীপের সৃষ্টি হয়েছে। অপর বৈশিষ্ট্যগুলো হলো শক্তিশালী জোয়ার ভাটা, বায়ুপ্রবাহ, ক্রান্তীয় ঘূর্ণিঝড় এবং জলোচ্ছ্বাস ।

সেন্ট মার্টিন্স দ্বীপ। সেন্ট মার্টিন্স বাংলাদেশের একমাত্র প্রবাল দ্বীপ বলা হলেও প্রকৃতপক্ষে ভূগর্ভস্থ চাপের ফলে মায়োসিন কালে (২.৩ কোটি ৫৩ লক্ষ বছর আগে) দ্বীপটির উত্থান ঘটেছে এবং এটি চট্টগ্রাম-আরাকান পাহাড়ের একটি বিচ্ছিন্ন অংশ। পরবর্তীতে এখানে প্রবাল জন্মেছে। সেন্ট মার্টিন্সের আয়তন ২১ বর্গ কিমি এবং দ্বীপটি উত্তর দক্ষিণে বিস্তৃত, মধ্যভাগে কিছুটা সংকুচিত। দ্বীপটি পাললিক শিলা দ্বারা গঠিত এবং এখানে প্রবাল, চুনা ও বেলে পাথর পাওয়া যায়।

বঙ্গোপসাগরের ভৌত বৈশিষ্ট্য

বঙ্গোপসাগরের সামুদ্রিক বৈশিষ্ট্যের কারণ হচ্ছে এর ভৌগোলিক অবস্থান। মৌসুমি বায়ু শীতকালে উত্তর পূর্ব দিক থেকে এবং গ্রীষ্মকালে দক্ষিণ পশ্চিম দিক থেকে স্থলভাগের দিকে প্রবাহিত হয়। গ্রীষ্মকালীন মৌসুমি বায়ু সমুদ্র থেকে প্রচুর জলীয় বাষ্প বহন করে স্থলভাগে ব্যাপক বৃষ্টিপাত ঘটায়। নদী প্রবাহিত বিপুল পরিমাণ পানির ফলে বঙ্গোপসাগরের লবণাক্ততা অপেক্ষাকৃত কম এবং প্রচুর পলিমাটির ফলে সাগরের পানি ঘোলাটে হয়। ঘোলাটে পানিতে সূর্যালোক প্রবেশ করতে না পারায় আলোক সংশ্লেষণ প্রক্রিয়া ব্যাহত হয়, ফলে পানির জৈব উৎপাদন ক্ষমতা হ্রাস পায়।

দক্ষিণ পশ্চিম মৌসুমি বায়ুর প্রভাবে বঙ্গোপসাগরের উত্তর পূর্বকোণের জলের উচ্চতা বাড়ে, দক্ষিণ পশ্চিম কোণের জলের উচ্চতা কমে এবং সেখানে গভীরতর অংশ থেকে অপেক্ষাকৃত বেশি রাসায়নিক পদার্থ সমৃদ্ধ জলের উর্ধ্বগমন হয়। আর উত্তর-পূর্ব মৌসুমি বায়ুর ফলে উত্তর পূর্ব বঙ্গোপসাগরের জলের উচ্চতা কমে এবং জলের উর্ধগমন হয়। তাই দুবলার চরের কাছে এবং সোনাদিয়া দ্বীপের কাছে শীতকালে প্লাংকটন সমৃদ্ধ জলে প্রচুর মাছ ধরা পড়ে। বঙ্গোপসাগরের অন্যান্য অংশের জলে এত প্লাংকটন জন্মানোর জৈব রাসায়নিক কারণ না থাকায় সেসব জায়গায় মাছ কম পাওয়া যায়। বঙ্গোপসাগরে ২৪ ঘন্টায় দু'বার সর্বোচ্চ ও দু'বার সর্বনিম্ন জলস্তর পৌঁছে এবং জোয়ার ভাটার গড় উচ্চতা উপকূলে ৫.২ মিটার।

বঙ্গোপসাগর ব্যবহারের ইতিহাস ও বাংলাদেশ

সমুদ্রের ব্যবহার কালের পরিক্রমায় পরিবর্তিত হয়েছে। তবে সমুদ্র মূলতঃ চারটি কারণে ব্যবহৃত হয়; চলাচল ও বাণিজ্যের মাধ্যম, জ্ঞান ও মতাদর্শ বিস্তার, সামরিক শক্তি প্রয়োগের মাধ্যম হিসেবে এবং সর্বোপরি সম্পদ আহরণ। ইতিহাস পর্যালোচনা করলে দেখা যায় বহুকাল আগে থেকে বঙ্গোপসাগর প্রথম তিনটি কারণে ব্যবহৃত হয়ে আসলেও সাম্প্রতিক সময়ে চতুর্থ কারণ অর্থাৎ সম্পদ আহরণের গুরুত্ব বৃদ্ধি পেয়েছে।

চলাচল

ধারণা করা হয় প্রায় এক লক্ষ সত্তর হাজার বছর আগে যে মানবজাতি আফ্রিকা হতে বিশ্বের বিভিন্ন এলাকায় ছড়িয়ে পড়ে তারই একটি দল ত্রিশ হাজার বছর আগে বঙ্গোপসাগরের উপকূল হয়ে নৌযানে এ অঞ্চল, দক্ষিণ পূর্ব এশিয়া এবং অস্ট্রেলিয়া পর্যন্ত ছড়িয়ে পড়ে। পরবর্তীতে আরব, বঙ্গবাসী, দক্ষিণ ভারতীয়, বার্মা-তিব্বতীয় এবং সর্বশেষে ইউরোপীয়রা বঙ্গোপসাগরের মাধ্যমে এর উপকূলে বিভিন্ন অঞ্চলে বসতি স্থাপন করে। অন্যদিকে ১৫০০ খ্রিস্ট পূর্বে সমুদ্র পথে গমন করে কৃষ্ণ সাগরের উপকূলে বঙ্গবাসীর বিশেষ বীরত্বের সাথে যুদ্ধ করার বর্ণনা দিয়েছেন ভেরলেরিয়াস ফ্লাকাস তার 'আরগণটিকা' ও ভার্জিল তার 'জর্জিকাস' গ্রন্থে।

চতুর্থ শতকে ফাহিয়ান তাম্রলিপ্তি হতে বাণিজ্য জাহাজে চড়ে শ্রীলংকা যান। তারপর থেকেই বহু চীনা বৌদ্ধ পরিব্রাজক সমুদ্র পথেই শ্রীলংকা-বাংলাদেশ যাওয়া আসা করতেন। মধ্যযুগে চীনা বণিক ও পরিব্রাজকরা যেমন মা-হুয়ান (১৩৮০-১৪৬০), আরব বণিকেরা এবং পরে পর্তুগিজ বণিকেরা সপ্তগ্রাম ও চেহাট-গাম বা

চট্টগ্রাম থেকে এ সমুদ্রোপকূল হয়েই আরাকান ও নিম্ন ব্রহ্মদেশে যাওয়া আসা করতেন। ইৎসিৎ সপ্তম শতকেই বলেছেন, হিউয়েন-তা নামে একজন চীনা পরিব্রাজক মালয় সমুদ্রকূলবর্তী কেদা হতে সোজা তাম্রলিপ্তি গিয়েছিলেন। বিখ্যাত পর্যটক ইবনে বতুতা চৌদ্দ শতকে সমুদ্রপথে বঙ্গ হতে যাতায়াত করেছেন।

বাণিজ্য

বঙ্গোপসাগরের মধ্য দিয়ে বঙ্গের বাণিজ্য খুবই প্রাচীন। পান্ডু রাজার ঢিবিতে (খ্রিস্টপূর্ব ২০০০) আবিষ্কৃত ক্রীট দেশের সীলমোহর এবং পেরিপ্লাস গ্রন্থ (Periplus of the Erythran Sea) থেকে জানা যায় সে সময়ে সমুদ্র পথে ক্রীট দ্বীপ ও ভূমধ্যসাগরীয় অন্যান্য দেশের সাথে বঙ্গের বাণিজ্য হত। জেমস টেলরের মতে খ্রীস্টের জন্মের কয়েক হাজার বছর পূর্ব থেকে আরবরা জাহাজে করে বঙ্গদেশে আসতো এবং এ দেশ থেকে অন্যান্য সামগ্রীর সাথে বস্ত্র রপ্তানি করত। মিসরে মমি মসলিনে আবৃত হতো এবং ৭৩ খ্রিস্টাব্দে পীনি (২৩-৭৯ খ্রিস্টাব্দ) মসলিনের প্রশংসা করেন। জেমস টেলরের মতে কর্পোস (তুলা) শব্দ থেকে কাপাসিয়া নামের উৎপত্তি এবং এখানে মসলিন বস্ত্রাদি বয়ন করা হতো। স্মরণাতীত কাল থেকে মসলিন রপ্তানির কেন্দ্র হিসেবে সোনারগাঁও বিখ্যাত ছিল।

খ্রিস্টপূর্ব ২২১ এ চীন ভারতের সাথে প্রথম বাণিজ্য সংযোগ স্থাপন করে এবং দক্ষিণ চীন থেকে বাংলাদেশ পর্যন্ত চীনাদের বাণিজ্য সম্পর্কে হাম রাজবংশের ইতিহাসে (৮০ খ্রিস্টাব্দ) উল্লেখ আছে। পেরিপাস গ্রন্থ, প্লিনীর Naturalis Historia, টলেমির Geographia, পালি Niddesa এবং মিলিন্দবাই গ্রন্থ থেকে জানা যায় ৪০ খ্রিস্টাব্দের দিকে বাংলার বৈদেশিক বাণিজ্য সুখ্যাতি লাভ করেছিল।

টলেমির বর্ণনা থেকে অনুমিত হয় যে, সে সময় পুরো গাঙ্গেয় ব-দ্বীপ এলাকা বাণিজ্য করে একটি শক্তিশালী রাষ্ট্রে পরিণত হয়েছিল। অথর্ববেদ ও অর্থশাস্ত্রে মালয় থেকে টিন আমদানির কথা বলা হয়েছে। দারুচিনি ও ক্যাসিয়া চন্দন, পান, সুপারি ইত্যাদি পণ্য বিনিময় হতো রোমানদের সাথে। সুগন্ধি নার্ড গাছ এবং আসামের গণ্ডারের শাবক রোমে এবং চীনে রপ্তানি হতো। প্রাচীন বাংলার জাহাজগুলোতে ৫০০-৭০০ জন নাবিক থাকতো এবং ৭৫ টন পর্যন্ত মাল বহন করা হতো।

পাহাড়পুর এবং ময়নামতি বৌদ্ধ বিহারে বাগদাদের খলিফা রশিদের (৭৮৬-৮০৬ খ্রিস্টাব্দ) মুদ্রা আবিষ্কার এ অঞ্চলে ব্যবসা বাণিজ্য উপলক্ষে আরবদের যাতায়াতের ইঙ্গিত দেয়। সিন্ধু অঞ্চলে আরবরা বসতি স্থাপন করার পর তাদের পূর্বাঞ্চলীয় বাণিজ্য চীন পর্যন্ত এমন ব্যাপকতা লাভ করে যে ভারত মহাসাগর এবং বঙ্গোপসাগর আরবদের অভ্যন্তরীণ হ্রদে পরিণত হয়।

একাদশ শতক থেকে শুরু করে মধ্যযুগে চট্টগ্রামের সঙ্গে আরাকানের নৌ যোগাযোগ চলতো। পাঁচ শতক থেকে তের শতক পর্যন্ত সমতট ছিল দক্ষিণ-পূর্ব বঙ্গের সবচেয়ে গুরুত্বপুর্ণ এলাকা। প্রাক মুসলিম যুগে হরিকেল, সমতট ও বঙ্গ একত্রে ছিল একটি অর্থনৈতিক ইউনিট যার অংশগুলো নদীপথে পরস্পরের সাথে যোগাযোগ রক্ষা করত।

আর্মেনিয়রা দ্বাদশ শতকেই আরব সাগর ও বঙ্গোপসাগর পাড়ি দিয়ে চীন সাগরে পৌঁছেছিল। চৌদ্দ শতকের দিকে আরব-চীনা বণিকদের বাণিজ্য বঙ্গোপসাগর অঞ্চলে প্রাধান্য পায়। তের-চৌদ্দ শতকে পূর্বদিকে ইসলাম ধর্মের প্রসারের ফলে সমুদ্র বাণিজ্য নতুন জীবন লাভ করে এবং চীনাদের প্রভাব কমে। মা হুয়ান জানান যে চট্টগ্রাম থেকে পূর্বদিক সুমাত্রা হয়ে চীন এবং পশ্চিম দিকে ভারত ও আফ্রিকার উপকূল বাংলাদেশের বাণিজ্যের অধীনে এসেছিল। সে সময়ে বাংলার ঐশ্বর্য এসেছিল অনেকটা তার বৈদেশিক বাণিজ্য থেকে। ষোল শতকের প্রথম দিকে বাংলাদেশের সূতীবস্ত্র দক্ষিণ-পুর্ব এশিয়ার বাজারে স্থান পেয়েছিল এবং পশ্চিম দিকে এডেন ও হরমুজ প্রণালী পর্যন্ত বাংলার বাণিজ্য সম্পর্ক বিস্তৃতি লাভ করেছে। টম পিরোসের বিবরণী (১৫১২-১৫১৫ খ্রিঃ) অনুসারে পার্সী, আরব, তুর্কী, পশ্চিম ভারতীয়, আর্মেনিয় এমনকি কনষ্টান্টিনোপোল থেকে আগত বণিকগণ বাংলাদেশে বসবাস করে মালাক্কা ও পাসাইয়ের সাথে ব্যবসা বাণিজ্য করত। সে সময়ে চট্টগ্রাম, রামু এবং দিয়াং দক্ষিণ পূর্ব বাংলার সমুদ্র বন্দর হিসেবে পরিগণিত হয়েছিল।

১৪৯৮ খ্রিস্টাব্দে ভাস্কো-দা-গামা ভারতে আগমনের পর অন্যান্য ইউরোপীয়রা এ অঞ্চলে নিজস্ব কর্তৃত্ব অর্জনের জন্য পরস্পরের সাথে সংঘর্ষে জড়িয়ে পড়ে। ষোলশত শতাব্দীতে পর্তুগিজরা চট্টগ্রাম (পোর্টো গ্রান্ড-বৃহৎ পোতাশ্রয়) এবং সাতগাঁও (পোর্টো পিকিউনো-ক্ষুদ্র পোতাশ্রয়) এ বাণিজ্য কুটি স্থাপন করে। ষোল শতকের প্রথম মালাক্কা বন্দরে গুজরাটি মুসলমান

বণিকেরা বিশেষ প্রতিপত্তিশালী ছিল এবং বাঙ্গালীরা মালাক্কা ও পূর্ব ইন্দোনেশিয়া থেকে মসলা আমদানি করত। সতের শতকের প্রথমে বাংলার শাসকরা সরাসরি বঙ্গোপসাগরের নৌ-বাণিজ্যে যোগ দেন। পরবর্তীতে রাজনীতির পরিবর্তনের ফলে মোগলরা নৌ বাণিজ্য থেকে সরে দাঁড়ায় আর সে স্থান ইংরেজরা পূরণ করে। আঠারো শতকে বাংলা থেকে ৫০-৬০টি পণ্যবাহী জাহাজ প্রতি বছর বিদেশ যেত। কিন্তু বাংলার রাজনৈতিক অস্থিতিশীলতা, অরাজকতা, ইংরেজদের কর আরোপে বৈষম্যতা ইত্যাদি কারণে এবং ইস্ট ইন্ডিয়া কোম্পানির বাণিজ্য কুক্ষিগত করার ফলে এ দেশীয়রা বাণিজ্যে প্রাধান্য হারায়।

দু'হাজার বছর আগে থেকে বাংলাদেশে উন্নত মানের কাঠের জাহাজ তৈরি হতো। পঞ্চদশ শতকে তুর্কীরা আলেকজান্দ্রিয়ায় জাহাজ না বানিয়ে চট্টগ্রাম ও সন্দ্বীপে জাহাজ নির্মাণ করতো। কথিত আছে ট্রাফালগার যুদ্ধে ব্রিটিশ নৌবাহিনী বাংলাদেশে তৈরি জাহাজ ব্যবহার করে। জার্মান নৌবাহিনীর একটি ফ্রিগেট ১৮১৮ সালে চট্টগ্রামে নির্মিত হয়েছিল। উনবিংশ শতাব্দীতে বাষ্পচালিত ইস্পাতের জাহাজ নির্মাণের পর কাঠের তৈরি জাহাজের ব্যবহার বন্ধ হয়ে যায়।

জ্ঞান ও মতাদর্শ বিস্তার

বঙ্গোপসাগরের মধ্য দিয়ে হিন্দু, বৌদ্ধ, ইসলাম এবং খ্রিস্টান এ চারটি ধর্ম অত্র অঞ্চলে ছড়িয়ে পড়ে। বুদ্ধের আবির্ভাবের পর তাঁর শিষ্যেরা বুদ্ধের মহৎ বাণী ছড়িয়ে দিতে সমুদ্র পথে দেশ ভ্রমণে বের হন। বৌদ্ধ ধর্মাবলম্বী পালদের (৭৫০-১১৫৯ খ্রিঃ) শক্তিশালী নৌ ও বাণিজ্য বহরের ছত্রছায়াই বৌদ্ধ ধর্মের প্রসার লাভ করেছিল। খ্রিস্টপূর্ব কয়েক শত বছর আগে ভারতবর্ষ থেকে হিন্দু ধর্ম সাগরপথে দক্ষিণপূর্ব এশিয়াতে ছড়িয়ে পড়ে এবং পরবর্তীতে সে অঞ্চলে হিন্দু রাষ্ট্র প্রতিষ্ঠিত হয়। ইসলাম ধর্ম প্রবর্তনের পর থেকেই আরব বণিকদের সঙ্গে উল্লেখযোগ্য সংখ্যক আওলিয়ার মাধ্যমে দক্ষিণ ও দক্ষিণ-পূর্ব এশিয়ায় ইসলাম ধর্মের প্রসার লাভ করে। ষোল শতকে ইউরোপীয় বিশেষ করে পর্তুগিজদের আগমনের ফলে খ্রিস্টধর্ম এ অঞ্চলে বিস্তার লাভ করে। পর্তুগিজ যাজকরা শ্রীলংকা, ভারত, দক্ষিণ বঙ্গ ও দক্ষিণপূর্ব এশিয়াতে উল্লেখযোগ্য সংখ্যক স্থানীয়কে খ্রিস্ট ধর্মে দীক্ষিত করে।

সামরিক শক্তি প্রয়োগের মাধ্যম

খ্রিস্টপূর্ব ৫৪৪ বঙ্গদেশের বিজয় সিংহ বঙ্গোপসাগর পাড়ি দিয়ে শ্রীলংকায় রাজ্য প্রতিষ্ঠা করেন। অষ্টম-নবম শতাব্দীতে বাংলার পাল সম্রাটরা মালায়, সুমাত্রা ও জাভাতে সাইলেন্দ্র সাম্রাজ্য স্থাপন করে। টম পিরেসের 'সুমা ওরিয়েন্টাল' থেকে তথ্য পাওয়া যায় যে, উত্তর সুমাত্রার পাসাইয়ে প্রথম মুসলিম রাজ্য স্থাপিত হয় বাঙ্গালি মুসলমানদের দিয়ে।

সুপ্রাচীনকাল থেকেই চীনারা এ অঞ্চলে এক নৌশক্তি হিসাবে পরিচিত এবং এডমিরাল জেং হী এ অঞ্চলের রাজ্যগুলোকে নিজস্ব প্রভাব বলয়ে নিয়ে আসার জন্য ১৪০৫-১৪৩০ সালে সাতবার ভারত মহাসাগরে অভিযান চালান। এ সময়ে তারা দু'বার বাংলার রাজদরবারে দূত পাঠায়।

ষোল শতক হতে ইউরোপীয়রা বাণিজ্যের লক্ষ্যে বঙ্গোপসাগরে প্রবেশ করে নিজ নিজ আধিপত্য বিস্তারের প্রতিযোগিতায় নামে। পর্তুগিজরা ১৫০৫ সালে, ১৬০৫ সালে ওলন্দাজ, ১৬১১ সালে ইংরেজরা, ১৬২০ সালে দিনেমাররা এবং সর্বশেষে ১৬৬৯ সালে ফরাসিরা বঙ্গোপসাগরীয় উপকূলে বাণিজ্য আরম্ভ করে। কিন্তু পরস্পরের সাথে প্রতিদ্বন্দ্বিতা এবং নিরঙ্কুশ বাণিজ্যিক অধিকার পেতে তারা সামরিক শক্তি বিশেষ করে নৌ শক্তি ব্যবহার করে এ অঞ্চলে উপনিবেশ গড়ে তোলে। চট্টগ্রাম ষোল ও সতের শতকের অধিকাংশ সময় আরাকান রাজত্বের অন্তর্গত ছিল এবং সে সময়ে আরাকানের ক্ষমতা মধ্য বঙ্গোপসাগরে অপ্রতিরোধ্য ছিল।

দ্বিতীয় বিশ্বযুদ্ধের সময় জাপানিরা পুরো দক্ষিণ পূর্ব এশিয়া, আন্দামান ও নিকোবর দখল করে বঙ্গোপসাগরে প্রবেশ করে। এ সময়ে মালাক্কা, আন্দামান এবং মায়ানমারের বন্দরগুলোতে জাপানিরা নৌ ঘাঁটি স্থাপন করে পুরো বঙ্গোপসাগর তাদের নিয়ন্ত্রণে নিয়ে আসে।

বাংলাদেশের স্বাধীনতা যুদ্ধের সময় ভারতীয় নৌবাহিনী বঙ্গোপসাগরে অপ্রতিদ্বন্দ্বীরূপে আবির্ভূত হয়। যুদ্ধের শেষ পর্যায়ে ৭ম নৌবহর ১৫জন মার্কিন নাগরিককে উদ্ধারের নামে বঙ্গোপসাগরে প্রবেশ করলে তৎকালীন সোভিয়েত ইউনিয়ন দুটি সাবমেরিন প্রেরণ করে। তবে তাদের শক্তির মহড়া প্রদর্শনের আগেই বাংলাদেশ স্বাধীনতা অর্জন করে।

সামুদ্রিক সম্পদ

সমুদ্র থেকে খাদ্য হিসেবে বিভিন্ন রকমের মাছ, প্রাণী, ঝিনুক, শৈবাল, সংগ্রহ করা যায়। বঙ্গোপসাগরে

৪টি প্রধান মৎস্যচারণ ক্ষেত্র রয়েছে; সাউথ প্যাচেস, দক্ষিণ সাউথ প্যাচেস, মিডল গ্রাউন্ড এবং অতলস্পর্শী খাদ (মানচিত্র নং ৪)। বাংলাদেশের জলসীমায় ৪৭৫টি

মাছের প্রজাতি শনাক্ত করা হয়েছে তার মধ্যে ৪২টি প্রজাতির বাণিজ্যিক গুরুত্ব আছে বাংলাদেশের প্রধান মৎস্য এলাকা বাংলাদেশের সামুদ্রিক মৎস্যের বার্ষিক উৎপাদন ৫ লক্ষ ৪৬ হাজার টন। বাংলাদেশ ২০১০-১১ অর্থবছরে ৪,৬০৪ কোটি টাকার সামুদ্রিক মৎস্য বিদেশে রপ্তানি করেছে। দেশে মোট ১৯৪ টি ট্রলারসহ সর্বমোট ২১,০০০টি জলযান এবং পাঁচ লক্ষ জেলে মৎস্য আহরণে নিয়োজিত রয়েছে। এছাড়া, সমুদ্র উপকূলে চিংড়ি, কাঁকড়া, শামুক, ঝিনুক, সামুদ্রিক শেওলা ও আগাছা চাষ করা যেতে পারে।

বঙ্গোপসাগরে নদীবাহিত পলিতে ভিন্ন মাত্রায় বিভিন্ন পদার্থের উপস্থিতি রয়েছে। হুগলি নদীর মোহনায় ওপেকস, ক্লোরাইড, গার্নেট, সিলিমেনাইট, জিরকোন, কোলোফেন ইত্যাদি, গঙ্গা-ব্রহ্মপুত্রের পলিতে ইলাইট ও ক্লারাইট পাওয়া যায়। তাছাড়া সমুদ্র তলে পলিমাটির নিচে তেজস্ক্রিয় পদার্থ যেমন ইউরেনিয়ামের সন্ধান পাওয়া গেছে (অতলস্পর্শী মহীখাদের পলিতে ২৬.৬০x১০$^{-৬}$ গ্রাম ইউরেনিয়াম প্রতি গ্রাম পলিতে পাওয়া যায়)। বাংলাদেশ সমুদ্র সৈকতের ১৭টি স্থানে বিশেষ করে কক্সবাজার, মহেশখালী এবং টেকনাফে মূল্যবান তেজস্ক্রিয় খনিজ পদার্থ জিরকন, রুটাইল, ইলমেনাইট, ম্যাগনেটাইট ও মোনাজাইট আবিষ্কৃত হয়েছে।

সাগরের পানিতে দ্রবীভূত হিসেবে আছে বহু প্রকার অজৈব পদার্থ। প্রতি ঘন কিমি পানিতে প্রায় ৪ কোটি টন বিভিন্ন পদার্থ দ্রবীভূত থাকে। যেমন প্রতি ঘন মাইল সমুদ্র জলে স্বর্ণ থাকে মাত্র সাড়ে সতের কেজি। সাগরজলে ৮০টি মৌল সনাক্ত করা গেছে। সাগরতলে বহু ধাতবীয় নুড়ি (nodules) থাকে যাতে ম্যাঙ্গানিজ ও লোহার পরিমাণ বেশি হয়। তাছাড়া তামা, সীসা, বেরিয়াম, মলিবডেনাম ইত্যাদি ধাতু পাওয়া যায়। আন্দামান ও নিকোবরে চূনাপাথরের সন্ধান মিলেছে।

পেট্রোলিয়াম মাটির তলায় শিলাস্তরে এক বিশেষ অবস্থায় থাকে। যেখানে পাললিক শিলার অবস্থান সেখানে তেল পাওয়ার সম্ভাবনা যথেষ্ট থাকে। ভারতের পূর্ব উপকূলে কাবেরী এবং কৃষ্ণা-গোদাবরী অববাহিকায় প্রাকৃতিক গ্যাস ও তেল পাওয়া গেছে। তাছাড়া সুন্দরবনের দক্ষিণে সাগরে ভারত তেল না পেলেও গ্যাস পেয়েছে। মায়ানমারের আরাকান, ইয়াঙ্গুন ও মারতাবান উপকূলে প্রচুর পরিমাণ গ্যাস ও তেল আবিষ্কৃত হয়েছে। বাংলাদেশ উপকূল/সমুদ্রে জরিপ চালিয়ে তিনটি ক্ষেত্রে প্রাকৃতিক গ্যাসের সন্ধান পাওয়া যায় (কুতুবদিয়া, সাঙ্গু ও ভোলা। কিন্তু ৫,০০০ মিটার পর্যন্ত খনন করে কোন তেলের সন্ধান পাওয়া যায় নাই। ফলে আশংকা করা যায়, যেহেতু বঙ্গোপসাগরে অল্পবয়সী পলির পরিমাণ বেশি তাই গ্যাস পাওয়া সম্ভাবনা বেশি আর তেলে রূপান্তরিত হওয়ার জন্য এ বয়স ও পরিস্থিতি অনুকূলে নয়। তবে তেল পাওয়া যেতে পারে বেশ গভীরে অন্তত ৭-৮ কিমি গভীরে এবং স্থল ভাগের উত্তরাংশে।

সামুদ্রিক গবেষণা

সমুদ্রকে মানব কল্যাণে সুষ্ঠু ব্যবহার, সম্পদের অনুসন্ধান, আহরণ ও সংরক্ষণের জন্য সামুদ্রিক গবেষণার প্রয়োজন রয়েছে। প্রথম শতাব্দীতে লেখা পেরিপ্লাস গ্রন্থ হচ্ছে বঙ্গোপসাগরের উপর প্রথম বৈজ্ঞানিক অনুসন্ধান। এরপর গ্রীক, রোমান এবং আরবরা সমুদ্র পথে যাতায়াত করে উপকূল, দ্বীপ, বায়ু, মৌসুমি বায়ু, সমুদ্রের দিক নির্দেশনা ইত্যাদির গ্রন্থ রচনা করেছিল। এডমিরাল জেং হী এর মানচিত্রের উপর ভিত্তি করে পরবর্তীতে চীনারা মানচিত্র তৈরি করে।

ব্রিটিশ ভারতে ১৮৭১ খ্রিস্টাব্দে ডঃ উডম্যাসন প্রাণ ও উদ্ভিদকূল সম্বন্ধে প্রথমবারের মত গবেষণা করেন এবং ১৮৭২ খ্রিস্টাব্দে কোলকাতায় ভারতীয় মেরিন সার্ভে গঠিত হয়। ১৯১০ খ্রিস্টাব্দে বিজ্ঞানি সিওয়েল ভারতীয় সমুদ্র সমীক্ষা শুরু করেন। ইংল্যান্ডের 'চ্যাল্বোর'

১৮৭৩-১৮৭৬ সালে, জার্মানির 'গাজেল' ১৮৭৪-১৮৭৬, ১৮৮৫-১৯০২ সময়কালে ভারতীয় 'ইনভেস্টিগেটর', রুশ 'ভিতিজ' এ সি ও সাকরভ (১৮৮৭) বঙ্গোপসাগরে গবেষণার কাজ চালায়। ১৮৯৮-১৮৯৯ সালে জার্মানি 'ভালঙ্গিভিয়া' জাহাজে করে আবহাওয়া ও জীব বিজ্ঞানের উপর বঙ্গোপসাগরে গবেষণা চালায়।

১৯৫০-৫২ সনে ডেনমার্কের 'গ্যালাটেরা' এবং যুক্তরাজ্যের 'চ্যাল্লোর-২' গবেষণা পরিচালনা করে। অন্ধ্র বিশ্ববিদ্যালয়ের উদ্যোগে ১৯৫৫ সালের দিকে বঙ্গোপসাগরে বেশ কিছু গবেষণা চলেছিল। ১৯৬১ থেকে ১৯৬৫ পর্যন্ত আন্তর্জাতিক ভারত মহাসাগর অভিযান এবং ইন্টারন্যাশনাল ওসেনোগ্রাফিক কমিশনের যৌথ সহায়তায় একটি অভিযান পরিচালিত হয়।

১৮৮১ সালে বঙ্গোপসাগরের তলদেশে টেলিগ্রাফ তার বসানোর সময় থেকেই সর্বপ্রথম তলদেশের চার্ট তৈরি করা হয়। পরবর্তীতে ব্রিটিশ, জার্মান, ভারত, পাকিস্তান, বাংলাদেশ নৌবাহিনীসহ অন্যান্য সংস্থা জরিপ করত চার্ট প্রকাশ করে। উল্লেখ্য বাংলাদেশ নৌবাহিনী বিগত কয়েক বছর আন্তর্জাতিক মানের চার্ট প্রকাশ করে বিপণন করছে।

চট্টগ্রাম বিশ্ববিদ্যালয়ে ১৯৭১ সালে সামুদ্রিক জীববিদ্যা বিভাগ খোলা হয় এবং ১৯৮১ সালে বিভাগটি সামুদ্রিক বিজ্ঞান ইনস্টিটিউটে রূপলাভ করে। বাংলাদেশে প্রথমবারের মত ১৯৮০ সালে একটি জাতীয় সেমিনার অনুষ্ঠানের মধ্য দিয়ে সমুদ্র গবেষণার উপর গুরুত্ব আরোপ করা হয়। ন্যাশনাল কমিটি ফর দ্যা এক্সপ্লোরেশন এন্ড এক্সপ্লয়টেশন অফ দ্যা রিসোর্স অফ দ্যা সীজ এন্ড ওশেন কর্তৃক এ সেমিনার আয়োজন করা হয়। এ সেমিনারের পর প্রথম অভিযান চলে ১৯৮০ সালের ১৮ থেকে ২২ নভেম্বর পর্যন্ত।

উল্লিখিত সেমিনার ছাড়াও নৌবাহিনী, চট্টগ্রাম বিশ্ববিদ্যালয়, নোয়ামি ও অন্যান্য সংস্থা কর্তৃক বিভিন্ন সময়ে সেমিনার, ওয়ার্কসপ ও সিম্পোজিয়ামের আয়োজন করা হয়। বঙ্গোপসাগরের উপর গবেষণামূলক প্রবন্ধ ও উপাত্তের পরিমাণ খুব বেশি নেই। তবে বাংলাদেশে বিচ্ছিন্নভাবে মৎস্য সম্পদ, বিদেশি তৈল সংস্থা, বিদেশি সংস্থা এবং বাংলাদেশ নৌবাহিনী চার্ট প্রণয়নে এবং বিশেষ করে সমুদ্রসীমা নির্ধারণে জরিপ কার্য সম্পাদন করেছে।

বঙ্গোপসাগরে আন্তরাষ্ট্রীয় সমুদ্রসীমা নির্ধারণ

বঙ্গোপসাগরের উপকূলীয় দেশগুলো তাদের মধ্যকার সমুদ্রসীমা নির্ধারণ করেছে। গত ১৪ মার্চ ২০১২ এক ঐতিহাসিক রায়ে সমুদ্র সম্পর্কিত আন্তর্জাতিক আদালত বাংলাদেশ-মায়ানমার সমুদ্রসীমা নির্ধারণ করেছে। আদালতে বাংলাদেশের অন্যান্য দাবিগুলোর মধ্যে ছিল সমতার ভিত্তিতে সমুদ্রসীমা নির্ধারণ, সেন্ট মার্টিন্স দ্বীপের ১২ মাইল টেরিটোরিয়াল সাগর এবং বাংলাদেশের মহীসোপান প্রাপ্তি



নিশ্চিতকরণ। আদালত বাংলাদেশের দাবির সাপেক্ষে উত্থাপনকৃত তথ্যাদি বিবেচনা করে এ ঐতিহাসিক রায় দেয়, যার ফলে বাংলাদেশের প্রাপ্তি ১,১১,৬৩১ বর্গ কিমি আয়তনের সমুদ্র এলাকা। তাছাড়া রায়ে মহীসোপানে বাংলাদেশের অধিকার নিশ্চিত হলো। উপরন্তু এ রায় ২০১৪ সালে বাংলাদেশ-ভারত সমুদ্রসীমা নির্ধারণ রায়ে প্রভাব ফেলবে বলে আশা করা যায়। আদালতের রায়ে সমতার ভিত্তিতে সমুদ্রসীমা নির্ধারণ এবং মহীসোপান প্রাপ্তি নিশ্চিত।

বঙ্গোপসাগর এলাকায় প্রাকৃতিক দুর্যোগ

ক্রান্তীয় অঞ্চলে অবস্থিত বলে বঙ্গোপসাগরে প্রতিবছর এপ্রিল-মে এবং অক্টোবর-নভেম্বর সময়কালে গড়ে ৪.৭ টি প্রচণ্ড ঘূর্ণিঝড় সৃষ্টি হয় যা উপকূলে আঘাত হানে। অনেক ক্ষেত্রে ঘূর্ণিঝড়ের সাথে সামুদ্রিক

জলোচ্ছ্বাস বিপুল প্রাণ ও সম্পদের ক্ষতিসাধন করে। মৌসুমি বায়ুর ফলে দেশে প্রচুর বৃষ্টিপাত হয় এবং প্রায় প্রতি বছরই বন্যা হয়। এছাড়া বঙ্গোপসাগরের পূর্বে ইন্দো-অস্ট্রেলিয় প্লেট, ভারতীয় প্লেট এবং বার্মা মাইক্রোপ্লেটের সংযোগস্থলে ভূমিকম্পের প্রকোপ রয়েছে। ভূমিকম্পের সাথে সাথে বঙ্গোপসাগরে সুনামিও হতে পারে। গ্রিন হাউস প্রক্রিয়ায় সমুদ্র পৃষ্ঠের উচ্চতা বৃদ্ধির ফলে উপকূলীয় এলাকা বিশেষ করে বাংলাদেশের নিচু এলাকা জলমগ্ন হবে। বিজ্ঞানীরা আশংকা করেন যে, এ শতাব্দীর শেষ ভাগে সমুদ্র পৃষ্ঠের উচ্চতা ১ মিটার বৃদ্ধির ফলে বাংলাদেশের দশ শতাংশ এলাকা ডুবে যাবে এবং এতে দেশের প্রায় ১৭ শতাংশ জনগণ স্থানচ্যুত হবে।

বাংলাদেশে বঙ্গোপসাগরের গুরুত্ব

ভারত ও মায়ানমার বাংলাদেশকে তিন পাশ ঘিরে রেখেছে এবং বহির্বিশ্বের সাথে যোগাযোগ ও বাণিজ্য বঙ্গোপসাগরের মাধ্যমেই হয়ে থাকে। দেশের প্রয়োজনীয় খাদ্য, জ্বালানি, শিল্পের কাঁচামাল, সামরিক সরঞ্জামাদি এবং উৎপাদিত পণ্য সমুদ্রপথেই আমদানি-রপ্তানি করা হয়। স্থলভাগের সীমাবদ্ধতার ফলে দেশের বিপুল সংখ্যক জনগোষ্ঠীর খাদ্য ও জ্বালানির চাহিদা বঙ্গোপসাগর হতে মেটানো সম্ভব। এ সাগরের উপকূলে বাংলাদেশ ভূরাজনৈতিক এবং অর্থনৈতিকভাবে সুবিধাজনক অবস্থানে রয়েছে। দুটি উদীয়মান শক্তি চীন ও ভারতের সাথে তাল মিলিয়ে আঞ্চলিক যোগাযোগ এবং বন্দর সুবিধা ব্যবহার করে বাংলাদেশ রাজনৈতিক, কূটনৈতিক ও অর্থনৈতিকভাবে লাভবান হতে পারে।

ভূ-কৌশলগত গুরুত্ব

বঙ্গোপসাগরের অবস্থান ভূ-কৌশলগত ভারত মহাসাগরের উত্তর-পূর্ব কোণে এবং সম্প্রতিকালে এর গুরুত্ব বৃদ্ধি পেয়েছে। ভারত মহাসাগর সম্পর্কে আমেরিকার বিখ্যাত এডমিরাল মাহান (১৮৪০-১৯১৪) উনবিংশ শতাব্দীতে বলেছিলেন "Whoever controls the Indian Ocean, dominates Asia, this ocean is the key to the seven seas. In the 21st century, the destiny of the world will be decided on its waters।" বঙ্গোপসাগরের দক্ষিণে ভারত মহাসাগরের মধ্য দিয়ে চলে গেছে আন্তর্জাতিক সমুদ্র পথ যা বিশ্বের এক তৃতীয়াংশ জ্বালানি মধ্যপ্রাচ্য হতে উত্তর-পূর্ব এশিয়া বিশেষ করে চীন ও জাপানে সরবরাহ করে। তাছাড়া বঙ্গোপসাগরে ভারত ও মায়ানমার বিপুল পরিমাণে জ্বালানি তেল ও গ্যাস আবিষ্কার করেছে এবং বিপুল পরিমাণ মজুতের সম্ভাবনা রয়েছে। ভারত প্রয়োজনের চেয়ে অতিরিক্ত মাত্রার নৌশক্তি গঠন করে বঙ্গোপসাগরসহ ভারত ও প্রশান্ত মহাসাগরে তার সামারিক প্রভাব বিস্তারের প্রচেষ্টা চালাচ্ছে। অন্যদিকে অপর উদীয়মান শক্তি চীন তার প্রভাব বিস্তার, জ্বালানি সরবরাহ অব্যাহত রাখা এবং নতুন বাজার সৃষ্টির জন্য অতিদ্রুত নৌশক্তি বৃদ্ধি করে পশ্চিম প্রশান্ত মহাসাগরের পর অদূর ভবিষ্যতে ভারত মহাসাগর তথা বঙ্গোপসাগরে উপস্থিতি বৃদ্ধি করবে। যুক্তরাষ্ট্র এশিয়ায় চীনের এ আধিপত্য ও উপস্থিতি কোন ক্রমেই মেনে নেবে না, আর সে জন্য তার নৌ জাহাজের ৬০ শতাংশ এ অঞ্চলে মোতায়েন করবে বলে সম্প্রতি ঘোষণা দিয়েছে।

দীর্ঘদিন বিচ্ছিন্ন থাকার পর বর্তমানে মায়ানমার বর্হিবিশ্বের সাথে তার যোগাযোগ আরম্ভ করেছে। ফলে এশিয়ার সবচেয়ে প্রাকৃতিক সম্পদে সমৃদ্ধ এবং ভূ-কৌশলগত ভাবে গুরুত্বপূর্ণ এ দেশের সাথে কৌশলগত ও বাণিজ্যিক সম্পর্কের জন্য বর্তমানে পশ্চিমা দেশগুলো আগ্রাসী ভূমিকা গ্রহণ করেছে। পূর্বে শুধুমাত্র চীন ও ভারত মায়ানমারের সাথে বাণিজ্যিক ও কৌশলগত সর্ম্পক বজায় রেখেছিল, আর পশ্চিমা দেশগুলো বর্জন করেছিল। কিন্তু প্রাকৃতিক সম্পদ বিশেষ করে জ্বালানির উৎসের দখল এবং চীনের প্রভাব বলয় হতে মুক্ত করতে পশ্চিমা দেশগুলো বিশেষ করে মার্কিন যুক্তরাষ্ট্র সম্প্রতিকালে মায়ানমারের সাথে সর্ম্পক উন্নয়নে অতি তৎপর হয়েছে। অদূর ভবিষ্যতে তিন নৌশক্তি; যুক্তরাষ্ট্র, ভারত ও চীনের প্রতিযোগিতার ফলে এ অঞ্চলে উত্তেজনা বৃদ্ধি পেতে পারে। বাংলাদেশসহ বঙ্গোপসাগরের উপকূলীয় অন্যান্য দেশ নিজস্ব নৌবাণিজ্য অব্যাহত রাখা এবং সামুদ্রিক সম্পদ আহরণ ও রক্ষার জন্য নিজ সমুদ্র এলাকায় পাহারা, বহিঃশত্রু ও জলদস্যু আক্রমণ থেকে রক্ষা করার জন্য সীমিত আকারের নৌবাহিনী গড়ে তুলেছে।

উপসংহার

যুগে যুগে বঙ্গোপসাগরের ব্যবহারের রূপান্তর ঘটেছে। বর্তমানে এ সাগরে নৌবাণিজ্য আর সম্পদ আহরণের গুরুত্ব ক্রমেই বৃদ্ধি পাচ্ছে। এ সাগরকে জনগণের কল্যাণে ব্যবহারের জন্য গবেষণা, সম্পদের অনুসন্ধান, আহরণ ও সংরক্ষণের প্রয়োজন। তাছাড়া দেশের অর্থনৈতিক কর্মকান্ড চালু রাখা, সামুদ্রিক সম্পদের আহরণ, সংরক্ষণ ও নিরাপত্তা প্রদান এবং অবাধ নৌ বাণিজ্য নিশ্চিত করতে প্রয়োজনীয় নিরাপত্তা

ব্যবস্থা গ্রহণ করতে হবে। এ জন্য বাংলাদেশ কোস্টগার্ড ও বাংলাদেশ নৌবাহিনীকে শক্তিশালী করা প্রয়োজন। তবে সমুদ্রে পরস্পরের সাথে সহযোগিতার দ্বার উন্মোচন করতে হবে। এ অঞ্চলের সম্ভাব্য বৃহৎ নৌশক্তির উপস্থিতির ফলে উত্তেজনার সৃষ্টি হলে বাংলাদেশকে ভারসাম্যপূর্ণ কুটনৈতিক অবস্থান গ্রহণ করতে হবে।

তথ্যসূত্র:

১। Alam, Rear Admiral Mohammad Khurshed, ndc, psc, BN (retd), Bangladesh's Maritime Challenges in the 21st Century, Pathak Shamabesh, Dhaka, 2004.

২। The Periplus of the Erythrean Sea-Travel and Trade in the Indian Ocean by a Merchant of the First Century, Longmans, Green and Co, NY, US, 1912.

৩। মৃধা, ড. শহিদুল্লাহ, বঙ্গোপসাগর : সমুদ্র বিজ্ঞান (প্রথম খন্ড), বাংলা একাডেমি, ঢাকা, জুন ১৯৯৫।

৪। মৃধা, ড. শহিদুল্লাহ, বঙ্গোপসাগর : জীব সমুদ্র-বিজ্ঞান ও সমুদ্র সম্পদ (দ্বিতীয় খন্ড), বাংলা একাডেমি, ঢাকা, জুন ১৯৯৫।

৫। Roy, Atul Chandra, A History of Mughal Navy and Naval Warfares, The World Press Private Ltd, Calcutta, 1972.

৬। হক, সৈয়দ আহমাদুল, চট্টগ্রামের শিল্প ও বাণিজ্য, নজরুল ইসলাম চৌধুরী ও সৈয়দ আহমাদুল হক, চট্টগ্রাম, ১৩৯৫ বঙ্গাব্দ।

৭। List of Cases No. 16, Judgement on Dispute Concerning Delimitation of the Maritime Boundary between Bangladesh and Myanmar in the Bay of Bengal, International Tribunal for the Law of the Sea, 14 March 2012, http://www.itlos.org/fileadmin/itlos/documents/cases/case_no_16/1-C16_Judgment _14_02_2012.pdf, accessed on 15 March 2012.

৮। http://www.emcs.or.jp/guidebook/eng/pdf/17bengal.pdf accessed on 25 Nov 2011.

ক্যাপ্টেন মাহবুব-উল ইসলাম, (এন), পিএসসি, বিএন *১৯৮৬ সালে বাংলাদেশ নৌবাহিনীতে কমিশন লাভ করেন। তিনি ব্রিটানিয়া রয়েল নেভাল কলেজ এবং স্কুল অফ মেরিটাইম অপারেশন্স, যুক্তরাজ্য থেকে যথাক্রমে ইন্টারন্যাশনাল মিডশিপম্যান কোর্স ও ইন্টারন্যাশনাল সাব লেফটেন্যান্টস কোর্স সম্পন্ন করেন। পেশাগত জীবনে তিনি নৌবাহিনীর বিভিন্ন পেট্রোল ক্রাফট, ফ্রিগেট ও ঘাঁটিতে বিভিন্ন পদে এবং নৌ সদর দপ্তরে স্টাফ অফিসার হিসেবে দায়িত্ব পালন করেন। তিনি ভারতে নেভিগেশন স্পেশালাইজেশন কোর্স এবং মিরপুর স্টাফ কলেজ থেকে ও নেভাল ওয়ার কলেজ যুক্তরাষ্ট্র হতে স্টাফ কোর্স সম্পন্ন করেন। তিনি উত্তর ইরাকে জাতিসংঘ মিশনে দায়িত্ব পালন করেন। দুটি ফ্রিগেটের অধিনায়কত্বের পর বর্তমানে তিনি নৌসদরে পরিচালক, নৌ পরিকল্পনা হিসেবে দায়িত্ব পালন করছেন।*

বিশ্বশান্তি প্রতিষ্ঠায় আত্মত্যাগ : একটি স্মৃতিময় অভিজ্ঞতা

স্কোয়াড্রন লিডার মোঃ শাহজালাল, জিডি (পি)

ভূমিকা

বিশ্বশান্তি প্রতিষ্ঠায় বাংলাদেশ সশস্ত্র বাহিনীর ভূমিকা এক গৌরবজনক অধ্যায়। ১৯৮৮ সালে ইরাক-ইরান যুদ্ধে পর্যবেক্ষক প্রেরণের মধ্য দিয়ে শুরু হয়েছিল যার অগ্রযাত্রা। আজ সেই বাংলাদেশ বিশ্বের অন্যতম সর্বোচ্চ সংখ্যক শান্তিরক্ষী প্রেরণকারী দেশ এবং জাতিসংঘ শান্তিরক্ষী বাহিনীর এক অবিচ্ছেদ্য অঙ্গ। শান্তি প্রতিষ্ঠায় আজ সারা বিশ্বে বাংলাদেশ সশস্ত্র বাহিনী আন্তরিকভাবে সমাদৃত। এর পেছনে একদিকে যেমন রয়েছে সশস্ত্র বাহিনীর প্রতিটি সদস্যের পেশাদারিত্ব, কর্তব্যপরায়ণতা, সততা, নৈপূণ্য, দায়িত্ববোধ এবং মানুষের প্রতি অসীম ভালবাসা; আর অন্যদিকে রয়েছে সর্বোচ্চ আত্মত্যাগ। শান্তিরক্ষার মহান কর্তব্য পালনে এ পর্যন্ত বাংলাদেশে সশস্ত্র বাহিনীর ৯৬ জন শান্তিরক্ষী জীবন উৎসর্গ করেছেন। তাঁদের মধ্যে রয়েছেন সেনাবাহিনীর ৯১ জন, বিমান বাহিনীর ৪ জন এবং নৌবাহিনীর ১ জন সদস্য। তাঁদেরই কিছু সদস্যের হৃদয়বিদারক আত্মত্যাগের কাহিনী নিয়ে আজকের এই লেখনী।

গণপ্রজাতন্ত্রী কঙ্গোয় শান্তিরক্ষা কার্যক্রমে বাংলাদেশ বিমান বাহিনী

প্রকৃতির অপরূপ সৌন্দর্য এবং সম্পদে ভরপুর মধ্য আফ্রিকার একটি দেশ গণপ্রজাতন্ত্রী কঙ্গো। কিন্তু পারস্পরিক অন্তঃকলহ, হানাহানি ও বহিঃশক্তির প্রভাবে দেশটির সহজ সরল সাধারণ জনগণের মধ্যে নেমে আসে চরম বিপর্যয়। ভেঙ্গে পড়ে শাসন ব্যবস্থা, স্থবির হয়ে পড়ে স্বাভাবিক কার্যক্রম। নিজ দেশেই হয়ে পড়ে তারা নিঃস্ব ও উদ্বাস্তু। জনগণের নিরাপত্তা ও সীমাহীন দুর্ভোগ থেকে পরিত্রাণের জন্য ১৯৬০ সাল থেকেই এ দেশটিতে চলে আসছে জাতিসংঘের শান্তিরক্ষা কার্যক্রম। এ শান্তিরক্ষা কার্যক্রম United Nations Organization Mission in the Democratic Republic of the Congo (MONUC) এ ২০১২ সালে যোগ দেয় বাংলাদেশ সেনাবহিনী। জাতিসংঘ শান্তিরক্ষা মিশনে বাংলাদেশ সেনাবাহিনীর ইউনিট ব্যানব্যাট নামে পরিচিত। আর ২০০৩ সালে অন্তর্ভুক্ত হয় ৫টি হেলিকপ্টারসহ বাংলাদেশ বিমান বাহিনীর একটি ইউটিলিটি এভিয়েশন ইউনিট এবং একটি এয়ার ফিল্ড সার্ভিসেস ইউনিট, সম্মিলিতভাবে যা ব্যানএয়ার কন্টিনজেন্ট নামে পরিচিত। ব্যানএয়ারের অবস্থান ছিল দেশটির উত্তর-পূর্বাঞ্চল বুনিয়া এলাকায়, যা ৬ নম্বর সেক্টর নামে পরিচিত। এ অঞ্চলের শান্তিরক্ষা কার্যক্রমে নিয়োজিত রয়েছে জাতিসংঘ শান্তিরক্ষী বাহিনীর ইতুরি বিগ্রেড। শুরু থেকেই ব্যানএয়ারের কন্টিনজেন্ট দুটি অত্যন্ত পেশাদারিত্ব, দক্ষতা ও সাহসিকতার সাথে দায়িত্ব পালন করে আসছে। বিভিন্ন দেশের মোতায়েনকৃত শান্তিরক্ষীদের প্রয়োজনীয় সহায়তা যেমন; সেনা চলাচল, রসদ সরবরাহ, অভিযান পরিচালনায় সার্বক্ষণিক সহায়তা (সৈন্য গমন/প্রত্যাগমন) উদ্ধার ও অনুসন্ধান, হতাহতদের স্থানান্তর, এয়ার ট্রাফিক কন্ট্রোল, আবহাওয়ার পূর্বাভাস, যাত্রী ও মালামাল চলাচল নিয়ন্ত্রণ, বিমানবন্দর ব্যবস্থাপনা ইত্যাদি ছাড়াও বিভিন্ন ধরনের মানবিক ও উন্নয়নমূলক কার্যক্রম সফলভাবে সম্পন্ন করার কারণে ব্যানএয়ার হয়ে উঠে সকলের মধ্যমণি এবং কঙ্গোয় জাতিসংঘ শান্তিরক্ষা কার্যক্রমের এক অপরিহার্য অংশ। ব্যানএয়ারের কার্যক্রম শুধু বুনিয়া এলাকাতেই সীমাবদ্ধ থাকেনি। জাতিসংঘের অনুরোধে নিজ দায়িত্বাধীন এলাকার বাইরেও অন্যান্য সেক্টরের অধীনে সুদূর গোমা, কিসাংগানি, জেমিনা ইত্যাদি এলাকাতেও বিভিন্ন ধরনের দুঃসাহসিক কার্যক্রমে অংশগ্রহণ করে আসছে। সাফল্য ও স্বীকৃতির ধারাবাহিকতায় পরবর্তীতে ২০১০ সালে বিমান বাহিনীর সুপরিসর সি-১৩০ পরিবহন বিমান কঙ্গোয় জাতিসংঘ শান্তিরক্ষা কার্যক্রমে অন্তর্ভুক্ত করা হয়।



ব্যানএয়ারের অবস্থান

ব্যানএয়ারে আমার প্রথম দিনের অভিজ্ঞতা

২০০৪ সালে বাংলাদেশ ইউটিলিটি এভিয়েশন ইউনিট-২ এর একজন সদস্য হিসেবে জাতিসংঘ শান্তিরক্ষী বাহিনীতে অংশগ্রহণ করার সুযোগ আসে। প্রয়োজনীয় প্রস্তুতি শেষ করে ২০০৪ সালের ১১ আগস্ট

ভোর পাঁচটায় যাত্রা শুরু করলাম কঙ্গোর উদ্দেশ্যে। দীর্ঘ ৭ হাজার কি.মি. পথ যাত্রা শেষে পৌঁছলাম উগান্ডার এনতেবে (Entebbe) বিমান বন্দরের জাতিসংঘ ট্রানজিট ক্যাম্পে। এরপর থেকে জাতিসংঘ বিমান যোগে কঙ্গোর বুনিয়া শহরের ব্যানএয়ার ক্যাম্পে আগমন হয় আমার। পর্যায়ক্রমে এখানকার করণীয় সম্পর্কে চলতে থাকল বিভিন্ন ধরনের ব্রিফিং। সন্ধ্যে ঘনিয়ে আসতেই শুনতে পেলাম মুহুর্মুহু গুলির শব্দ। দেখলাম ক্যাম্পের উপর দিয়ে ঝাঁকে ঝাঁকে ছুটে যাচ্ছে ট্রেসার রাউন্ড। প্রত্যুত্তরে বুনিয়া এয়ার ফিল্ডের নিরাপত্তায় নিয়োজিত শান্তিরক্ষীরাও গোলাগুলির শব্দে প্রকম্পিত করে তুলল গোটা এলাকা। আমার জন্য এ ছিল এক অন্যরকম অভিজ্ঞতা। রোমাঞ্চিত হলেও অবাক হইনি। প্রাথমিকভাবে এখানকার সার্বিক অবস্থার ভয়াবহতা অনুধাবন করে শান্তিরক্ষার মহান প্রয়াসে আন্তরিকভাবে অর্পিত কর্তব্য সম্পাদনে সচেষ্ট হই।

বেদনার স্মৃতিময় একটি দিন

সবকিছু যখন স্বাভাবিক গতিতে চলছিল ঠিক তখনই ২০০৫ সালের ২৫ ফেব্রুয়ারি সকাল আনুমানিক দশটায় খবর এল ব্যানব্যাটের একটি দল মিলিশিয়াদের দ্বারা আক্রান্ত হয়েছে। জরুরি সাহায্যের প্রয়োজন। প্রাথমিকভাবে তাদের কোন সুনির্দিষ্ট অবস্থান, হতাহতের সংখ্যা অথবা কি ধরনের সহায়তার প্রয়োজন সে সম্পর্কে বিস্তারিত কোন তথ্য ছিল না। তা সত্ত্বেও MONUC মিশন সদর দপ্তর কর্তৃপক্ষের প্রয়োজনীয় নির্দেশ পাওয়ার পর ব্যানব্যাটের একটি উদ্ধারকারী কমান্ডোদলসহ ব্যানএয়ারের দুটি এম আই-১৭ হেলিকপ্টার খুব দ্রুত উড্ডয়ন করে। একটি হেলিকপ্টারের পাইলট হিসেবে ছিলেন উইং কমান্ডার মাহমুদুন্নবী ও ফ্লাইট লেফটেন্যান্ট (বর্তমানে স্কোয়াড্রন লিডার) ইসতিয়াক এবং অপর হেলিকপ্টারে ছিলেন ফ্লাইট লেফটেন্যান্ট (বর্তমানে স্কোয়াড্রন লিডার) সৈয়দ রকিবুল হাসান ও আমি।

ক্যাফে (Kafwe) ক্যাম্পের অবস্থান

এখানে উল্লেখ করা প্রয়োজন, এ ঘটনার কিছুদিন আগে বুনিয়া থেকে প্রায় ৩০ কি.মি. পূর্বে ক্যাফে (Kafwe) নামক স্থানে স্থানীয় জনগণের নিরাপত্তা বিধানের জন্য ব্যানব্যাটের একটি ক্যাম্প স্থাপন করা হয়। এলাকাটি ছিল খুবই দুর্গম এবং যোগাযোগ বিচ্ছিন্ন। তিনদিক সুউচ্চ পাহাড়ে ঘেরা এবং অপরদিকে সুবিশাল হ্রদ এলবার্ট। একমাত্র হেলিকপ্টারের মাধ্যমেই ক্যাম্পটিতে প্রয়োজনীয় রসদ, পানি এবং অন্যান্য চিকিৎসা সামগ্রী পৌঁছানো হত।

ঘটনার দিনে ব্যানএয়ারের হেলিকপ্টার নিয়ে জাতিসংঘের দুটি এমআই-৩৫ এ্যাটাক হেলিকপ্টারের ছত্রছায়ায় প্রথমে ক্যাফে ক্যাম্পের দিকে যাই। নিকটবর্তী হয়ে আমরা প্রথমেই ক্যাম্পে অবস্থানরত ব্যানব্যাট সদস্যদের সাথে যোগাযোগ স্থাপন করি। তাদের মাধ্যমে জানা গেল ক্যাপ্টেন শহীদ আশরাফের নেতৃত্বে ব্যানব্যাটের ২০ জন সদস্যদের একটি দল পার্শ্ববর্তী এলাকায় নিয়মিত টহলে যায়। সর্বশেষ যোগাযোগ অনুযায়ী দলটি আক্রান্ত হবার সংবাদ দেয় এবং বেশ কিছুক্ষণ যাবৎ তারা সম্পূর্ণরূপে যোগাযোগ বিচ্ছিন্ন। এই তথ্যানুযায়ী আমরা ক্যাম্প সংলগ্ন এলাকায় অনুসন্ধান চালাতে থাকি। কিছুক্ষণ অনুসন্ধান তৎপরতার পর ক্যাম্প থেকে কয়েক কিলোমিটার উত্তর-পশ্চিম আকাশে একটি সাদা ধোঁয়ার কুণ্ডলী দৃষ্টিগোচর হয়। ধোয়ার উৎস অনুসন্ধান করে ব্যানএয়ারের প্রথম হেলিকপ্টারটি নিকটবর্তী এলাকায় গমন করে এবং কয়েকজন ব্যানব্যাট সদস্যের উপস্থিতি নিশ্চিত হবার পরে উক্ত স্থানে অবতরণ করে। তাদের দেয়া তথ্যানুযায়ী জানা যায় যে, ক্যাপ্টেন শহীদসহ দলটির একটি অংশ সম্পূর্ণরূপে বিচ্ছিন্ন হয়ে পড়েছে। এই তথ্যমতে হেলিকপ্টারগুলো থেকে আমরা আরো অধিক এলাকাজুড়ে ব্যাপক অনুসন্ধান শুরু করি। এক পর্যায়ে একটি হেলিকপ্টার হতে ভূমিতে দুজন মানুষের দেহ শায়িত অবস্থায় শনাক্ত করা হয়। অনেক সতর্কতাসহ ব্যানএয়ারের প্রথম হেলিকপ্টারটি সমুদ্রপৃষ্ঠ হতে প্রায় ৬২০০ ফুট সুউচ্চ দুর্গম পাহাড়ের শীর্ষে অবতরণ করে এবং তিনজন ব্যানব্যাট সদস্যের লাশ শনাক্ত ও উদ্ধার করে। অপর হেলিকপ্টারটি নিয়ে আমরা প্রথম হেলিকপ্টারকে অনুসরণ করে নিকটবর্তী এলাকায় গমন করি এবং পাহাড়ের চূড়ায় এবং ঢালে ছড়িয়ে ছিটিয়ে থাকা লাশগুলোর অবস্থান নির্ণয় করে উক্ত এলাকায় অবতরণ করি ও ছয়জনের মৃতদেহ উদ্ধার করি।

মিলিশিয়া অধ্যুষিত খুবই দুর্গম এই এলাকায় কাজটি ছিল যেমন দুঃসাধ্য তেমনি ঝুঁকিপূর্ণ। কিন্তু

শান্তিরক্ষার মহান কর্তব্য ও প্রবল দেশপ্রেম আমাদের এ অসাধ্য সাধনে উদ্বুদ্ধ করে। হেলিকপ্টারগুলো থেকে কমান্ডোদের ঘটনাস্থলে মোতায়ন করার সময় এবং মৃতদেহগুলো উদ্ধার করার পর্যায়ে এমআই-৩৫ এ্যাটাক হেলিকপ্টার দ্বারা পাশ্ববর্তী মিলিশিয়া অবস্থানের উপর ক্রমাগত গোলাবর্ষণের মাধ্যমে নিরাপত্তা নিশ্চিত করা হচ্ছিল। এখানে উল্লেখ করা প্রয়োজন এলাকাটির দুর্গমতা এমন ছিল যে, পরবর্তীতে তদন্তদলসহ জাতিসংঘের একটি হেলিকপ্টার ঘটনাস্থলে অবতরণ করতে ব্যর্থ হয়।

মৃতদেহগুলো উদ্ধার করার পরে আমরা বুনিয়ায় অবস্থিত ঘাঁটির উদ্দ্যেশে যাত্রা শুরু করি। বেতার যোগাযোগের মাধ্যমে বিষয়টি যথাযথ কর্তৃপক্ষকে জানানো হয়। ঘটনার আকস্মিকতায় প্রাথমিকভাবে সকলে শোকে বিহ্বল হয়ে পড়ে। মুহূর্তেই এ হৃদয়বিদারক সংবাদটি গণপ্রজাতন্ত্রী কঙ্গো ছাপিয়ে ছড়িয়ে পড়ে বাংলাদেশসহ গোটা বিশ্বে। শোকে মূহ্যমান হয়ে পড়ে গোটা বাঙালি জাতি। এ ঘটনার নিন্দা ও সমবেদনা জানায় আন্তর্জাতিক সম্প্রদায়।

এ ঘটনার ফলে নির্দেশ আসে আরো অধিকসংখ্যক সৈন্য ঘটনাস্থলে মোতায়েন করার। দুর্যোগপূর্ণ আবহাওয়া এবং ঝুঁকিপূর্ণ দুর্গম এলাকা হওয়া সত্ত্বেও ব্যানএয়ারের হেলিকপ্টারগুলো প্রায় কয়েক শতাধিক শান্তিরক্ষী ঘটনাস্থলে মোতায়েন করে। পরবর্তীতে দুর্বৃত্তদের দমনে আরও অনেক অভিযান পরিচালনা করা হয় যার সবগুলোতেই ব্যানএয়ারের ভূমিকা ছিল অত্যন্ত গুরুত্বপূর্ণ।

কঙ্গোর বর্তমান অবস্থা

এরই মধ্যে ২০১০ সালে দ্বিতীয়বারের মতো আবার আমার সুযোগ হয় কঙ্গোর জাতিসংঘ শান্তিরক্ষা কার্যক্রমে অংশগ্রহণ করার। কিন্তু এবারের চিত্র সম্পূর্ণ ভিন্ন। এ যেন অন্যরকম এক কঙ্গো। আগের মতো নেই যুদ্ধাবস্থা, নেই কোন ধ্বংসাবশেষের চিহ্ন। দূর হয়েছে জনগণের চোখ-মুখের আতঙ্কের ছাপ। জনসাধারণ ফিরে এসেছে স্বাভাবিক কার্যক্রমে। চলছে স্কুল, কলেজ আর অফিস-আদালত। প্রসার ঘটেছে ব্যবসা-বাণিজ্যের, উন্নতি ঘটেছে যোগাযোগ ব্যবস্থার। আগে যেমন কোথাও বের হলে নিতে হত পূর্ণ সামরিক সজ্জা, কিন্তু বর্তমানে বিশ্বের অন্যান্য শহরের মতোই চলাচলে এখানে এসেছে স্বাভাবিকতা ও প্রাণচাঞ্চল্য। জাতিসংঘ বাহিনীর কার্যক্রমেও এসেছে পরিবর্তন। নেই আগের মত শান্তি প্রতিষ্ঠার কার্যক্রম, আছে স্বাভাবিক কার্যক্রমে সহায়তা করার অঙ্গীকার। এ যেন অবাক বিস্ময়ে দেখছি এদেশের প্রকৃতির সাথে মানানসই অন্যরকম এক কঙ্গো। অধিকাংশ ক্ষেত্রেই আমাদের কার্যক্রম সীমিত ছিল (MONUSCO-United Nations Organization Stabilization Mission in the Democratic Republic of Congo) এ নিয়োজিত শান্তিরক্ষী সেনাদের এবং অন্যান্য মানবিক কার্যক্রমে সহায়তা প্রদান।

উপসংহার

জাতিসংঘ শান্তিরক্ষী বাহিনীর এ ধরনের অনেক আত্মত্যাগ ও অক্লান্ত প্রচেষ্টায় সম্ভব হয়েছে দেশটিতে শান্তি ফিরিয়ে আনার। শান্তিপূর্ণ নির্বাচনের মাধ্যমে প্রতিষ্ঠিত হয়েছে গণতান্ত্রিক সরকার। এ অধ্যায়ে এসে এখন মনে হচ্ছে এ দৃশ্য শান্তিরক্ষী বাহিনীর শত প্রচেষ্টা ও আত্মত্যাগেরই ফসল। শান্তি প্রতিষ্ঠায় যারা অকাতরে বিলিয়ে গেলেন প্রাণ তাঁদের ত্যাগ যেন যথার্থরূপে পূর্ণতা পেয়েছে। হয়েছে শতভাগ সফল। কঙ্গোর জনগণের স্মৃতিতে চিরকাল তাঁরা হয়ে থাকবেন অম্লান এক শান্তি প্রতিষ্ঠাকারী বিজয়ী বীররূপে। তাঁদের আত্মার মাগফিরাত কামনা করছি ।

স্কোয়াড্রন লিডার মোঃ শাহজালাল ২৫ নভেম্বর ১৯৯৯ সালে বিমান বাহিনীতে জিডি(পি) শাখায় কমিশন লাভ করেন। তিনি স্পেশাল সিকিউরিটি ফোর্স (এস এস এফ) এর উপপরিচালক হিসেবে দায়িত্ব পালন করেন। ২০০৪-২০০৫ এবং ২০১০-২০১১ সালে তিনি পাইলট হিসেবে ব্যানএয়ার কন্টিনজেন্টের সাথে ডি আর কঙ্গোতে জাতিসংঘ শান্তিরক্ষা মিশন MONUC ও MONUSCO -তে অংশগ্রহণ করেন। বর্তমানে তিনি বাংলাদেশ বিমান বাহিনীর ১নং স্কোয়াড্রনে পাইলট হিসেবে দায়িত্ব পালন করছেন।

HISTORIC MARCH 1971 AND INITIAL RESISTANCE AGAINST OCCUPATION FORCES

Brigadier General Md Sarwar Hossain, hdmc, psc

Introduction

Around 1970, the Bengalee resentment against Pakistani military and the capitalist elite rose to the peak, which was clearly reflected in the result of December 1970's General Election. The rhetoric of Bengalee nationalism not only threatened the military dictators but the whole edifice of the capitalist state and the political players in the West. Supposedly, the people in the East expected a swift transfer of power, instead of which the Pakistan authority had utilized the electoral process as a measure to contain the nationalist fervour of the Bengalee people. The post election parleys couldn't even deliver an acceptable solution. Anticipating the signs of Bengalee conviction to ascend to power, they resorted to military action.

The "Operation Searchlight" began on the night of March 25, 1971 when the Pakistani military command pushed its forces across the traditional military inhibitions to go for mass murders, rapes and plundering that silenced the lifestyle of the major cities across the country. The concept of Operation Searchlight was inspired by the My Lai massacre that U.S. Army carried out in Vietnam. The Pakistani regiments engaged in the genocide in the same manner as practised under General Gracey in Vietnam. Known as "Butcher of Beluchistan", General Tikka Khan also joined the team replacing the Governor of East Pakistan Vice Admiral Syed Mohammad Ahsan who used to be regarded for his compassion.

No army - how mighty be it may — can ever defeat a people who have decided to fightback. As such, Pakistani estimate of one month time for accomplishing the mission turned into a ceaseless struggle for long nine months. The Bengalee people resisted all over under the leadership of handful of military officers who managed to escape from their units to join the war. The war started unfolding in its dimension and kind at unprecedented cost in lives and blood. The initial resistance phase had been the costliest one though, but it gave us resilience and resolve to take the fight to an eventual victory. 1971 war is a huge canvass with an assorted dimensions. This paper will therefore include the important events of March 1971 leading to the outbreak of war and the initial resistance offered by the freedom fighters of central region.

Post Election Parleys

Post-election reaction saw mixed opinion from the Pakistani political and military hieracrchy. Initial reaction of General Yahya was as it should have been. "As far as I am concerned my job is finished", said the President immediately after the election result had been announced. Constitutionally, Sheikh Mujibur Rahman was to take over as Prime Minister of undivided Pakistan. Many in the military hierarchy including the Director General of the powerful Inter-service Intelligence could not accept the election result. Bhutto assumed political control in the West and was not ready to sit in the opposition. " No constitution could be made," said the civilian dictator and feudal landlord "without Pakistan Peoples Party's cooperation."

No Light in Sight

